প্রভাব মূল্যায়ন প্রতিবেদন

বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ (সংশোধিত) প্রকল্প

পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মে ২০২৪

প্রভাব মূল্যায়ন প্রতিবেদন

বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ (সংশোধিত) প্রকল্প

পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মে ২০২৪

সূচিপত্র

বিবরণ		পৃষ্ঠা
নির্বাহী সার-সংক্ষেপ		viii
শব্দসংক্ষেপ		x
শব্দকোষ		xi
	প্রথম অধ্যায়ঃ প্রকল্পের বিবরণ	
১.১	ভূমিকা	১
১.২	প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ	২
১.৩	প্রকল্পের উদ্দেশ্য (ডিপিপি অনুযায়ী)	২
১.৪	প্রকল্পের প্রধান কাজসমূহ	২
১.৫	প্রকল্প অনুমোদন, সংশোধন মেয়াদ ও ব্যয় হ্রাস-বৃদ্ধি	৩
১.৬	প্রকল্পের অর্থায়নের অবস্থা	৩
১.৭	প্রকল্পের বছর ভিত্তিক আর্থিক ও বাস্তব পরিকল্পনা	৪
১.৮	ডিপিপি অনুযায়ী ক্রয় কার্যক্রম	৫
১.৯	প্রকল্পের লগফ্রেম (ডিপিপি থেকে উদ্ধৃত)	৬
১.১০	প্রকল্পের টেকসইকরণ পরিকল্পনা	৭
১.১১	পিসিআর সংক্রান্ত তথ্য	৭
	দ্বিতীয় অধ্যায়ঃ সমীক্ষার কার্যপদ্ধতি (Methodology)	
২.১	পরামর্শকের কার্যপরিধি ও দায়িত্ব (TOR)	৮
২.২	সমীক্ষার কার্যক্রমের কার্যপদ্ধতি	৯
২.৩	সমীক্ষার কৌশলগত পদ্ধতি (Technical Approach)	৯
২.৪	সমীক্ষার বিশ্লেষণগত কাঠামো	৯
২.৫	সমীক্ষার ধারণা	৯
২.৬	সমীক্ষার কর্মপদ্ধতি	১১
২.৭	সমীক্ষার এলাকা নির্ধারণ	১১
২.৮	জরিপ পদ্ধতি	১২
২.৯	তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ পদ্ধতি	১৩
	২.৯.১ মাঠ কর্মী এবং সুপারভাইজার নিয়োগ	১৩
	২.৯.২ তথ্য সংগ্রহের উপকরণ প্রণয়ন (প্রশ্নমালা ও চেকলিস্ট)	১৪
	২.৯.৩ প্রশিক্ষণ উপকরণ চূড়ান্তকরণ ও সার্ভে পরিকল্পনা প্রণয়ন ও যাচাইকরণ	১৪
	২.৯.৪ সাক্ষাৎকার গ্রহণ	১৫
	২.৯.৫ গুণগত পদ্ধতির ব্যবহার	১৫
	২.৯.৫.১ কি ইনফরমেন্টস ইন্টারভিউ	১৫
	২.৯.৫.২ ফোকাস গ্রুপ আলোচনা	১৫
	২.৯.৬ কেস স্টাডি	১৬
	২.৯.৭ স্থানীয় পর্যায়ের কর্মশালা	১৬
	২.৯.৮ তথ্য সংগ্রহ উপকরণের তথ্য	১৭
২.১০	তথ্য বা ডাটা এডিটিং ও কোডিং	১৭
২.১১	তথ্য বা ডাটা বিশ্লেষণ এবং রিপোর্ট প্রস্তুতকরণ	১৭

২.১২	প্রকল্পের SWOT বিশ্লেষণ		১৭
২.১৩	প্রতিবেদন প্রস্তুতকরণ ও দাখিল		১৭
	২.১৩.১	প্রারম্ভিক প্রতিবেদন প্রণয়ন	১৭
	২.১৩.২	প্রথম খসড়া প্রতিবেদন প্রণয়ন	১৭
	২.১৩.৩	দ্বিতীয় খসড়া প্রতিবেদন প্রণয়ন	১৭
	২.১৩.৪	জাতীয় কর্মশালার আয়োজন	১৭
	২.১৩.৫	চূড়ান্ত খসড়া প্রতিবেদন প্রণয়ন	১৮
২.১৪	সমীক্ষায় প্রদেয় প্রতিবেদনসমূহ		১৮
২.১৫	প্রভাব মূল্যায়নের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা		১৯
	তৃতীয় অধ্যায়ঃ	**ফলাফল বিশ্লেষণ ও পর্যালোচনা**	
৩.১	**প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা**		২০
	৩.১.১	প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন	২০
	৩.১.২	প্রকল্পের অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয়; এডিপি বরাদ্দ, প্রকৃত ব্যয় এবং কার্যক্রমের অগ্র অগ্রগতি	২১
	৩.১.৩	প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব বাস্তবায়ন	২২
	৩.১.৪	প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব লক্ষমাত্রা অর্জন	২২
	৩.১.৫	পিসিআর বিশ্লেষণ	২৩
৩.২	**প্রকল্পের ক্রয় কার্যক্রম**		২৪
	৩.২.১	ক্রয় পরিকল্পনার বিশ্লেষণ	২৪
	৩.২.২	ক্রয় কার্যক্রমের বিশ্লেষণ	২৫
	৩.২.২.১	প্রকিউরমেন্ট এর কেস স্টাডি (প্যাকেজ নং-WD-১)	২৬
	৩.২.২.২	প্রকিউরমেন্ট এর কেস স্টাডি (প্যাকেজ নং-WD-২)	২৭
	৩.২.৩	মালামালের ইনভেন্টরি	২৯
	৩.২.৪	গুণগত মান যাচাই	৩০
	৩.২.৪.১	সরজমিনে প্রকল্প স্থান পরিদর্শন ও পর্যবেক্ষণ	৩০
	৩.২.৪.২	সরজমিনে ভবনের বৈদ্যুতিক উপকেন্দ্র ও সংযোগ, অগ্নি নির্বাপক ব্যবস্থা পরিদর্শন ও পর্যবেক্ষণ	৩৩
	৩.২.৪.৩	নির্মাণ কাজে ব্যবহৃত মালামালের ল্যাব টেস্টের রির্পোট পর্যালোচনা	৩৫
৩.৩	**প্রকল্পের উদ্দেশ্য অর্জন**		৩৭
	৩.৩.১	প্রকল্পের উদ্দেশ্য অর্জন অবস্থা পর্যালোচনা	৩৭
	৩.৩.২	লগ-ফ্রেম এর অনুযায়ী প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য, আউটপুট অর্জন ও ফলাফল পর্যালোচনা	৩৮
	৩.৩.৩	প্রকল্পের কার্যক্রমসমূহ বাস্তবায়নের ফলে প্রভাব পর্যালোচনা	৩৯
৩.৪	**প্রকল্প ব্যবস্থাপনা পর্যালোচনা**		৪০
	৩.৪.১	প্রকল্পের পরিচালক সংক্রান্ত তথ্যাদি	৪১
	৩.৪.২	প্রকল্পের আওতায় জনবল নিয়োগ পর্যালোচনা	৪২
	৩.৪.৩	প্রকল্প বাস্তবায়ন কমিটি ও প্রকল্প স্টিয়ারিং কমিটি	৪২
	৩.৪.৪	প্রকল্প বাস্তবায়ন কমিটি	৪২
	৩.৪.৫	প্রকল্প স্টিয়ারিং কমিটি	৪৪
	৩.৪.৬	প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট বিভাগ/সংস্থাসমূহের পরিদর্শন পর্যালোচনা	৪৯
	৩.৪.৭	অডিট	৪৯
৩.৫	**প্রকল্পের প্রভাব মূল্যায়ন**		
	৩.৫.১	প্রাপ্ত ফলাফল উপস্থাপন ও বিশ্লেষণ	৫৩

	৩.৫.২	সেবা সংক্রান্ত তথ্যাদি	৫৩
	৩.৫.৩	উপকারভোগী হতে প্রাপ্ত ফলাফল পর্যালোচনা	৫৩
	৩.৫.৪	উত্তরদাতাদের পুরুষ/মহিলা অনুপাত, শিক্ষাগতযোগ্যতা এবং পেশা এর তথ্য বিশ্লেষণ	৫৮
	৩.৫.৫	প্রকল্পটি বাস্তবায়নের ফলে সুযোগ সুবিধা বিষয়ক প্রভাব পর্যালোচনা	৫৮
	৩.৫.৬	কী ইনফরমেন্টস ইন্টারভিউ (KII)	৫৮
	৩.৫.৭	ফোকাস গ্রুপ আলোচনা (FGD)	৬০
	৩.৫.৮	স্থানীয় পর্যায়ের কর্মশালা	৬২
	৩.৫.৯	জাতীয় পর্যায়ের কর্মশালা	৬৩
	৩.৫.১০	কেস স্টাডি (Case Study)	৬৫
	৩.৫.১১	টেকসইকরণ সম্পর্কিত	৬৬
	চতুর্থ অধ্যায়ঃ	**প্রকল্পের সবলদিক, দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি বিশ্লেষণ**	
৪.১	SWOT বিশ্লেষণ		৬৯
	৪.১.১	প্রকল্পের সবল দিকসমূহ	৬৯
	৪.১.২	প্রকল্পের দুর্বল দিকসমূহ	৬৯
	৪.১.৩	প্রকল্পের সুযোগসমূহ	৭০
	৪.১.৪	প্রকল্পের ঝুঁকিসমূহ	৭০
	পঞ্চম অধ্যায়ঃ	**পর্যালোচনার ভিত্তিতে সার্বিক পর্যবেক্ষণ ও ফলাফল**	
৫.১	ডিপিপি ও আরডিপিপি অনুমোদন ও সংশোধন পর্যালোচনা ও পর্যবেক্ষণ		৭১
৫.২	প্রকল্পের মেয়াদ সংশোধনের কারণ		৭১
৫.৩	প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও প্রকৃত বাস্তবায়ন		৭১
৫.৪	প্রকল্পের ক্রয় কার্যক্রম বাস্তবায়ন		৭১
৫.৫	প্রকল্পের সমাপনি প্রতিবেদন পর্যালোচনা		৭২
৫.৬	লগ-ফ্রেমের আলোকে প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন পর্যবেক্ষণ		৭২
৫.৭	প্রকল্প পরিচালক		৭২
৫.৮	প্রকল্পের নির্মাণ সামগ্রীর গুণগতমান এবং অগ্নিনির্বাপক ব্যবস্থা		৭২
৫.৯	প্রকল্প বাস্তবায়নে অডিট আপত্তি নিস্পত্তিকরণ		৭৩
৫.১০			৭৩
৫.১১	সুবিধাভোগীদের মতামতের ফলাফল		৭৩
৫.১২	স্থানীয় কর্মশালা		৭৩
৫.১৩	প্রকল্পের টেকসইকরণ/ Exit Plan		৭৪
	ষষ্ঠ অধ্যায়ঃ	**সুপারিশ ও উপসংহার**	
৬.১	সুপারিশসমূহ		৭৬
৬.২	উপসংহার		৭৭

পরিশিষ্ট

পরিশিষ্ট-১	আর্থ-সামাজিক সমীক্ষার সাক্ষাৎকার প্রশ্নমালা ও গাইডলাইন	৭৮
পরিশিষ্ট-২	বাংলাদেশ ডাক অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনার গাইডলাইন	৮১
পরিশিষ্ট-৩	প্রকল্প পরিচালক মহোদয়ের সাথে আলোচনার গাইডলাইন	৮৩
পরিশিষ্ট-৪	পরামর্শক প্রতিষ্ঠানের টিম লিডারের সাথে আলোচনার গাইডলাইন	৮৫
পরিশিষ্ট-৫	নির্মাণ প্রতিষ্ঠানের স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারের সাথে আলোচনার গাইডলাইন	৮৬
পরিশিষ্ট-৬	নির্মাণ প্রতিষ্ঠানের সুপারভিশন ইঞ্জিনিয়ারের সাথে আলোচনার গাইডলাইন	৮৭
পরিশিষ্ট-৭	ক্রয়সংক্রান্ত তথ্য সংগ্রহের নিমিত্ত প্রকল্প পরিচালক মহোদয়ের সাথে আলোচনার গাইডলাইন	৮৮
পরিশিষ্ট-৮	পরামর্শক প্রতিষ্ঠানের সুপারভিশন ইঞ্জিনিয়ারের সাথে আলোচনার গাইডলাইন	৯৩
পরিশিষ্ট-৯	বাংলাদেশ ডাক অধিদপ্তরের পরিচালক (উন্নয়ন) মহোদয়ের সাথে আলোচনার গাইডলাইন	৯৪
পরিশিষ্ট-১০	বাংলাদেশ ডাক অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের সাথে আলোচনার গাইডলাইন	৯৫
পরিশিষ্ট-১১	যুগ্মসচিব (উন্নয়ন) মহোদয়ের সাথে আলোচনার গাইডলাইন	৯৭
পরিশিষ্ট-১২	উপসচিব (উন্নয়ন) মহোদয়ের সাথে আলোচনার গাইডলাইন	৯৯
পরিশিষ্ট-১৩	প্রকল্পটির প্রভাব মূল্যায়নের নিমিত্ত এফজিডি'র গাইডলাইন পরিচিতি ও গবেষণার উদ্দেশ্য বর্ণনা	৯৯
পরিশিষ্ট-১৪	Deformed M.S. Bar Hi. Tech G60.400, 25mm Dia	১০০
পরিশিষ্ট-১৫	Deformed M.S. Bar Hi. Tech G60.400, 12mm Dia	১০১
পরিশিষ্ট-১৬	Deformed M.S. Bar MAGNUM 400, 16mm Dia	১০২
পরিশিষ্ট-১৭	Deformed M.S. Bar MAGNUM 400, 12mm Dia	১০৩
পরিশিষ্ট-১৮	Deformed M.S. Bar MAGNUM 400, 10mm Dia	১০৪
পরিশিষ্ট-১৯	Deformed M.S. Bar MAGNUM 400, 16mm Dia	১০৫
পরিশিষ্ট-২০	Deformed M.S. Bar MAGNUM 400, 12mm Dia	১০৬
পরিশিষ্ট-২১	Deformed M.S. Bar MAGNUM 400, 10mm Dia	১০৭
পরিশিষ্ট-২২	Deformed M.S. Bar ASBRM 400 60G 16mm Dia	১০৮
পরিশিষ্ট-২৩	Deformed M.S. Bar ASBRM 400 60G 12mm Dia	১০৯
পরিশিষ্ট-২৪	Deformed M.S. Bar ASBRM 400 60G 10mm Dia	১১০
পরিশিষ্ট-২৫	Compressive Strength [ASTM C39] 31 days test	১১১
পরিশিষ্ট-২৬	Compressive Strength [ASTM C39] 19 days test	১১২
পরিশিষ্ট-২৭	Compressive Strength [ASTM C39] 34 days test	১১৩
পরিশিষ্ট-২৮	Compressive Strength [ASTM C39] 30 days test	১১৪
পরিশিষ্ট-২৯	Compressive Strength [ASTM C39] 16 days test	১১৫
পরিশিষ্ট-৩০	Compressive Strength [ASTM C39] 30 days test	১১৬
পরিশিষ্ট-৩১	Compressive Strength [ASTM C39] 28 days test	১১৭
পরিশিষ্ট-৩২	Compressive Strength [ASTM C39] 17 days test	১১৮
পরিশিষ্ট-৩৩	Compressive Strength [ASTM C39] 33 days test	১১৯
পরিশিষ্ট-৩৪	Compressive Strength [ASTM C39] 30 days test	১২০
পরিশিষ্ট-৩৫	Compressive Strength [ASTM C39] 28 days test	১২১
পরিশিষ্ট-৩৬	Compressive Strength [ASTM C39] 17 days test	১২২

সারণি

সারণি-০১	প্রকল্প অনুমোদন ও সংশোধন এবং ব্যয় হ্রাস
সারণি-০২	প্রকল্প অনুমোদন ও সংশোধন এবং ব্যয় হ্রাস/বৃদ্ধি
সারণি-০৩	প্রকল্পের অর্থায়নের অবস্থা
সারণি-০৪	প্রকল্পের বছর ভিত্তিক আর্থিক ও বাস্তব পরিকল্পনার তথ্য
সারণি-০৫	প্রকল্পের অধীনে পণ্য/মালামাল ক্রয়ের পরিকল্পনার তথ্য
সারণি-০৬	প্রকল্পের অধীনে পূর্ত কাজ ক্রয়ের তথ্য
সারণি-০৭	প্রকল্পের অধীনে সেবা কাজ ক্রয়ের তথ্য
সারণি-০৮	প্রকল্পের লগফ্রেম
সারণি-০৯	প্রভাব মূল্যায়ন সমীক্ষার নির্দেশক
সারণি-১০	সিটি কর্পোরেশন অনুযায়ী ওয়ার্ডসমূহ
সারণি-১১	প্রভাব মূল্যায়ন কার্যক্রমের আওতায় প্রকল্পটির তথ্যদাতার বিন্যাস
সারণি-১২	তথ্য -উপাত্ত সংগ্রহের উপকরণসমূহ
সারণি-১৩	কর্মকর্তাগণের উত্তরদাতা হিসেবে নির্বাচনের তথ্য
সারণি-১৪	তথ্যদাতার প্রকার অনুসারে তথ্যদাতার সংখ্যা, স্থান ও তথ্য সংগ্রহ উপকরণের তথ্য
সারণি-১৫	সময়ভিত্তিক কর্মপরিকল্পনার গ্যান্ট চার্ট এর তথ্য
সারণি-১৬	প্রকল্পের প্রধান প্রধান অঙ্গের ভৌত অগ্রগতি
সারণি-১৭	অর্থ বছরভিত্তিক প্রাক্কলন, এডিপি বরাদ্দ এবং প্রকৃত ব্যয় বিভাজন
সারণি-১৮	অর্থ বছরভিত্তিক প্রাক্কলন ও প্রকৃত ব্যয়
সারণি-১৯	প্রকল্পের অঙ্গভিত্তিক লক্ষমাত্রা ও বাস্তবায়ন
সারণি-২০	প্রকল্পের আওতায় মালামাল, কার্য এবং সেবা ক্রয় সংক্রান্ত তথ্য
সারণি-২১	প্রকল্পের আওতায় মালামাল, কার্য এবং সেবা ক্রয় সংক্রান্ত তথ্য
সারণি-২২	ডিজাইন অনুযায়ী কলাম ও বীমের রডের পরিমাণ এবং পরীক্ষার পর প্রাপ্ত ফলাফলের তথ্য
সারণি-২৩	বিভিন্ন টেস্টের ফলাফল
সারণি-২৪	ডিজাইন স্ট্রেন্থ ও প্রাপ্ত ফলাফলের তুলনামূলক তথ্য
সারণি-২৫	প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য
সারণি-২৬	প্রকল্পের আওতায় জনবল নিয়োগের তথ্য
সারণি-২৭	পিআইসি সভার সিদ্ধান্তসমূহ ও সিদ্ধান্তের আলোকে গৃহীত ব্যবস্থাসমূহের তথ্য
সারণি-২৮	পিএসসি সভার সিদ্ধান্তসমূহ ও সিদ্ধান্তের আলোকে গৃহীত ব্যবস্থাসমূহের তথ্য
সারণি-২৯	অডিট সংক্রান্ত বিশ্লেষণ
সারণি-৩০	নিরীক্ষা আপত্তি এবং নিরীক্ষিত অফিসের জবাবসমূহ
সারণি-৩১	বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তরের সেবা সম্পর্কিত তথ্য
সারণি-৩২	সেবা প্রদানের ক্ষেত্রে প্রশাসনিক সমস্যা সম্পর্কিত মতামত

সারণি-৩৩	সেবা প্রদানের ক্ষেত্রে সমস্যা সম্পর্কিত মতামত
সারণি-৩৪	সেবা প্রদানে সমস্যা সম্পর্কিত মতামতের তথ্য
সারণি-৩৫	বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবন নির্মাণের ফলে সুযোগ-সুবিধার তথ্য
সারণি-৩৬	বাংলাদেশ ডাক অধিদপ্তরের ইভেন্ট/প্রোগ্রামসমূহের তথ্য
সারণি-৩৭	বাংলাদেশ ডাক অধিদপ্তরের সুনাম সংক্রান্ত তথ্য
সারণি-৩৮	বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবন নির্মাণ কাজের গুণগত তথ্য

লেখচিত্র

লেখ চিত্র-০১	সংশোধিত মোট প্রাক্কলন ও প্রকৃত ব্যয়
লেখ চিত্র-০২	বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তরের সেবা সম্পর্কিত তথ্য
লেখ চিত্র-০৩	সেবা প্রদানের ক্ষেত্রে প্রশাসনিক সমস্যা সম্পর্কিত মতামত
লেখ চিত্র-০৪	সেবা প্রদান সম্পর্কিত মতামত
লেখ চিত্র-০৫	বর্তমান ডাক অধিদপ্তর ভবনে অফিস রুম সেবা প্রদানে সহায়ক সম্পর্কিত তথ্য
লেখ চিত্র-০৬	বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবন নির্মাণ কাজের গুণগত তথ্য

স্থির চিত্র

স্থির চিত্র-০১	বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবনে অবস্থিত পোস্ট অফিস রুমের ড্যামেজ ওয়াল
স্থির চিত্র-০২	বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবনের ড্রাইভারদের বিশ্রাম রুমের ড্যাম্পওয়াল
স্থির চিত্র-০৩	বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবনের নিচতলার ওয়াশরুমের দরজা
স্থির চিত্র-০৪	ফেরোস্কানমেশিনের মাধ্যমে বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবনের সি৪ কলামের রড পরীক্ষা
স্থির চিত্র-০৫	বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবনের রিসিপশন ও সামনের প্রবেশ পথ
স্থির চিত্র-০৬	বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবনের বৈদ্যুতিক আর্থিং অবস্থা
স্থির চিত্র-০৭	বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবনের বৈদ্যুতিক সাব-স্টেশন
স্থির চিত্র-০৮	বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবনের বৈদ্যুতিক সাব-স্টেশন
স্থির চিত্র-০৯	বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবনের বৈদ্যুতিক সাব-স্টেশন
স্থির চিত্র-১০	কেআইআই, তত্ত্বাবধায়ক প্রকৌশলী এবং সুপারভিশন প্রকৌশলী, বাংলাদেশ ডাক অধিদপ্তর
স্থির চিত্র-১১	দলীয় আলোচনা বাংলাদেশ ডাক অধিদপ্তর এবং জিপিও
স্থির চিত্র-১২	স্থানীয় পর্যায়ে কর্মশালা, বাংলাদেশ ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা

নির্বাহী সার-সংক্ষেপ

বাংলাদেশ ডাক অধিদপ্তর দেশব্যাপী বিভিন্ন শ্রেণির ৯৮৮৬টি পোস্ট অফিস নিয়ে কাজ করে। কিন্তু ডাক অধিদপ্তরের প্রধান কার্যালয় ও জেনারেল পোস্ট অফিসসহ (জিপিও) ১৪টি অপারেটিং অফিসের সাথে একত্রে থাকায় প্রশাসনিক কাজ ও অপারেটিং অফিসের কাজ স্বকীয়তা সংকটে পড়েছিল। অপারেটিং অফিস থেকে প্রশাসনিক অফিস আলাদা করার মাধ্যমে প্রশাসনিক অফিস ও অপারেটিং অফিসের স্বকীয়তা নিশ্চিত করার লক্ষ্যে "বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ (সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতায় ডাক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের জন্য ০৩ মার্চ ২০১৪ তারিখে ৫৪৭২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৪ হতে জুন ২০১৭ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে একনেক (ECNEC) সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে ভবনটির উর্ধ্বমূখী সম্প্রসারণের জন্য ৯১৯০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটির ডিপিপি সংশোধন করা হয়। ডিপিপি সংশোধনের ফলে প্রকল্প ব্যয় ও মেয়াদকাল যথাক্রমে ৬৭.৯৫% এবং ৬৬.৬৭% বৃদ্ধি পায়।

সমীক্ষার জন্য নিদিষ্টকৃত কর্মপরিধির আওতা থেকে তথ্য সংগ্রহের জন্য সংখ্যাগত ও গুণগত পদ্ধতি ব্যবহার করা হয়েছে। প্রভাব মূল্যায়ন সমীক্ষা কার্যক্রমের জন্য প্রাইমারি ও সেকেন্ডারি উভয় ধরনের তথ্য/উপাত্তই ব্যবহার করা হয়েছে। এ প্রেক্ষিতে ৪০০ জনকে নমুনা হিসেবে দৈবচয়নের মাধ্যমে নির্বাচন করা হয়েছে। সমীক্ষার জন্য জেনারেল পোস্ট অফিস (জিপিও), ডাক অধিদপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ হতে এবং সরেজমিন পরিদর্শনের মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রশ্নমালার মাধ্যমে পরিমাণগত এবং KII, FGD ও Case Study এর মাধ্যমে গুণগত তথ্য-উপাত্ত সুশৃঙ্খলভাবে সংগ্রহ করা হয়েছে। উদ্দেশ্যের সাথে সঙ্গতি রেখে প্রাপ্ত তথ্যের স্তর বিন্যাস করা হয়েছে। যেন তথ্যের পরিসংখ্যানগত বিশ্লেষণ সঠিকভাবে সম্পন্ন করা যায়। প্রাপ্ত তথ্যসমূহ SPSS Software ব্যবহার করে কোডিং, কম্পিউটারে ডাটা এন্ট্রিসহ যাবতীয় বিষয় যথাযথ পরিসংখ্যানিক পদ্ধতির মাধ্যমে বিশ্লেষণ করা হয়েছে।

প্রকল্পের আরডিপিপি ও পিসিআর বিশ্লেষণ করে দেখা যায় যে, প্রকল্পের ভৌত অগ্রগতি ১০০% এবং আর্থিক অগ্রগতি ৯৯.৮২% সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের সুনির্দ্দিষ্ট কর্মপরিকল্পনা এবং যথাযথ অর্থায়ন অব্যাহত ছিল। প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় সঠিক না থাকায় বিধি মোতাবেক আন্তঃখাত সমন্বয় করা হয়েছে। সার্বিক ক্রয় পরিকল্পনার মধ্যে ৩টি পণ্য , ১টি সেবা ও ২টি পূর্ত কাজসহ মোট ৬টি প্যাকেজের মাধ্যমে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করার পরিকল্পনা ছিল। ক্রয় প্রক্রিয়ায় আরডিপিপির প্রভিশন ছিল সরাসরি ক্রয়, ওটিএম, আরএফকিউ এবং কিউসিবিএস পদ্ধতি। আরডিপিপির প্রভিশন অনুযায়ী সকল প্যাকেজের ক্রয় কার্যক্রম পিপিআর-২০০৮ বিধি অনুযায়ী সম্পূর্ণ করা হয়েছে। কিন্তু বাস্তবায়ন পর্যায়ে কোন কোন ক্ষেত্রে ব্যত্যয় পরিলক্ষিত হয়েছে। অনুমোদনকারী কর্তৃপক্ষ হিসেবে ডেলিগেশন অফ ফিনান্সিয়াল পাওয়ার (ডিওএফপি) অনুযায়ী ক্রয় কার্যক্রম অনৃমোদিত হয়েছে। প্রকল্প মেয়াদে পিআইসি এবং পিএসসি সভা যথাক্রমে ৩১.২৫% এবং ২৫.০০% করা হয়েছে, যা প্রয়োজনের তুলনায় অনেক কম। প্রতি বৎসর অডিট কার্যক্রম সম্পন্ন করার বিধান থাকলেও প্রকল্প মেয়াদের শেষে মাত্র একবার করা হয়েছে। অনুমোদিত ডিজাইন ড্রইং দিয়ে নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। ভবনের নির্মাণমান এবং ব্যবহৃত নির্মাণ সামগ্রীর গুণগত মান ভাল ছিল। সাব-স্টেশন এবং PFI প্লান্ট অপরিস্কার-অপরিছন্ন এবং Fire Extinguisher গুলো মেয়াদোত্তীর্ন। প্রকল্পের ডিপিপি বিশ্লেষণ করে দেখা যায় যে, BCR ও IRR সম্পর্কিত কোন নির্দেশনা নেই। প্রকল্পের মোট সাতটি উদ্দেশ্যের মধ্যে ছয়টি উদ্দেশ্য বাস্তবায়ন করা হয়েছে এবং উহার প্রভাবের মধ্যে অন্যতম হলো ডাক অধিদপ্তর তার নিজস্ব স্বকীয়তা ফিরে পেয়েছে। আরডিপিপি-তে বাজেট বরাদ্দ না থাকার কারণে সপ্তম উদ্দেশ্যটি বাস্তবায়ন হয়নি। প্রকল্প

বাস্তবায়নের ফলে প্রভাবসমূহ হলো ডাক অধিদপ্তরের কর্মচারীদের রুমের ও কর্মপরিবেশের সমস্যার সমাধান করা হয়েছে। ৮৭.৫০% উপকারভোগীদের কাজের স্পৃহা ও কাজের গতি বেড়েছে। ৯৪.৬৭% উপকারভোগী মনে করেন দক্ষ এবং বাঁধাহীন প্রশাসনিক কার্যক্রম নিশ্চিত করা হয়েছে। ফলে প্রশাসনিক কার্যক্রম পূর্বের তুলনায় অনেক গতিশীল হয়েছে।

প্রকল্প বাস্তবায়নে সবল দিকসমূহের (Strengths) মধ্যে প্রকল্পে যথাযথ অর্থায়ন অব্যাহত ছিল, প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পনা প্রস্তুত, নিজস্ব জমিতে প্রকল্পটি বাস্তবায়ন, নীতি নির্ধারক পর্যায়ে প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়ন বিষয়ে একটি শক্তিশালী অঙ্গীকার বিশেষভাবে উল্লেখযোগ্য ছিল। দুর্বল দিকসমূহের (Weaknesses) মধ্যে রয়েছে প্রকল্প পরিচালক নিয়োগে বিলম্ব এবং দুইবার প্রকল্প পরিচালক পরিবর্তন, প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় প্রাক্কলন যথাযথভাবে না হওয়া, লগফ্রেমে বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশকে কোন সময় বা পরিমাণ উল্লেখ না করা ইত্যাদি। প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সুযোগসমূহের (Opportunities) মধ্যে উল্লেখযোগ্য হলো প্রকল্প সাইটটি প্রশস্ত রাস্তার পার্শ্বে হওয়ায় নির্মাণ সামগ্রী পরিবহন সহজতর ছিল। ঝুঁকিসমূহের (Threats) মধ্যে প্রকল্প সাইটটি অফিস পাড়ায় হওয়ায় দিনের বেলায় নির্মাণ সামগ্রী পরিবহনে সমস্যা অন্যতম।

পর্যালোচনার পরিপ্রেক্ষিতে পর্যবেক্ষণে পরিলক্ষিত হয়েছে যে, প্রকল্পের মেয়াদ ২ বছর বৃদ্ধি পেয়েছে। প্রকল্পটি সমাপ্তির পর উহার রক্ষণাবেক্ষণের জন্য কোন বাজেট বরাদ্দ না থাকায় নিয়মিত রক্ষণাবেক্ষণের অভাবে নিচতলায় পোস্ট মাস্টারের অফিস কক্ষ এবং গাড়ি চালকদের বিশ্রামের কক্ষগুলোর ওয়াল স্যাঁতসেঁতে পরিলক্ষিত হয়েছে। ভবনটির ডিজাইন বাংলাদেশের স্বনামধন্য পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদন করা হয়েছে। ভবনটির অবকাঠামোগত বিভিন্ন পরীক্ষা নিরীক্ষার মাধ্যমে প্রতীয়মান হয় যে,ভবনের নির্মাণমান এবং ব্যবহৃত নির্মাণ সামগ্রীর ব্যবহার গুণগত মান অনুযায়ী ছিল। পিআইসি এবং পিএসসি সভা বিধি মোতাবেক না করার কারণে সমস্যা চিহ্নিতকরণ এবং সুপারিশ প্রদানে বিলম্ব হয় এবং প্রকল্পের মেয়াদ বৃদ্ধি পেয়েছে। অধিকাংশ অডিট আপত্তিগুলো নিস্পত্তি করা হয়নি, যা জবাবদিহিতা ও স্বচ্ছতার পরিপন্থি। অগ্নি দূঘটনা এড়াতে বৈদ্যুতিক সাব-স্টেশন সহ অন্যান্য সরঞ্জাম নিয়মিত তদারকি করা হয় না। ডাক অধিদপ্তর ১৪টি অপারেটিং অফিসের সাথে যুক্ত থাকায় সুশৃঙ্খল কর্ম পরিবেশের ঘাটতি ছিল। ভবনটির নির্মাণ সুশৃঙ্খল কর্ম পরিবেশ বজায় রাখার ক্ষেত্রে আশানুরুপ প্রভাব রেখেছে।

প্রকল্প বাস্তবায়নে এবং প্রকল্পের অধীন সৃষ্ট সুবিধাদি রক্ষণাবেক্ষণের জন্য সুপারিশগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো, অগ্নি নিরাপত্তা নিশ্চিতকরণে Fire Exit Plan, Dedicated Emergency Exit Stair রাখা ও টপ ফ্লোরে অগ্নিকান্ডের সময় জরুরি উদ্ধার কাজ যেন করা যায় তার ব্যবস্থা রাখা, মেয়াদোত্তীর্ন Fire Extinguisher গুলো পুনরায় Re-fill করে ব্যবহার উপযোগী করার প্রয়োজনীয় আশু ব্যবস্থা গ্রহণ এবং এ বিষয়ে নিয়মিত তদারকি প্রয়োজন ইত্যাদি। কিছু কিছু ক্ষেত্রে যেমন দুটি রুমের ওয়াল ড্যাম্প, দেয়ালে ফাটল, ওয়াশরুমের দরজা ভাঙ্গা ইত্যাদি বিষয় রক্ষণাবেক্ষণের জন্য জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। ডাক অধিদপ্তরের কার্যক্রমকে শাণিত করার প্রত্যয়ে অপারেটিং অফিস থেকে প্রশাসনিক অফিস আলাদা করার মাধ্যমে দক্ষ এবং বাঁধাহীন প্রশাসনিক কার্যক্রম নিশ্চিত করার লক্ষ্যে আলোচ্য প্রকল্পটির গুরুত্ব প্রণিধানযোগ্য। সুতরাং প্রকল্পের উদ্দেশ্যের আলোকে আর্থ-সামজিক বিষয়টি বিবেচনায় রেখে প্রকল্পের Exit Plan/টেকসইকরণে গুরুত্ব আরোপ করলে জাতীয়ভাবে ডাক অধিদপ্তর এ দৃষ্টিনন্দন ভবনটি বিশেষ ভূমিকা রাখবে বলে প্রতীয়মান হয়েছে।

শব্দ সংক্ষেপ

APPU	Asia Pacific Postal Union
APPC	Asia Pacific Postal College
ACP	Aluminium Composite Pannel
AISC	American Institute of Steel Construction
ASTM	American Society for Testing and Materials
ANSI	American National and Standard Institute
BNBC	Bangladesh National Building Code
BSTI	Bangladesh Standard and Testing Institute
DPM	Direct Procurement Method
EMTS	Electric Money Transfer Service
EMS	Express Mail Service
FGD	Focus Group Discussion
IMED	Implementation Monitoring and Evaluation Division
ISO	International Organization for Standardization
KII	Key Informant Interview
NFPA	National Fire Protection Association
PCC	Postal Cash Card
PCR	Project Completion Report
SWOT	Strengths, Weaknesses, Opportunities and Threats
UBC	Uniform Building Code
UPU	Universal Postal Union
WUMT	Western Union Money Transfer

শব্দকোষ

Cylinder Test	:	যে কোন কংক্রিট স্ট্রাকচারের কংক্রিটের শক্তি নিরূপণ করার একটি সহজ এবং নির্ভরযোগ্য পরীক্ষা হচ্ছে কংক্রিট সিলিন্ডার টেস্ট। এ টেস্টের মাধ্যমে কংক্রিটের Compressive Strength পরিমাপ করা হয়। সাধারণত ২৮দিন কিউরিং করার পর ১৫০ মিঃমিঃ ব্যাস এবং ৩০০ মিঃমিঃ দৈর্ঘ্য বিশিষ্ট অথবা ১০০ মিঃমিঃ ব্যাস এবং ২০০ মিঃমিঃ দৈর্ঘ্য বিশিষ্ট কংক্রিট সিলিন্ডার স্যাম্পল কমপ্রেশন টেস্টিং মেশিনে বসিয়ে পর্যায়ক্রমে লোড দেওয়া হয় এবং সিলিন্ডার ভেঙ্গে যাওয়ার আগ পর্যন্ত সর্ব্বোচ্চ লোড রেকর্ড করা হয় যার মাধ্যমে স্যাম্পলটির কম্প্রেসিভ স্ট্রেংথ নির্ণয় করা হয়।
Rebound Hammar Test	:	নির্মাণকার্য শেষ হয়ে গেছে, এমন স্থাপনার কোন অংশের কংক্রিটের শক্তি নির্ণয়ের জন্য,"নন-ডেস্ট্রাক্টিভ" টেস্ট। এক্ষেত্রে স্থাপনাটি না ভেঙ্গে, তার উপর বিশেষভাবে তৈরি একটি হেমার বা হাতুড়ি দিয়ে অনেকগুলি ইমপ্যাক্ট বা ধাক্কা দেওয়া হয়। ধাক্কার মাত্রা ও ক্ষতির পরিমাণের উপর নির্ভর করে স্বয়ংক্রিয় পদ্ধতিতে যন্ত্রটি স্থাপনাটির ঐ অংশের কংক্রিটের শক্তি কেমন তার একটি পরিমাপ দিয়ে থাকে।
Bangladesh National Building Code (BNBC)	:	বিএনবিসি হচ্ছে একটি ভবন নির্মাণের সময় ন্যূনতম যে পরিমাণ মান নিয়ন্ত্রণের প্রয়োজন রয়েছে সে সম্পর্কে বিস্তারিত নির্দেশনা। বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোর্ডের মূল উদ্দেশ্য হলো জনসুরক্ষা, জনস্বাস্থ্য ও অন্যান্য কল্যাণ নিশ্চিত করা।
Project Implementation Unit (PIU)	:	কোন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য কোন প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট অফিস বা দপ্তরে যখন একটি শাখা খোলা হয় তখন তাকে "Project Implementation Unit (PIU)" বলা হয়ে থাকে। কোন কোন ক্ষেত্রে Project Implementation Unit (PIU) গঠন না করে "Project Management Unit (PMU)" খোলা হয়ে থাকে।
Exit Plan	:	কোন প্রকল্পের আওতায় সৃষ্ট অবকাঠামো বা সুবিধাদি রক্ষণাবেক্ষণ ও পরিচালনার নিমিত্ত সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়নকারী প্রতিষ্ঠান কর্তৃক অন্য কোন প্রতিষ্ঠানের উপর সেগুলোর দায়ভার হস্তান্তর করে প্রণীত প্রস্থান পরিকল্পনাকে বোঝানো হয়।
Case Study	:	কেস স্টাডি হলো সমীক্ষা কার্যক্রমের গুণগত গবেষণার একটি কৌশলগত পদ্ধতি। কেস স্টাডির মাধ্যমে কোন প্রকল্প বা কার্যক্রম বাস্তবায়নের আগের তথ্য এবং প্রকল্প বা কার্যক্রম বাস্তবায়নের পরের তথ্য অনুসন্ধান করে বিশ্লেষণ করাকে কেস স্টাডি বলে। এটি একজন ব্যক্তি, একটি পরিবার বা কোন গোত্রের উপর পরিচালনা করা হয়।
Sampling	:	নমুনায়ন হলো সমগ্রকের একটি অংশ তথা ছোট পরিধিতে বিস্তৃত সমগ্রকের সব বৈশিষ্ট্যের প্রতিনিধিত্ব স্বরূপ। গবেষণা কাজে নমুনায়ন একটি গুরুত্বপূর্ণ পদ্ধতি, এই নমুনায়ন আর্থ-সামাজিক গবেষণার বিভিন্ন ক্ষেত্রে ব্যাপকভাবে দেখা যায়। অর্থ্যাৎ স্বল্প সংখ্যক যে কোন বিষয়ের উপর অনুসন্ধান সীমিত রেখে বিস্তৃত পরিধির অধিক সংখ্যক বিষয় সম্পর্কে জানা যায় তাকে নমুনায়ন বা Sampling বলা হয়।
Bill of Quantities	:	দরপত্রের স্পেসিফিকেশন অনুসারে একজন এস্টিমেটর পণ্য, পূর্ত ও সেবা সরবরাহে সুনির্দিষ্ট পরিমাণ উল্লেখপূর্বক নথি প্রস্তুত করেন এবং নথি বা দরপত্রে অংশগ্রহণকারী ঠিকাদারগণ প্রত্যেকটি কাজের বিপরীতে তাদের দর/মূল্য উল্লেখ করেন। দরপত্র দাতার উল্লেখিত কাজের পরিমাণের সাথে দরপত্রে অংশগ্রহণকারীদের কাজের দরের সাপেক্ষে দরপত্রের মূল্য নির্ধারিত হয়, সে আলোচ্য নথিকেই "Bill of Quantities" বা সংক্ষেপে (BoQ) বলে।

প্রথম অধ্যায়

প্রকল্পের বিবরণ

১.১ ভূমিকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ ডাক অধিদপ্তর একটি অতি পুরাতন সেবাধর্মী প্রতিষ্ঠান। উক্ত সংস্থা দীর্ঘদিন থেকে শহর ও গ্রাম অঞ্চলের মানুষকে ডাক সেবা প্রদান করে আসছে। ডাক সেবার পাশাপাশি সরকারের বিভিন্ন সেবামূলক কার্যক্রম পরিচালনা করার দীর্ঘ অভিজ্ঞতা রয়েছে। বাংলাদেশ ডাক অধিদপ্তরের প্রশাসনিক বিভাগ দেশব্যাপী বিভিন্ন শ্রেণির প্রায় ৯৮৮৬টি পোস্ট অফিস নিয়ে কাজ করে। ডাক অধিদপ্তরের নেটওয়ার্ক সমগ্র বাংলাদেশ বিস্তৃত। সুবিস্তৃত এ নেটওয়ার্কের কারণে ডাক অধিদপ্তরের অফিসগুলো প্রত্যন্ত অঞ্চলের জনগণের খুব কাছাকাছি। তাই ডাক অধিদপ্তরের মাধ্যমে ডাক সেবার পাশাপাশি সরকারের বিভিন্ন সেবামূলক কার্যক্রম পরিচালনা করার ব্যাপক সুযোগ রয়েছে। ডাক অধিদপ্তরের ন্যায় অন্য কোনো সরকারি সংস্থার এরূপ দেশব্যাপী নেটওয়ার্ক নেই। এছাড়া সেবা প্রদানের জন্য ডাক অধিদপ্তরের প্রশিক্ষিত বিশাল জনবল রয়েছে। ডাক অধিদপ্তরের মূল লক্ষ্য হচ্ছে জনসাধারণের কাছে ন্যূনতম ব্যয়ে নিয়মিত ও দ্রুততার সাথে ডাক সেবা প্রদান করা।

বর্তমান সরকাররে বলিষ্ঠ ও গতিশীল নেতৃত্বে ও আন্তরিক দিক নির্দেশনার ফলে এবং ডাক অধিদপ্তরের সর্বস্তরের কর্মর্কতা-কর্মচারীর ঐকান্তিক চেষ্টায় বর্তমান সরকারের অঙ্গীকার "ডিজিটাল বাংলাদেশ" তথা রূপকল্প-২০২১ বাস্তবায়নের প্রয়াসে সরকারের অন্যান্য অনেক সংস্থার মতো বাংলাদশে ডাক অধিদপ্তর উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করছে। বাংলাদেশ ডাক অধিদপ্তর তার সেবাদান প্রক্রিয়াকে আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর করার মাধ্যমে জনগণকে সেবা দানের ক্ষেত্রে প্রচলিত পদ্ধতি পরিবর্তনে বদ্ধ পরিকর। সময়ের পরিবর্তন ও বর্তমান সময়ে আধুনিক প্রযুক্তির প্রভাবের কারণে বৈশ্বিক ডাক ব্যবস্থায় বাজার উপযোগী ডাক সেবাসমূহের উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করে ব্যাপক পরিবর্তন আনয়ন করা হয়েছে। বিশ্বের অন্যান্য ডাক সংস্থার মত এদেশে ডাক সেবার উন্নয়ন ও বাজার চাহিদা মোতাবেক নতুন ডাক সেবা প্রচলনের জন্য ডাক অধিদপ্তরের উন্নয়ন জরুরি হয়ে পড়েছে।

উল্লেখ্য আধুনিক প্রযুক্তির ফলে সনাতন ডাক সেবা যথা: সাধারণ চিঠি-পত্র সেবা ব্যাপক হারে হ্রাস পেয়েছে। কিন্তু প্রযুক্তির প্রভাবে অনলাইন বেইজড বাজার সৃষ্টি হওয়ায় অনলাইনে দ্রব্য ক্রয়, মূল্য পরিশোধ প্রভৃতি সার্ভিসমূহ ঘরে বসে অনলাইনে সম্পন্ন করলেও ক্রেতার নিকট ক্রয়কৃত দ্রব্যসমূহ ঘরে পৌঁছে দেয়ার সার্ভিস বাজারে ব্যাপক চাহিদা সৃষ্টি করেছে। বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত ছড়িয়ে ছিটিয়ে থাকা প্রতিটি ডাকঘর একেকটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক কেন্দ্র হিসেবে কাজ করছে। যুগ যুগ ধরে বিশ্বস্ততার সাথে সেবা প্রদান করায় বাংলাদেশ ডাক অধিদপ্তরের প্রতিটি ডাকঘর জনগণের কাছে আর্থিক লেন-দেনের একটি আস্থাভাজন প্রতিষ্ঠান হিসেবে চিহ্নিত। ভবিষ্যতে আরও অনেক বিভাগ/সংস্থার প্রশাসনিক অফিস এখানে গড়ে ওঠার পরিকল্পনা সরকারের রয়েছে। উপরিউক্ত সকল প্রেক্ষাপট বিবেচনায় আধুনিক যুগোপযোগী ডাক সেবা নিশ্চিতকরণের জন্য প্রশাসনিক দপ্তর হিসেবে অত্যাধুনিক সুযোগ সুবিধা সম্বলিত ডাক অধিদপ্তরের জন্য সম্পূর্ণ পৃথক অবকাঠামো নির্মাণের লক্ষ্যে "ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ (সংশোধিত)" শীর্ষক প্রকল্পের পরিকল্পনা প্রণয়ন করা হয়েছিল। উক্ত প্রকল্পের মাধ্যমে সারাদেশে অবস্থিত বিভিন্ন ক্যাটাগরির ডাকঘরের প্রশাসনিক কার্যক্রম পরিচালনার জন্য ঢাকার আগারগাঁয়ে ডাক অধিদপ্তরের নিজস্ব জমিতে পোস্ট বক্সের নকশার আলোকে ১৪তলা বিশিষ্ট ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ করার পরিকল্পনায় এ প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে।

১.২ প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ

প্রকল্পের শিরোনাম		বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ (সংশোধিত) প্রকল্প		
উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ		ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়		
বাস্তবায়নকারী সংস্থা		বাংলাদেশ ডাক বিভাগ		
বাস্তবায়নকাল		জুলাই ২০১৪ হতে জুন ২০১৭ (মূল)		
		জুলাই ২০১৪ হতে ডিসেম্বর ২০১৯ (সংশোধিত)		
অর্থায়নের উৎস		জিওবি		
প্রকল্পের প্রাক্কলিত ব্যয়		৫৪৭২.০০ লক্ষ টাকা (মূল)		
		৯১৯০.০০ লক্ষ টাকা (সংশোধিত)		
প্রকল্পের অবস্থান	বিভাগ	জেলা	উপজেলা/থানা	সিটি কর্পোরেশন
	ঢাকা	ঢাকা	আগারগাঁও	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

১.৩ প্রকল্পের উদ্দেশ্য

১. বাংলাদেশ পোস্ট অফিসের সদর দপ্তর প্রতিষ্ঠা।

২. অপারেটিং অফিস থেকে প্রশাসনিক অফিস আলাদা করার মাধ্যমে দক্ষ এবং বাঁধাহীন প্রশাসনিক কার্যক্রম নিশ্চিত করা।

৩. আন্তর্জাতিক পরিসরে বাংলাদেশ পোস্ট অফিসের ইমেজ বৃদ্ধি করা।

৪. আন্তর্জাতিক পরিসরে বাংলাদেশ পোস্ট অফিসের কার্যকর ভূমিকা নিশ্চিতকরণ।

৫. আধুনিক ও নিরাপদ সার্ভার সেন্টার ও প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপনের মাধ্যমে কেন্দ্রীয়ভাবে বাংলাদেশ পোস্ট অফিসের আইটি কার্যক্রম প্রতিষ্ঠা করা।

৬. জাতীয় ও আন্তর্জাতিক কল সেন্টার স্থাপনের মাধ্যমে ভোক্তা সাধারণদের সহযোগিতা প্রদান করা।

৭. আলাদা এবং যান্ত্রিকভাবে ভাল গবেষণা ও উন্নয়ন ল্যাবরেটরি প্রতিষ্ঠার মাধ্যমে বাংলাদেশ পোস্ট অফিসের গবেষণা ও উন্নয়ন কার্যক্রমকে এগিয়ে নেওয়া।

১.৪ প্রকল্পের প্রধান প্রধান কাজসমূহ

i. অবকাঠামো নির্মাণ
ii. জনবল/মানব সম্পদ
iii. মেশিনারি এবং যন্ত্রপাতি
iv. আসবাবপত্র
v. পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ
vi. যানবাহন
vii. সরবরাহ এবং সেবাসমূহ

১.৫ প্রকল্প অনুমোদন, সংশোধন মেয়াদ ও ব্যয় হ্রাস বৃদ্ধি

প্রকল্পটির বাস্তবায়নকাল নির্ধারিত ছিল জুলাই ২০১৪ হতে জুন ২০১৭ পর্যন্ত। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ছিল ৫৪৭২.০০ লক্ষ টাকা। প্রকল্পের সমুদয় অর্থ জিওবি খাতের। প্রকল্পটি যথা সময়ে সমাপ্ত না হওয়ায় সময় বৃদ্ধির প্রয়োজনীয়তা দেখা দেয় এবং প্রকল্পটির ব্যয় ও সময় বৃদ্ধি করা হয়। সময় বৃদ্ধির পর প্রকল্পটির বাস্তবায়নকাল নির্ধারিত ছিল জুলাই ২০১৪ হতে জুন ২০১৮। প্রকল্পটি বর্ধিত সময়ে সমাপ্ত না হওয়ায় পুনরায় সময় বৃদ্ধি এবং ব্যয় সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় প্রকল্পটি সংশোধন করা হয়। সংশোধনের পর প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ধরা হয় ৯১৯০.০০ লক্ষ টাকা। ১ম সংশোধিত ডিপিপি এবং ২য় ব্যয় বদ্ধি ব্যতিরেকে অনুযায়ী প্রকল্পের মেয়াদ দাঁড়ায় জুলাই ২০১৪ হতে জুন ২০১৯ পর্যন্ত। এই সংশোধনের কারণ ও যৌক্তিকতা প্রভাব মূল্যায়ন সমীক্ষার মূল প্রতিবেদনে পর্যালোচনা করা হবে।

সারণি-০১: প্রকল্প অনুমোদন ও সংশোধন এবং ব্যয় হ্রাস

লক্ষ টাকায়						
বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়		বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন (+/-)	
	মোট	জিওবি			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	৫৪৭২.০০	৫৪৭২.০০	জুলাই ২০১৪ হতে জুন ২০১৭	১৭-০৬-২০১৩	-	-
১ম ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে সময় বৃদ্ধি	-	-	জুলাই ২০১৪ হতে জুন ২০১৮	২১-০৫-২০১৭	-	৩৩.৩৩%
১ম সংশোধিত	৯১৯০.০০	৯১৯০.০০	জুলাই ২০১৪ হতে ডিসেম্বর ২০১৮	২০-০৩-২০১৮	৬৭.৯৫%)	১২.৫%
২য় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে সময় বৃদ্ধি	-	-	জুলাই ২০১৪ হতে জুন ২০১৯	০৯-১২-২০১৮	-	২২.২২%
৩য় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে সময় বৃদ্ধি	-	-	জুলাই ২০১৪ হতে জুন ২০১৯	-	-	২২.২২%

সূত্রঃ আরডিপিপি ২০১৮ এবং পিসিআর ২০১৯

সারণি-০২: প্রকল্প অনুমোদন ও সংশোধন এবং ব্যয় হ্রাস/বৃদ্ধি

লক্ষ টাকায়							
অনুমোদিত প্রাক্কলন		প্রকৃত ব্যয়	বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল ডিপিপি'র চেয়ে হ্রাস/বৃদ্ধি)	অতিক্রান্ত সময় (মূল ডিপিপি'র চেয়ে হ্রাস/বৃদ্ধি)
মূল	সংশোধিত		মূল	সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৫৪৭২.০০	৯১৯০.০০	৯১৭৩.৮৬	জুলাই ২০১৪ হতে জুন ২০১৭	জুলাই ২০১৪ হতে জুন ২০১৯	জুলাই ২০১৪ হতে ডিসেম্বর ২০১৯	৩৭০১.৮৬ লক্ষ টাকা বা ৬৭.৬৫%	২৪ মাস বা ৬৬.৬৭%

সূত্রঃ আরডিপিপি ২০১৮ এবং পিসিআর ২০১৯

১.৬ প্রকল্পের অর্থায়নের অবস্থা

সারণি-০৩: প্রকল্পের অর্থায়নের অবস্থা

প্রাক্কলিত ব্যয়ের প্রকৃতি	মূল অনুমোদিত ব্যয়	১ম সংশোধিত অনুমোদিত ব্যয়	পার্থক্য	
			লক্ষ টাকা	%
১	২	৩	৪= (৩-২)	৫
মোট	**৫৪৭২.০০**	**৯১৯০.০০**	**৩৭১৮.০০**	**৬৭.৯৫**
জিওবি	৫৪৭২.০০	৯১৯০.০০	৩৭১৮.০০	৬৭.৯৫
নিজস্ব তহবিল	-	-	-	-
অন্যান্য	-	-	-	-

তথ্যসূত্র: ডিপিপি/আরডিপিপি, ১৫ মার্চ ২০১৮

১.৭ প্রকল্পের বছর ভিত্তিক আর্থিক ও বাস্তব পরিকল্পনা

সারণি-০৩ প্রকল্পের বছর ভিত্তিক আর্থিক ও বাস্তব পরিকল্পনা

ইকনোমিক কোড	ইকনোমিক সাব কোড বর্ণনা (বিস্তারিত)	মোট আর্থিক ও বাস্তব পরিকল্পনা			বছর-১ (২০১৪-১৫ অর্থবছর)			বছর-২ (২০১৫-১৬ অর্থবছর)			বছর-৩ (২০১৬-১৭ অর্থবছর)			বছর-৪ (২০১৭-১৮অর্থবছর)			বছর-৫ (২০১৮-১৯ অর্থবছর)		
		একক	পরিমান	মোট খরচ	আর্থিক পরিমাণ (লক্ষ টাকায়)	বাস্তব		আর্থিক পরিমাণ (লক্ষ টাকায়)	বাস্তব		আর্থিক পরিমাণ (লক্ষ টাকায়)	বাস্তব	আর্থিক পরিমাণ (লক্ষ টাকায়)	বাস্তব	আর্থিক পরিমাণ (লক্ষ টাকায়)		বাস্তব		
						অঙ্গের শতকরা হার	প্রকল্পের শতকরা হার		অঙ্গের শতকরা হার	প্রকল্পের শতকরা হার		অঙ্গের শতকরা হার	প্রকল্পের শতকরা হার		অঙ্গের শতকরা হার	প্রকল্পের শতকরা হার		অঙ্গের শতকরা হার	প্রকল্পের শতকরা হার
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০
(ক) রাজস্ব																			
৪৫০০	অফিসারের বেতন	জন	২	১২.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	৯.০০	৭৫.০০	০.০৯৭৯	৩.০০	২৫.০০	০.০৩২৬
৪৬০০	কর্মচারীর বেতন	জন	২	৭.৫০	০.৩৬	৪.৮০	০.০০৩৯	১.৬৭	২২.২৭	০.০১৮২	২.১৩	২৮.৪০	০.০২৩২	২.৫১	৩৩.৪৭	০.০২৭৩	০.৮৪	১১.২০	০.০০৯১
৪৭০০	ভাতা	জন	৪	১০.০০	০.০০	০.০০	০.০০	০.১১	১.১	০.০০১২	০.২১	২.১০	০.০০২৩	৭.২৬	৭২.৬০	০.০৭৯০	২.৪২	২৪.২০	০.০২৬৩
৪৮০০	ভ্রমন ভাতা বিল	থোক		০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
৪৮০০	গাড়ির রেজিস্ট্রেশন, ট্যাক্স, রুট পারমিট ইত্যাদি	থোক		২.০০	১.০০	৫০.০০	০.০১০৯	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.৭৫	৩৭.৫০	০.০০৩৭	০.২৫	১২.৫০	০.০০২৭
৪৮০০	গাড়ির ফুয়েল	থোক		৬.০০	০.০০	০.০০	০.০০	১.০৩	১৭.১৭	০.০১১২	১.৯৭	৩২.৮৩	০.০২১৪	২.২৬	৩৭.৬৭	০.০২৪৬	০.৭৫	১২.৫০	০.০০৮২
৪৮০০	স্টেশনারীজ	থোক		১০.০০	১.০২	১০.২০	০.০১১১	১.৮৮	১৮.৮০	০.০২০৫	১.৮৭	১৮.৭০	০.০২০৩	৩.৯২	৩৯.২০	০.০৪২৭	১.৩১	১৩.১০	০.০১৪৩
৪৮০০	বিজ্ঞাপন	থোক		৭.০০	৩.১১	৪৪.৪২	০.০৩৩৮	০.৬৫	৯.২৯	০.০০৭১	০.৬০	৮.৫৭	০.০০৬৫	১.৮৮	২৬.৮৬	০.০২০৫	০.৬৩	৯.০০	০.০০৬৯
৪৮০০	পরামর্শক ফি	এম এম	১৩৭.৩০	১১৩.০০	০.০০	০.০০	০.০০	২৭.১৩	২৪.০১	০.২৯৫২	৫৩.০৩	৪৬.৯৩	০.৫৭৭০	২৪.৬৩	২১.৮০	০.২৬৮০	৮.২৪	৭.২৯	০.০৮৯৭
৪৮০০	সম্মানী ভাতা	থোক		৭.০০	.৬৬	৯.৪৩	০.০০৭২	১.৮১	২৫.৮৬	০.০১৯৭	১.৪৬	২০.৮৬	০.০১৫৯	২.৪১	৩৪.৪৩	০.০২৬২	০.৮০	১১.৪৩	০.০০৮৭
৪৯০০	গাড়ি মেরামত	থোক		৩.০০	০.০০	০.০০	০.০০	০.৩৬	১২.০০	০.০০৩৯	০.২৪	৮.০০	০.০০২৬	১.৮০	৬০.০০	০.০১৯৬	০.৬০	২০.০০	০.০০৬৫
উপ-মোট রাজস্ব				১৭৭.৫০	৬.১৫		০.০৬৬৯	৩৪.৬৪		০.৩৭৬৯	৬১.৫১		০.৬৬৯৩	৫৬.৪৩		০.৬১	১৮৮৪		০.২১
(খ) মূলধন																			
৬৮০০	গাড়ি	টি	১	৭২.০০	৭০.৩৮	৯৭.৭৫	০.৭৬৫৮	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	১.২২	১.৬৯	০.০১৩৩	০.৪১	০.৫৭	০.০০৪৫
৬৮০০	মেশিনারিজ এন্ড উক্যুইপমেন্টস	টি	৪৮	১,০৩৬.৩৮	৪.৯৮	০.৪৮	০.০৫৪২	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	৭৭৩.৪১	৭৪.৬৩	৮.৪১৫৮	২৫৭.৯৯	২৪.৮৯	২.৮০৭৩
৬৮০০	আসবাবপত্র	টি	৬	০.৫৭	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.৫৭	১০০.০০	০.০০৬২	০.০০	০.০০	০.০০
৭০০০	নির্মাণ কাজ	ব:মি:	১৬৪১৭	৭,৯০৩.৫৫	২.৪৮	০.০৩১৪	০.০২৭	০.০০	০.০০	০.০০	৩,১২২.২৩	৩৯.৫০	৩৩.৯৭৪২	৩,৫৮৪.১৩	৪৫.৩৫	৩৯.০০	১,১৯৪.৭১	১৫.১২	১৩.০০

১.৮ প্রকল্পের ডিপিপি অনুযায়ী ক্রয় কার্যক্রম

প্রকল্পের ক্রয় পরিকল্পনায় পণ্যের ক্ষেত্রে ৩টি, সেবার ক্ষেত্রে ১টি, কার্যের ক্ষেত্রে ২টি অর্থ্যাৎ মোট ৬টি ক্রয় প্যাকেজ রয়েছে। উক্ত প্রকল্প সংশ্লিষ্ট পণ্য, কার্য, সেবা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ ডাক অধিদপ্তরের প্রধান কার্যালয়/ প্রকল্প পরিচালকের দপ্তর হতে সহায়ক সকল তথ্য সংগ্রহ করা হয়েছে। পণ্য, কার্য এবং সেবার ক্ষেত্রে প্রকল্পের সার্বিক ক্রয় পরিকল্পনা বর্ণনা করা হলোঃ

সারণি-০৫: প্রকল্পের অধীনে পণ্য/মালামাল ক্রয় পরিকল্পনা (প্যাকেজ অনুযায়ী)

ক্রঃ নং	প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরণ	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	তারিখ			
									প্রাক যোগ্যতা আহবান (প্রযোজ্য ক্ষেত্রে)	দরতপ্র আহবান	চুক্তি স্বাক্ষর	চুক্তি অনুযায়ীঅ সম্পাদনের শেষ তারিখ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
১	জি-১	গাড়ি	টি	১	সরাসরি ক্রয়	ডেলিগেশন অব ফিনানসিয়াল পাওয়ার অনুযায়ী	জিওবি	৭২.০০	প্রযোজ্য নয়	এপ্রিল ২০১৫	মে ২০১৫	জুন ২০১৫
২	জি-২	ইক্যুপমেন্টস	টি	৫	ওটিএম/আর এফকিউ	ডেলিগেশন অব ফিনানসিয়াল পাওয়ার অনুযায়ী	জিওবি	৪.৯৮	প্রযোজ্য নয়	ফেব্রুয়ারি ২০১৫	মার্চ ২০১৫	এপ্রিল ২০১৫
৩	জি-৩	আসবাবপত্র	টি	৬	ওটিএম/আর এফকি	ডেলিগেশন অব ফিনানসিয়াল পাওয়ার অনুযায়ী	জিওবি	০.৫৭	প্রযোজ্য নয়	সেপ্টেম্বর ২০১৭	সেপ্টেম্বর ২০১৭	অক্টোবর ২০১৭
	মোট			১২								

সারণি-৬: প্রকল্পের অধীনে পূর্ত কাজ ক্রয় পরিকল্পনা (প্যাকেজ অনুযায়ী)

ক্রঃ নং	প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরণ	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	তারিখ			
									প্রাক যোগ্যতা আহবান (প্রযোজ্য ক্ষেত্রে)	দরপত্র আহবান	চুক্তি স্বাক্ষর	চুক্তি অনুযায়ীঅ সম্পাদনের শেষ তারিখ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
১	ডব্লিউ-১	নির্মাণ কাজ (২টি লিফট, ২৫০ টন এসি ও ইত্যাদিসহ)	ব: মি	১০৬৪৩	ওটিএম/আরএফকিউ	ডেলিগেশন অব ফিনানসিয়াল পাওয়ার অনুযায়ী	জিওবি	৪০০১.৩৯	প্রযোজ্য নয়	মে ২০১৬	আগস্ট ২০১৬	ডিসেম্বর ২০১৭

ক্রঃ নং	প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরণ	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	তারিখ			
									প্রাক যোগ্যতা আহবান (প্রযোজ্য ক্ষেত্রে)	দরপত্র আহবান	চুক্তি স্বাক্ষর	চুক্তি অনুযায়ীঅ সম্পাদনের শেষ তারিখ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
২	ডব্লিউ-২	নির্মাণ কাজ (২টি লিফট, ২০০ টন এসি ও ইত্যাদিসহ)	ব: মি	১৬৪১৭	ওটিএম/ আরএফকি	ডেলিগেশন অব ফিনানসিয়াল পাওয়ার অনুযায়ী	জিওবি	৪৯৩৩.৫৬	প্রযোজ্য নয়	ডিসেম্বর ২০১৭	মার্চ ২০১৮	ডিসেম্বর ২০১৯

সারণি-৭: প্রকল্পের অধীনে সেবা কাজ ক্রয় পরিকল্পনা (প্যাকেজ অনুযায়ী)

ক্রঃ নং	প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরণ	ক্রয় অনুমোদন কারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	তারিখ			
									প্রাক যোগ্যতা আহবান (প্রযোজ্য ক্ষেত্রে)	দরপত্র আহবান	চুক্তি স্বাক্ষর	চুক্তি অনুযায়ীঅ সম্পাদনের শেষ তারিখ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
১	এস-১	ডিজিইন,ড্রয়িং, সুপারভিশন ইত্যাদির জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ	ম্যান মাস	১	কিউসিবিএস	ডেলিগেশন অব ফিনানসিয়াল পাওয়ার অনুযায়ী	জিওবি	১.১৩	প্রযোজ্য নয়	মে ২০১৬	আগস্ট ২০১৬	ডিসেম্বর ২০১৭

১.৯ প্রকল্পের লগ-ফ্রেম (ডিপিপ থেকে উদ্ধৃত)

সারণি-৮ প্রকল্পের লগফ্রেম

সংক্ষিপ্ত বিবরণ (NS)	বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক (OVI)	যাচাইয়ের মাধ্যম(MOV)	গুরুত্বপূর্ণ অনুমান (IA)
লক্ষ্য (Goal) • প্রয়োজনীয় অবকাঠামো এবং সরবরাহ সুবিধাগুলি দিয়ে ডাক সদর দপ্তর গড়ে তোলা।	• নির্ধারিত সময়সীমার মধ্যে ভবনটি নির্মিত হয়। • নির্ধারিত সময়সীমার মধ্যে মেশিন, যন্ত্রপাতি, আসবাবপত্র ইত্যাদি সংগ্রহ করা হয়।	• সরেজমিনে পরিদর্শন। • মেশিন, সরঞ্জাম, আসবাবপত্র ইত্যাদির জন্য পরীক্ষা এবং ট্রায়াল দেওয়া।	• নিদিষ্ট সময়ে প্রকল্প শুরু। • অনুকূল অর্থনৈতিক অবস্থা। • প্রয়োজনীয় নিয়ন্ত্রক সংস্থাসমূহ হতে সঠিক সময়ে অনুমোদন পাওয়া।
উদ্দেশ্য (Purpose) • আন্তর্জাতিক পোস্টাল ইভেন্ট ব্যবস্থাপনা করতে বি,পি,ও কে সক্ষম করে তোলা।	• বাংলাদেশের অভ্যন্তরে অনুষ্ঠিত আর্ন্তজাতিক ডাক ইভেন্টের সংখ্যা।	• ডাক ইভেন্ট গুলোর সংখ্যা ধরে রাখা।	• অনুকূল আন্তর্জাতিক ও ডোমেস্টিক পোস্টাল নীতির অনুকূল পরিবেশ।

• কার্যালয় অফিস থেকে উচ্চ পর্যায়ের প্রশাসনিক অফিস থেকে নিম্ন স্তরের সেবা প্রদানকারী পৃথক করা। • বি,পি,ও এর তথ্য কেন্দ্র সম্পাাদনের জন্য একটি উপযুক্ত স্থান প্রদান এবং • বি,পি,ও এর গবেষণা ও উন্নয়ন কার্যক্রমকে শক্তিশালী করা।	• গ্লোবাল ডাক সেক্টর সম্পর্কিত সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার মধ্যে বাংলাদেশ ডাক বিভাগের সক্রিয় অংশগহণ ও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন।	• গ্লোবাল ডাক ফোরামের বিভন্ন পদে বাংলাদেশের গুরুত্বপূর্ণ অবস্থান।	• সরকারি সংস্থাগুলির কাছ থেকে প্রয়োজনীয় সহযোগিতা পাওয়া যায়। • আধুনিক প্রযুক্তিভিত্তিক পরিসেবাগুলি পাওয়া যায়। • উন্নত গ্রাহক সেবা। • দক্ষ ও কার্যকর ব্যবস্থাপনা পদ্ধতি অর্জন করা।
আউটপুট • প্রয়োজনীয় অবকাঠামো ও সরবরাহ সেবাগুলির সন্নিবেশ ঘটিয়ে ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবন এর নির্মাণ কাজ সমাপ্ত করা।	• ভবন, সরঞ্জাম, মেশিন এবং আসবাবপত্র এর মান।	• সরেজমিনে পরিদর্শন। • মেশিন, সরঞ্জাম, আসবাবপত্র ইত্যাদির জন্য পরীক্ষা এবং ট্রায়াল দেয়া।	• যোগ্যতা সম্পন্ন দরদাতা বা প্রস্তাবদাতা প্রতিষ্ঠান কর্তৃক দরপত্র প্রক্রিয়ায় অংশগ্রহণ। • অনুকূল অর্থনৈতিক অবস্থা। • এডিপিতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ নিশ্চিত করা।
ইনপুট • একটি ভবন নির্মাণের জন্য ইওআই এর মাধ্যমে পরামর্শ কেন্দ্রের (প্রাতিষ্ঠানিক এবং অভ্যন্তরীণ স্থাপত্য নকশা এবং নির্মাণ কাজ সমাপ্তির জন্য) প্রকিউরমেন্ট। • প্রয়োজনীয় অবকাঠামো, সরঞ্জাম, মেশিন, আসবাবপত্র এবং অন্যান্য পরিবর্তনশীল এবং নিদিষ্ট আইটেমের প্রাক্কলন।	• জাতীয় ও আন্তর্জাতিকভাবে স্বনামধন্য কনসালটেন্সি ফার্ম। • জাতীয় ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ব্রান্ডের সরঞ্জাম, মেশিন, আসবাবপত্র এবং অন্যান্য পরিবর্তনশীল ও নির্দিষ্ট আইটেম।	• দরপত্র/ইওআই মূল্যায়ন প্রক্রিয়ার পর্যালোচনা। • দরপত্র ও ইওআই নথি পর্যালোচনা।	• যোগ্যতাসম্পন্ন দরদাতা বা প্রস্তাবদাতাদের অংশগ্রহণ।

সূত্রঃ আরডিপিপি

১.১০ প্রকল্পের টেকসইকরণ পরিকল্পনা/ Exit Plan

ডিপিপি/আরডিপিপিতে প্রকল্পের টেকসইকরণ পরিকল্পনা/ Exit Plan নেই।

১.১১ পিসিআর সংক্রান্ত তথ্য

প্রতিটি প্রকল্প বাস্তবায়ন শেষে প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন প্রস্তুত কর হয়। আলোচ্য প্রকল্পেরও বাস্তবায়ন শেষে একটি সমাপ্তি প্রতিবেদন প্রস্তুতপূর্বক ১২ মার্চ ২০২০ দাখিল করা হয়েছিল। উক্ত প্রতিবেদনে নিম্নলিখিত মন্তব্য করা হয়েছিল।

১) প্রকল্পের অধীনে ২টি বেজমেন্টসহ ১৪ তলা ভবন নির্মাণ করা হয়েছে যার পরিমাণ মোট ১৬৪১৭ বর্গমিটার যা লক্ষ্যমাত্রার ১০০%।

২) ৫৭টি যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয় সম্পন্ন করা হয়েছে যা লক্ষ্যমাত্রার ১০০%

৩) জাতীয় ও আন্তর্জাতিক কল সেন্টার স্থাপন করা হয়েছে যা লক্ষ্যমাত্রার ১০০%

সুতরাং প্রকল্পের অবকাঠামোগত সামগ্রিক অর্জন ১০০%। প্রতিটি প্রকল্প বাস্তবায়নের ফলে প্রত্যক্ষ এবং পরোক্ষ ২ ধরনের প্রভাব পরিলক্ষিত হয়। এই প্রকল্পের ক্ষেত্রে প্রত্যক্ষ এবং পরোক্ষ সুবিধাগুলো একসাথে অর্থনৈতিক প্রবৃদ্ধি, ভোক্তার সেবার মান বৃদ্ধি এবং মানব সম্পদ উন্নয়নে সমন্বয় তৈরি করে।

দ্বিতীয় অধ্যায়

সমীক্ষার কার্যপদ্ধতি (Methodology)

২.১ পরামশকের কর্মপরিধি ও দায়িত্ব (TOR)

১. প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা;
২. প্রকল্পের অর্থবছর ভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;
৩. ডিপিপি ও লগফ্রেমের আলোকে Output, Outcome ও Impact পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
৪. প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে আইন ও বিধিমালা (পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ
৫. প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধাদি (পণ্য অবকাঠামো ও সেবা) পরিচালনা, SOP (Standard Operation Procedure) এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
৬. প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BoQ /TOR, গুণগতমান ও পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে করা হয়েছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
৭. প্রকল্পের BCR ও IRR অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
৮. প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (Sustainable) হয়েছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
৯. প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম, বাস্তবায়ন পদ্ধতি, সৃষ্ট সুবিধাদি টেকসই বিষয়ক ও সৃষ্ট সুবিধাদি পরিচালনা ইত্যাদির SWOT Analysis করা;
১০. রাস্তাসহ অন্যান্য পরিকাঠামো নির্মাণ, সম্প্রসারণ ইত্যাদি গ্রহণের ফলে উপর্যুক্ত প্রকল্পের উপর প্রভাব সম্পর্কিত তথ্য উপাত্ত সংগ্রহ, বিশ্লেষণ এবং তদানুযায়ী পর্যবেক্ষণ /মতামত/সুপারিশ প্রদান;
১১. ডাকসহ বিভিন্ন টেলিযেগাযোগ/আইটি সংস্থা কর্তৃক গৃহীত কোন প্রকল্পের কার্যের প্রভাব সম্পর্কিত তথ্য উপাত্ত সংগ্রহ, বিশ্লেষণ এবং তদানুযায়ী পর্যবেক্ষণ /মতামত/সুপারিশ প্রদান;
১২. প্রাকৃতিক দুর্যোগের ফলে এ প্রকল্পের OSP তে কোন প্রভাব পড়লে তার তথ্য উপাত্ত সংগ্রহ, বিশ্লেষণ এবং তদানুযায়ী পর্যবেক্ষণ /মতামত/সুপারিশ প্রদান;
১৩. এ অর্থবছরের জন্য নির্বাচিতব্য প্রতিষ্ঠানসমূহ যেসব FGD, KII সহ সরেজমিনে পরিদর্শন করবেন তার একটি ভিডিও (নূন্যতম ৩০ মিনিটের) প্রমাণক হিসেবে আবশ্যিকভাবে জাতীয় কর্মশালার পূর্বে আইএমইডিতে দাখিল করতে হবে;
১৪. উল্লিখিত পর্যালোচনার ভিত্তিতে সার্বিক পর্যবেক্ষণ;
১৫. প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন এবং
১৬. প্রকল্প ব্যবস্থাপনা, প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প সমীক্ষা তত্ত্বাবধান কমিটির সভা আয়োজন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
১৭. প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করে জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করা;
১৮. আইএমইডি কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলি সম্পাদন করা।

২.২ সমীক্ষার কার্যক্রমের কার্য পদ্ধতি

বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ (সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন ও ক্রয় প্রক্রিয়া যাচাই বাছাই করার জন্য এই মূল্যায়ন সমীক্ষাটি গুরুত্বপূর্ণ। এই ক্ষেত্রে পরামর্শক প্রতিষ্ঠানের পরামর্শক কর্তৃক সঠিক দায়িত্ব পালন, কর্মপদ্ধতি ও প্রভাব মূল্যায়ন কার্যক্রমের সময়ভিত্তিক কর্ম পরিকল্পনা প্রণয়ন এবং সুপারিশ প্রদান ইত্যাদি এর অন্যতম অনুষঙ্গ। প্রকল্পের উদ্দেশ্যকে লক্ষ্য

রেখে বর্তমান সমীক্ষা কার্যক্রম পরিচালনা পদ্ধতি নির্ধারণ করা হয়েছে। প্রকল্পের প্রভাব মূল্যায়নের উদ্দেশ্য অর্জনে যে সকল পদ্ধতি অবলম্বন করা হয়েছে, তা হলো (১) বিদ্যমান দলিলাদি পর্যালোচনা, (২) জরিপের মাধ্যমে প্রকল্প এলাকার সংখ্যাগত ও গুণগত তথ্য সংগ্রহ, (৩) সরজমিনে পরিদর্শনের মাধ্যমে তথ্যাদি সংগ্রহ, পরীক্ষণ ও বিশ্লেষণপূর্বক প্রতিবেদন প্রস্তুত।

২.৩ সমীক্ষার কৌশলগত পদ্ধতি (Technical Approach)

প্রকল্পের টিওআর-এ উল্লিখিত কর্মপরিধির আলোকে প্রারম্ভিক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রকল্পের উদ্দেশ্যকে লক্ষ্য রেখে বর্তমান সমীক্ষার কৌশলগত পদ্ধতি নির্ধারণে যে কয়টি ধাপ অনুসরণ করা হয়েছে, তা হচ্ছে (১) প্রকল্পের ডিপিপি/আরডিপিপি, পিসিআর পর্যালোচনা, (২) লগ-ফ্রেমের আলোকে আউটপুট, আউটকাম ও ইমপ্যাক্ট পর্যায়ে অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ, (৩) সরকারি ক্রয় আইন ও সরকারি ক্রয় বিধিমালা প্রতিপালন বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ, (৪) প্রকল্প বাস্তবায়নের ফলে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী কী পরিবর্তন হয়েছে তা পর্যালোচনা করা, (৫) প্রকল্পের BCR ও IRR অর্জন পর্যালোচনা, (৬) ইন্টারনাল ও এক্সটারনাল অডিট সম্পাদন সম্পর্কে পর্যালোচনা, (৭) নির্মিত ভবনের বিভিন্ন ধরনের ডিজাইন (স্থাপত্য নকশা, কাঠামোগত নকশা, ইলেক্ট্রো-মেকানিক্যাল নকশা ও প্লাম্বিং নকশা) অনুযায়ী কাজসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে কিনা তা যাচাই ও পর্যালোচনা, (৮) BNBC যাচাই এবং নির্মিত স্থাপনার গুণগতমান পর্যালোচনা ও পর্যবেক্ষণ, (৯) প্রকল্পের সবল দিক, দুর্বল দিক, সুযোগ ও ঝুঁকি সম্পর্কে পর্যালোচনা, (১০) উপকারভোগীদের মতামত পর্যালোচনা, (১১) সমাপ্ত প্রকল্পের সুবিধাদিসহ টেকসই (Sustainable) পরিকল্পনা সম্পর্কে পর্যালোচনা।

২.৪ সমীক্ষার বিশ্লেষণগত কাঠামো

প্রভাব মূল্যায়ন সমীক্ষার জন্য নিদিষ্টকৃত নির্দেশকসমূহের সাথে সঙ্গতি রেখে প্রাপ্ত তথ্যের স্তরবিন্যাস করা হয়েছে যেন তথ্যের পরিসংখ্যানগত বিশ্লেষণ সঠিকভাবে সম্পন্ন করা হয় । প্রাপ্ত তথ্যসমূহ SPSS সফটওয়্যার ব্যবহার করে যথাযথ পরিসংখ্যানিক পদ্ধতির মাধ্যমে তথ্য বিশ্লেষণ করা হয়েছে।

২.৫ সমীক্ষার ধারণা (Coceptualization)

প্রভাব মূল্যায়ন সমীক্ষা কার্যক্রম সম্পাদনের জন্য ToR অনুযায়ী প্রদত্ত গাইডলাইন অনুসরণ করা হয়েছে। গৃহীত সকল কার্যক্রম পর্যায়ক্রমে ও ক্রমানুযায়ী সম্পন্ন করা হয়েছে। প্রকল্পটির প্রভাব মূল্যায়ন কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করার উদ্দেশ্যে সকল কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করা হয়েছে। কার্যক্রম গ্রহণের বিভিন্ন ধাপ ও পর্যায় নিম্নে বর্ণনা করা হলো ।

প্রথম ধাপ

এ পর্যায়ে প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন ও তথ্যাদি সংগ্রহ এবং পর্যালোচনা করা হয়েছে। এছাড়া প্রভাব মূল্যায়ন সমীক্ষা কার্যক্রম সম্পাদনের পরিকল্পনা গ্রহণ, নির্দেশক নির্বাচন, তথ্যের উৎস চিহ্নিতকরণ, প্রকল্প এলাকা ও নমুনা নির্ধারণ বিভিন্ন প্রশ্নমালার ছক প্রস্তুত করা, প্রারম্ভিক প্রতিবেদন প্রস্তুত, উপস্থাপন এবং চূড়ান্তকরণ ইত্যাদি এ ধাপে করা হয়েছে।

দ্বিতীয় ধাপ

এ ধাপে মাঠ পর্যায়ে তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য লোকবল নিয়োগ ও প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া প্রস্তুতকৃত প্রশ্নাবলী ও ছকের উপর বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ প্রদত্ত মতামত/পরামর্শ অনুসরণে প্রশ্নাবলী ও ছক চূড়ান্তকরণপূর্বক মাঠ পর্যায়ে তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়েছে।

তৃতীয় ধাপ

এ ধাপে তথ্য সংগ্রহকারীগণ মাঠ পর্যায় হতে নিদির্ষ্ট পরিকল্পনা ও সময়ানুযায়ী তথ্য উপাত্ত সংগ্রহ করেছেন। পরামর্শক ও সমীক্ষা টিম কর্তৃক তথ্য সংগ্রহকারীদের কাজ তদারকি করা হয়েছে। এছাড়া প্রকল্প পরিচালক/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা হতে সুনিদিষ্ট তথ্য – উপাত্ত সংগ্রহ করা হয়েছে।

চতুর্থ ধাপ

মাঠ পর্যায় হতে সংগৃহীত তথ্য ভূলত্রুটি থাকলে তা সংশোধন করা হয়েছে। সংগৃহীত তথ্য উপাত্ত সংশোধনের পর সেগুলোতে সাংকেতিক নম্বর প্রদান করা হয়েছে এবং সে অনুযায়ী কম্পিউটারে ধারণ করা হয়েছে । পরবর্তীতে সংগৃহীত তথ্য পরিসংখ্যানিক বিশ্লেষণ করা হয়েছে এবং প্রাপ্ত ফলাফল সারণি আকারে উপস্থাপন করা হয়েছে।

পঞ্চম ধাপ

এ ধাপে প্রাপ্ত ফলাফলের উপর ভিত্তি করে খসড়া প্রতিবেদন প্রণয়ন করে পর্যালোচনার জন্য আইএমইডির নিকট দাখিল করা হয়েছে। খসড়া প্রতিবেদনের উপর টেকনিক্যাল কমিটি ও সমীক্ষা তত্ত্বাবধান কমিটির সুপারিশের ভিত্তিতে চূড়ান্ত খসড়া প্রণয়নপূর্বক জাতীয় কর্মশালায় উপস্থাপন করা হয়েছে। কর্মশালা হতে প্রাপ্ত সুপারিশের আলোকে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন ও দাখিল করা হবে।

প্রভাব মূল্যায়ন সমীক্ষার নির্দেশক নির্বাচন

প্রকল্পের বর্তমান অবস্থা ও পটভূমির সঙ্গে তার নকশা পরিকল্পনা তথা আরডিপিপিতে বর্ণিত বিষয়সমূহের নির্দেশকের মাধ্যমে প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষা পরিচালনা করা হয়েছে । নিম্নোক্ত চারটি পর্যায়ে প্রকল্পের প্রভাব মূল্যায়ন করা হয়েছে ।

সারণি: ৯ প্রভাব মূল্যায়ন সমীক্ষার নির্দেশক

১) প্রকল্প প্রণয়ণ সংক্রান্ত পরিকল্পনা	➢ প্রকল্প প্রণয়ন ধাপের বিভিন্ন বিষয় পর্যালোচনা; ➢ প্রকল্পের ফিজিবিলিটি প্রতিবেদন পর্যালোচনা; ➢ প্রকল্পের বেজলাইন স্টাডি ইত্যাদি পর্যালোচনা; ➢ প্রকল্পের কর্মপরিকল্পনা ,স্কোপ অব ওয়ার্ক ইত্যাদি সঠিকভাবে গ্রহণ করা হয়েছে কিনা তা পর্যালোচনা; ➢ প্রকল্পের অনুমোদন ,সংশোধন , ঋণচুক্তি/MoUইত্যাদি পর্যালোচনা।
২) প্রকল্পের বাস্তবায়ন ও অগ্রগতি	➢ প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগ্রতি পর্যালোচনা; ➢ প্রকল্পের আওতায় সম্পাদিত প্রধান প্রধান কাজের বর্তমান অবস্থা পর্যালোচনা ; ➢ অর্থবছর ভিত্তিক কর্মপরিকল্পনা পর্যালোচনা; ➢ প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন অর্থায়নে বিলম্ব ,প্রকল্প বাস্তবায়ন অর্থাৎ পণ্য ,কার্য,সেবা ক্রয় /সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব,ব্যবস্থাপনায় সমস্যা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ,পর্যালোচনা ও পর্যবেক্ষণ; ➢ প্রকল্পের সবলদিক,দুর্বলদিক,সুযোগ ও ঝুঁকি বিশ্লেষণ; ➢ প্রকল্প বাবস্থাপনা, প্রকল্প পরিচালক নিয়োগ,জনবল নিয়োগ,প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন; ➢ অগ্রগ্রতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ ; ➢ বাস্তবায়নকারী সংস্থার নিজস্ব মনিটরিং ও তদারকি ব্যবস্থা পর্যালোচনা ; এবং ➢ প্রকল্পের Exit plan সম্পর্কে পর্যালোচনা ও মতামত প্রদান ।
৩) প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যালোচনা	➢ প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য/কার্য ও সেবা সংগ্রহের ক্ষেত্রে ক্রয় আইন এবং প্রয়োজ্য গাইড লাইন অনুসরণ করা হয়েছে কিনা তা পর্যালোচনা করা; ➢ অডিট সংক্রান্ত পর্যালোচনা (ইন্টারন্যাল এবং এক্সটারনাল অডিট); ➢ বিভিন্ন পণ্য, কার্য,সেবা সংশিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BoQ/TOR গুণগতমান,পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয়

	পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে /হচ্ছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ ; এবং ➢ প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা (যদি থাকে) যেমন-অর্থায়নে বিলম্ব, পণ্য ,কার্য ও সেবা ক্রয় সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, বিল পরিশোধে বিলম্ব,পরিচালন পদ্ধতিগত দুর্বলতা, পর্যবেক্ষণ ও পর্যালোচনা।
৪) প্রকল্পের বাস্তবায়ন পর্যায়ে গুণগতমান পর্যবেক্ষণ	➢ প্রকল্পের অনুমোদিত ডিজাইন অনুযায়ী প্রকল্পের কাজ বাস্তবায়ন হয়েছে কিনা তা মাঠ পর্যায়ে কেআইআই,এফজিডি'র মাধ্যমে পর্যবেক্ষণ; ➢ টেকসইকরণ (Sustainability plan) পরিকল্পনা বিষয়ে পর্যবেক্ষণ; ➢ প্রকৌশলগত দিক থেকে ডাক ভবন ও অন্যান্য অবকাঠামোর Life time /Design life এর যথাযথ পর্যবেক্ষণ, টুলস- ফেরোস্ক্যান মেশিন, বিভিন্ন প্রকার টেষ্টের ফলাফল ইত্যাদি; ➢ স্থাপিত যন্ত্রপাতি ও মালামাল এর টেস্ট করা ; এবং ➢ পরিবেশগত তথ্যাদির প্রতিবেদন পর্যালোচনা।

২.৬ সমীক্ষার কর্মপদ্ধতি

সমীক্ষার কর্মপদ্ধতির অংশ হিসেবে প্রয়োজনীয় তথ্য প্রাইমারি এবং সেকেন্ডারি উৎস থেকে সংগ্রহ করা হয়েছে। প্রাইমারি তথ্য সরাসরি সাক্ষাৎকারের মাধ্যমে এবং সেকেন্ডারি তথ্য বাংলাদেশ ডাক অধিদপ্তর, জিপিও, বিভিন্ন ডাক অফিস, বাংলাদেশ ডাক,টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রনালয় এবং অন্যান্য সংশ্লিষ্ট সংস্থা থেকে সংগ্রহ করা হয়েছে। সংগৃহীত তথ্য যাচাই বাছাই করে কম্পিউটারে সংরক্ষণ করা হয়েছে এবং পরবর্তীতে বিশ্লেষণপূর্বক প্রতিবেদন প্রস্তুতিতে ব্যবহার করা হয়েছে। বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ (সংশোধিত) প্রকল্প সম্পর্কে সম্যক ধারণা লাভের জন্য প্রয়োজনীয় প্রাইমারি তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য সংখ্যাগত এবং গুণগত জরিপ পদ্ধতি ব্যবহার করা হয়েছে। প্রশ্ন ও উত্তরের মাধ্যমে সরাসরি সাক্ষাৎকার গ্রহণপূর্বক সুফলভোগী বাংলাদেশ ডাক অধিদপ্তর এবং জিপিও থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে।

২.৭ সমীক্ষা এলাকা নির্ধারণ

প্রকল্পটি সমগ্র বাংলাদেশের ৪৬০ উপজেলার ডাক ঘরের প্রধান কার্যালয় হিসাবে গড়ে তোলার লক্ষ্যে নেওয়া হয়েছে যাতে শুধুমাত্র সমগ্র বাংলাদেশের প্রশাসনিক কার্যক্রম পরিচালিত হবে। প্রকল্পের সাথে সামঞ্জস্য রেখে প্রকল্প বাস্তবায়িত এলাকা ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাভূক্ত ডাক অফিস থেকে প্রয়োজনীয় সংখ্যক ডাক অফিস, ডাক অধিদপ্তর এবং কেন্দ্রিয় ডাক অফিসকে সমীক্ষার জন্য নির্বাচন করা হয়েছে। সমীক্ষা এলাকা হিসেবে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের যেসব ওয়ার্ডকে বিবেচনা করা হয়েছে তা নিম্নের সারণিতে উল্লেখ করা হলোঃ-

সারণি ১০: সিটি কর্পোরেশন অনুযায়ী ওয়ার্ডসমূহ

ক্রমিক নং	সিটি কর্পোরেশন	ওয়ার্ড
	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	২৬ নং
		২৭নং
		২৮নং
		২৯নং
	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন	১৩ নং

২.৮ সমীক্ষা পদ্ধতি

প্রভাব মূল্যায়ন সমীক্ষা কার্যক্রম পরিচালনার জন্য দুটি মূল গবেষণা পদ্ধতি অনুসরণ করা হয়েছে। ক) সংখ্যাগত জরিপ ও খ) গুণগত জরিপ। সংখ্যাগত জরিপ পরিচালনার মাধ্যমে মাঠ পর্যায়ের সুবিধাভোগীদের মতামত গ্রহণ করা হয়েছে। এই সমীক্ষা কার্যক্রমে অংশগ্রহণকারী উত্তরদাতাগণের উত্তরসমূহের গুণগতমান মূল্যায়ন করা হয়েছে। অধিকন্তু সমাপ্ত কায়ক্রম পরিবীক্ষণের জন্য সরেজমিনে প্রকল্প স্থান পরিদর্শন ও সংশ্লিষ্ট বিষয় পর্যবেক্ষণ করা হয়েছে।সমীক্ষাটি মোট ০৩টি (তিন) পর্বে সম্পন্ন হয়েছে। নিম্নে চার্টের মাধ্যমে প্রতিটি পর্বের ধাপগুলো দেখানো হলোঃ



২.৮.১ সংখ্যাগত জরিপের নমুনা সংখ্যা ও এলাকা নির্ধারণ

বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ প্রকল্পের সুবিধাভোগী এলাকা থেকে নমুনা আকার নিম্নলিখিত ফর্মূলার (Robert.D.Muller, 1923) মাধ্যমে নির্ণয় করা হয়েছে । নমুনা হিসেবে ডাক অধিদপ্তর ও জিপিওকে বিবেচনায় নিয়ে প্রকল্পের সুবিধাভোগীদের থেকে নমুনা আকার নিম্নলিখিত ফর্মূলার মাধ্যমে নির্ণয় করা হয়েছে।

$$n = \frac{z^2pq}{e^2}$$

Where,
z=1.96 (The value of the standard variation at 95% confidence level).
n=Sample size
P= Proportion/Probability of Success=0.5
q = 1-p= 0.5
e = allowable margin of error (5%) or precision level = 0.05
উপরোক্ত মানগুলি ফর্মূলায় বসিয়ে দিলে n =৩৮৪.১৬ পাওয়া যায়। সুতরাং তথ্য সংগ্রহের সমতার ভিত্তিতে নমুনার আকার নেয়া হলো ৪০০।

২.৮.২ উত্তরদাতার নমুনা চয়ন

উল্লিখিত ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়ার্ড থেকে ৪ টি ওয়ার্ড এবং দক্ষিণ সিটি কর্পোরেশন থেকে ১টি ওয়ার্ড নির্বাচন করা হয়েছে । মোট ওয়ার্ডের সংখ্যা হয়েছে ০৫ টি । তবে নির্বাচিত ওয়ার্ডে যদি কোন সুবিধাভোগী না পাওয়া যায় তবে পাশ্ববতী ওয়ার্ড থেকে তা পূরণ করা হয়েছে। উপযুক্ত নমুনা চয়ন পদ্ধতিটি নিম্নের ছকের মাধ্যমে দেওয়া হলোঃ

ছক: নমুনা বাছাই প্রক্রিয়া



২.৮.৩ উত্তরদাতার নমুনা বন্টন

সমীক্ষার জন্য নির্বাচিত ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রতিটি সুবিধাভোগী ওয়ার্ড/উপজেলা পর্যায়ের ডাক অফিস, ডাক অধিদপ্তর এবং জিপিও থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। উল্লেখিত ৩৮৪ নমুনার সবকটি ডাক অধিদপ্তর এবং জিপিও এর বিভিন্ন স্তরের কর্মকর্তা-কর্মচারী এবং ভোক্ত সাধারণের মধ্যে বন্টন করে জরিপ ও এফজিডি আলোচনার মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়েছে। এছাড়া সুফলভোগী বাংলাদেশ ডাক অধিদপ্তর, কেন্দ্রীয় ডাক অফিস (জিপিও) এবং ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় হতে KII পদ্ধতিতে তথ্য সংগ্রহ করা হয়েছে।

সারণি-১১; প্রভাব মূল্যায়ন কার্যক্রমের আওতায় প্রকল্পটির তথ্যদাতার বিন্যাস

নং	নির্বাচিত বিভাগ	নির্বাচিত জেলা	নির্বাচিত উপজেলা	নির্বাচিত সিটিকর্পোরেশন	নির্বাচিত ওয়ার্ড	উত্তর দাতার বন্টন
০১	ঢাকা	ঢাকা	শেরে-বাংলা নগর	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	২৬	৮০
০২	ঢাকা	ঢাকা	শেরে-বাংলা নগর	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	২৭	৭৬
০৩	ঢাকা	ঢাকা	শেরে-বাংলা নগর	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	২৮	৭৬
০৪	ঢাকা	ঢাকা	মতিঝিল	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন	২৯	৭৬
০৫	ঢাকা	ঢাকা	মতিঝিল	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন	১৩	৭৬
মোট	০১	০১	০২	০২	০৫	৩৮৪

সারণি-১২; প্রভাব মূল্যায়ন কার্যক্রমের আওতায় প্রকল্পটির তথ্যদাতা উপকারভোগীর সুনিদিষ্ট বিন্যাস

উপকারভোগীর প্রকৃতি	মোট উপকারভোগী	নমুনার আকার	মন্তব্য
সরকারি কর্মচারী	৪৬৫	২৫০	
দোকানদার/পথচারী	১৫০	৭০	
সেবা গ্রহীতা	১৮৫	৮০	
মোট	৮০০	৪০০	

২.৯ তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ পদ্ধতি

২.৯.১ মাঠ কর্মী এবং সুপারভাইজার নিয়োগ

পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠকর্মী এবং সুপারভাইজার নিয়োগ প্রদান করা হয়েছে। পরার্মশকগণ মাঠকর্মী এবং সুপারভাইজারগণের প্রশিক্ষণ প্রদান করেছেন । সমীক্ষার জন্য মোট ৩৮৪ জন উপকারভোগী উত্তরদাতার সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়েছে। পূর্ব অভিজ্ঞতা থেকে দেখা যায় যে, ০১ জন তথ্য সংগ্রহকারী এ ধরণের সমীক্ষায় দৈনিক গড়ে ০৫-০৬ জনের তথ্য সংগ্রহ করতে পারেন। এ হিসেবে ১০ জন তথ্য সংগ্রহকারী ০৮ কর্মদিবস সময়ের মধ্যে তথ্য সংগ্রহ করেছেন। ১০ জন তথ্য সংগ্রহকারীকে নিবিড় পর্যবেক্ষণের জন্য ০৩ জন সুপারভাইজার নিয়োগ দেওয়া হয়েছে। সুপারভাইজারগণ তথ্য সংগ্রহকারীদের ফলো-আপ করেছেন। সকল তথ্য সংগ্রহের জন্য মোট ১০-১২ দিন সময় প্রয়োজন হয়েছে।

২.৯.২ তথ্য সংগ্রহের উপকরণ প্রণয়ন (প্রশ্নমালা ও চেকলিষ্ট)

প্রভাব মূল্যায়ন কাজের তথ্য ও উপাত্ত সংগ্রহ করার লক্ষ্যে প্রয়োজনীয় সমীক্ষা উপকরণ যেমন প্রশ্নমালা বা সিডিউল, চেকলিস্ট ও গাইডলাইন প্রণয়ন করা হয়। যেগুলো তথ্য সংগ্রহকালীন সময়ে যথাযথভাবে ব্যবহার করা হয়েছে। সার্ভে উপকরণসমূহ প্রথমে খসড়া আকারে প্রণয়ন করে সেগুলো খসড়া প্রারম্ভিক প্রতিবেদনের সাথে আইএমইডি'র কাছে জমা দেওয়া হয়েছে। টেকনিক্যাল ও তত্ত্বাবধায়ক কমিটির সিদ্ধান্ত ও নির্দেশনা মোতাবেক প্রশ্নপত্র, গাইডলাইন ও চেকলিস্টসমূহ সংশোধন ও পরিমার্জন করা হয়েছে। তথ্য সংগ্রহকারীদের জন্য আয়োজিত প্রশিক্ষণ চলাকালীন সময়ে সেগুলো মক টেস্ট ও ফিল্ড টেস্টে সম্ভাব্যতা যাচাই করা হয়েছে। প্রয়োজনীয় যাচাই-বাছাই শেষে সার্ভে উপকরণগুলো চূড়ান্ত অনুমোদনের জন্য আইএমইডি'র নিকট দাখিল করা হয়েছে। আইএমইডি'র অনুমোদন লাভের পর সেগুলো তথ্য সংগ্রহকারীদের হাতে অর্পণ করা হয়েছে। যেগুলো মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের কাজে ব্যবহার করা হয়েছে। তথ্য -উপাত্ত সংগ্রহের উপকরণসমূহ নিম্নরুপ-

সারণি: ১৩ তথ্য -উপাত্ত সংগ্রহের উপকরণসমূহ

ক্রমিক নং	প্রশ্নমালা/চেকলিষ্ট	
১	আর্থ-সামাজিক সমীক্ষার সাক্ষাৎকার প্রশ্নমালা ও গাইডলাইন	পরিশিষ্ট-১
২	বাংলাদেশ ডাক অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনার গাইডলাইন	পরিশিষ্ট-২
৩	প্রকল্প পরিচালক মহোদয়ের সাথে আলোচনার গাইডলাইন	পরিশিষ্ট-৩
৪	পরামর্শক প্রতিষ্ঠানের টিম লিডারের সাথে আলোচনার গাইডলাইন	পরিশিষ্ট-৪
৫	নির্মাণ প্রতিষ্ঠানের স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারের সাথে আলোচনার গাইডলাইন	পরিশিষ্ট-৫
৬	নির্মাণ প্রতিষ্ঠানের সুপারভিশন ইঞ্জিনিয়ারের সাথে আলোচনার গাইডলাইন	পরিশিষ্ট-৬
৭	ক্রয়সংক্রান্ত তথ্য সংগ্রহের নিমিত্ত প্রকল্প পরিচালক মহোদয়ের সাথে আলোচনার গাইডলাইন	পরিশিষ্ট-৭
৮	পরামর্শক প্রতিষ্ঠানের সুপারভিশন ইঞ্জিনিয়ারের সাথে আলোচনার গাইডলাইন	পরিশিষ্ট-৮
৯	বাংলাদেশ ডাক অধিদপ্তরের পরিচালক (উন্নয়ন) মহোদয়ের সাথে আলোচনার গাইডলাইন	পরিশিষ্ট-৯
১০	বাংলাদেশ ডাক অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের সাথে আলোচনার গাইডলাইন	পরিশিষ্ট-১০
১১	ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের যুগ্মসচিব (উন্নয়ন) মহোদয়ের সাথে আলোচনার গাইডলাইন	পরিশিষ্ট-১১
১২	ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের উপসচিব (উন্নয়ন) মহোদয়ের সাথে আলোচনার গাইডলাইন	পরিশিষ্ট-১২
১৩	প্রকল্পটির প্রভাব মূল্যায়নের নিমিত্ত এফজিডি'র গাইডলাইন পরিচিতি ও গবেষণার উদ্দেশ্য বর্ণনা	পরিশিষ্ট-১৩

২.৯.৩ প্রশিক্ষণ উপকরণ চূড়ান্তকরণ ও সার্ভে পরিকল্পনা প্রণয়ন ও যাচাইকরণ

মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের কাজ যথাযথভাবে সম্পাদনের লক্ষ্যে তথ্য সংগ্রহকারীদের নিয়ে ০২ (দুই) দিনের প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। উক্ত কর্মসূচিতে আইএমইডি'র সংশ্লিষ্ট কর্মকর্তাগণকেও আমন্ত্রণ জানানো হয়েছে। প্রশিক্ষণ কার্যক্রমে যেসব বিষয় অন্তর্ভূক্ত করা হয়েছে তার মধ্যে প্রধান হল:

-প্রকল্প পটভূমি ও উদ্দেশ্য
-প্রভাব মূল্যায়ন কাজের কর্মপদ্ধতি
-উত্তর সংগ্রহের ছক ও গাইডলাইন
-উত্তরদাতার শ্রেণিবিন্যাস
-উত্তরদাতার সাক্ষাৎকার গ্রহণের কৌশল
-উত্তরপত্র লিপিবদ্ধ করার পদ্ধতি

প্রশিক্ষণ কর্মশালার ১ম দিনের প্রথমার্থে সমীক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য, প্রকল্পের পটভূমি, প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য, কাজ, প্রকৃতি ও পরিধি, প্রকল্প বাস্তবায়ন এবং সম্ভাব্য ফলাফল সমীক্ষা পদ্ধতি, টুলস্, তথ্য সংগ্রহ পরিচালনা ইত্যাদি সম্পর্কে বিশদ ধারণা জ্ঞাপন করা হয়েছে। প্রশিক্ষণ কর্মশালার ১ম দিনের দ্বিতীয়ার্ধে তথ্য সংগ্রহকারীদের দলগতভাবে বিভাজন করে মক টেস্ট প্রক্রিয়া সম্পাদন করা হয়েছে। প্রশিক্ষণ কর্মশালায় আইএমইডি'র প্রতিনিধিগণ সমীক্ষার লক্ষ্য, উদ্দেশ্য, গুরুত্ব ও তাৎপর্য উপস্থাপন করেছেন। সমীক্ষার ২য় দিনে তথ্য সংগ্রহকারীদের প্রি-টেস্ট করানো হয়েছে। প্রি-টেস্টের প্রত্যক্ষলব্ধ অভিজ্ঞতার আলোকে তথ্য সংগ্রহকারীদের প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান, সমীক্ষার টুলস্ সংশোধন ও পরিমার্জনপূর্বক তথ্য সংগ্রহের জন্য চূড়ান্ত পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

২.৯.৪ সাক্ষাৎকার গ্রহণ

নির্ধারিত প্রশ্নপত্রের সাহায্যে উত্তরদাতাগণের সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে। প্রশ্নপত্রেই উত্তর লিপিবদ্ধ করা হয়েছে, প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহৃত হয়েছে। প্রকল্প এলাকা সরজমিনে পরিদর্শন, প্রকল্পের স্থির চিত্র সংগ্রহ ও ক্রয় সংক্রান্ত তথ্য যাচাই, নিবিড় আলোচনা, এফজিডি ইত্যাদির জন্য সংশ্লিষ্ট চেকলিস্ট/গাইডলাইন অনুসরণ করা হয়েছে। প্রয়োজনে অনুমতি সাপেক্ষে নিবিড় আলোচনা রেকর্ড করা হয়েছে।

২.৯.৫ গুণগত পদ্ধতির ব্যবহার

সমীক্ষায় গুণগত পদ্ধতি হিসেবে 'কী ইনফরমেন্টস্ ইন্টারভিউ (KII) এবং ফোকাস গ্রুপ ডিসকাশন (FGD) ব্যবহার করা হয়েছে।

২.৯.৫.১ কি ইনফরমেন্টস্ ইন্টারভিউ (KII)

KII পদ্ধতিতে বাংলাদেশ ডাক অধিদপ্তর, কেন্দ্রীয় ডাক অফিস, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের সাক্ষাৎকার নেয়া হয়েছে। এ সংক্রান্ত মোট KII হবে ২০ টি ।

KII এর উত্তরদাতা চয়ন

প্রকল্প সর্ম্পকে সম্যক তথ্য লাভের জন্য KII এর মাধ্যমে এবং বাংলাদেশ ডাক অধিদপ্তর, কেন্দ্রীয় ডাক অফিস, এবং ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের উত্তরদাতা হিসেবে নির্বাচন করা হয়েছে।

সারণি: ১৪ কর্মকর্তাগণের উত্তরদাতা হিসেবে নির্বাচনের তথ্য

সংস্থা	উত্তরদাতা	ভৌগিলিক অবস্থান	উত্তরদাতার ধরন	উত্তরদাতার সংখ্যা
বাংলাদেশ ডাক অধিদপ্তর	মহাব্যবস্থাপক,আতিরিক্ত মহাব্যস্থাপক ব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন)	ঢাকা	ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ প্রকল্প বাস্তবায়নকারী সুফলভোগী সংস্থা	৪
ডাক,টেলিযোগায়োগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়	যুগ্নসচিব (উন্নয়ন), উপসচিব (উন্নয়ন)	ঢাকা	ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়	২
প্রকল্প দপ্তর	প্রকল্প পরিচালক / অন্যান্য কর্মকর্তা	ঢাকা	প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা	১৪
মোট				২০

২.৯.৫.২ ফোকাস গ্রুপ আলোচনা (FGD)

বাংলাদেশ ডাক অধিদপ্তর ও জিপিও হতে ২টি করে মোট ০৮ টি এফজিডি করা হয়েছে। সুলফভোগী বাংলাদেশ ডাক অধিদপ্তর ও জিপিও এর কার্যালয়সমূহের কর্মকর্তা ও কর্মচারীদের এফজিডি তে আমন্ত্রন জানানো হয়েছে। প্রতিটি FGD সমীক্ষা অঞ্চলের এমন একটি জায়গায় করা হয়েছে যাতে সকল অংশগ্রহণকারী উক্ত স্থানে আসতে পারে এবং অবাধে মতামত প্রদান করতে পারে । FGD সভা একজন সঞ্চালক দ্বারা পরিচালিত করা হয়েছে। যিনি প্রকল্প সম্পর্কিত বিষয়ের উপর সভায় আগত সকলকে মুক্তভাবে মন্তব্য প্রদানের জন্য উৎসাহিত করেছেন। প্রস্তাবিত FGD গুলো FGD গাইডলাইন অনুসারে পরিচালিত হয়েছে এবং গাইডলাইনে উল্লিখিত সূচক অনুযায়ী ধারাবাহিকভাবে আলোচনা করে তথ্য সংগ্রহ করা হয়েছে।

২.৯.৬ কেস স্টাডি

কেস স্টাডি হলো প্রভাব মূল্যায়ন সমীক্ষার অন্যতম সোপান। বাংলাদেশ ডাক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাকৃত **"বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ (সংশোধিত)"** শীর্ষক সমাপ্ত প্রকল্পটির প্রভাব মূল্যায়নের ক্ষেত্রে সফল উপকারভোগীদের মধ্যে থেকে দুই জনের কেস স্টাডি করা হয়েছে।

২.৯.৭ স্থানীয় পর্যায়ের কর্মশালা

তথ্য সংগ্রহ চলাকালীন সময়ে পরামর্শকদল কর্তৃক স্থানীয় পর্যায়ে একটি কর্মশালার আয়োজন করা হয়েছে । কর্মশালায় আনুমানিক ৫০-৬০ জন বিভিন্ন সংশ্লিষ্ট অংশীজন, পরামর্শক ও নির্মাণ প্রতিষ্ঠানের প্রতিনিধি, ডাক অধিদপ্তর ও জিপিও এর বিশেষজ্ঞ ব্যক্তির সাথে উম্মুক্ত আলোচনার মাধ্যমে প্রভাব মূল্যায়ন সমীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হয়েছে। উক্ত কর্মশালায় আইএমইডি ও মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

২.৯.৮ তথ্য সংগ্রহ উপকরণ

প্রভাব মূল্যায়ন সমীক্ষায় পরিমাণগত ও গুণগত উভয় প্রকার তথ্য সংগ্রহ করা হয়েছে। তথ্যদাতার প্রকার অনুসারে তথ্যদাতার সংখ্যা, স্থান ও তথ্য সংগ্রহ উপকরণের তথ্য নিম্নের সারণিতে দেওয়া হলো।

সারণি-১৫ তথ্যদাতার প্রকার অনুসারে তথ্যদাতার সংখ্যা, স্থান ও তথ্য সংগ্রহ উপকরণের তথ্য

ক্রঃ নং	পদ্ধতি	তথ্যদাতার ধরণ	তথ্য সংগ্রহ উপকরণ	তথ্যদাতার সংখ্যা
১	ডকুমেন্ট পর্যালোচনা	ডিপিপি/আরডিপিপি, পিসিআর, প্রকল্পের সকল প্রকার ডিজাইন, প্রকল্পের বিভিন্ন প্রকার ক্রয়ের দলিলাদি, প্রকল্পের বিভিন্ন ধরণের প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন, অন্তবর্তীকালীন জরিপ প্রতিবেদন	---	প্রাপ্ত প্রাসঙ্গিক প্রতিবেদন
	সংখ্যাগত পদ্ধতি			
২	প্রকল্পের সুবিধাভোগী সমীক্ষা	সরকারি কর্মচারীগণ-৩০০ এবং ভোক্তা সাধারণ-৮৪	কাঠামোগত প্রশ্নপত্র	৩৮৪ জন
	গুণগত পদ্ধতি			
৩	কেআইআই	মহাব্যবস্থাপক, অতিরিক্ত মহাব্যস্থাপক ব্যবস্থাপক, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), যুগ্নসচিব (উন্নয়ন), উপসচিব (উন্নয়ন), প্রকল্প পরিচালক / অন্যান্য কর্মকর্তা	কেআইআই চেকলিস্ট	২০ জন
৪	এফজিডি	প্রকল্পের সুবিধাভোগী এমন ব্যক্তিবর্গের সমন্বয়ে ০৮টি এফজিডি পরিচালনা করা হয়েছে। প্রতিটি এফজিডিতে ৮-১০ জন করে অংশগ্রহণকারী ছিলেন।	এফজিডি গাইডলাইন	০৮টি (প্রতি এফজিডিতে ১২ জন, ৮×১২) মোট ৯৬
৫	কেস স্টাডি	কেস স্টাডি'র অংশগ্রহণকারীগণ হলেন প্রকল্পের প্রত্যক্ষ সুবিধাভোগী।	কেস স্টাডি গাইডলাইন	২টি (সেবা প্রদানকারী-১ এবং সেবা গ্রহীতা-১)

৬	মাঠ পর্যায়ে পরিদর্শন এবং ভৌত কাজ পর্যবেক্ষণ ও যাচাইকরণ	প্রকল্প এলাকা সরজমিনে পরিদর্শন।	প্রকল্প এলাকায় অঙ্গভিত্তিক কাজের পর্যবেক্ষণ	
৭	ক্রয় সংক্রান্ত নথি পর্যালোচনা	প্রকল্পে বিভিন্ন উপাদান ক্রয় সংক্রান্ত নথিপত্র যাচাইকরণ।	ক্রয় চেকলিস্ট	
৮	কাজের গুণগতমান যাচাই এবং পরীক্ষা	বিভিন্ন উপাদান ও অবকাঠামো/ উন্নয়ন কাজের নমুনা।	ল্যাবেটেস্ট রিপোর্ট	
৯	স্থানীয় পর্যায়ে কর্মশালা	প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা, বিভিন্ন স্টেকহোল্ডার উপকারভোগী এবং অন্যান্য	সমীক্ষার বিষয়বস্তু উপস্থাপনাসহ মুক্ত আলোচনা	০১টি

২.১০ তথ্য বা ডেটা এডিটিং ও কোডিং

পূরণকৃত প্রশ্নপত্রসমূহ পরামর্শক প্রতিষ্ঠানের কার্যালয়ে কোডিং, এডিটিং ও এসডিএসএস (ডেটাবেজ সফটওয়্যার/মাইক্রোসফট অফিসে) অ্যাক্সেস প্রোগ্রামে ডেটা এন্ট্রি এবং এ্যানালাইসিস করা হয়েছে।

২.১১ তথ্য বা ডেটা বিশ্লেষণ এবং রিপোর্ট প্রস্তুতকরণ

তথ্য বা ডেটা বিশ্লেষণ এবং প্রতিবেদন তৈরির ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়ের প্রতি সতর্ক দৃষ্টি রাখা হয়েছে।

(১) সংগৃহীত ডেটার যথার্থতা এবং গ্রহণযোগ্যতা যথাযথভাবে বিশ্লেষণের জন্য উন্নত ডেটা এন্ট্রি সফটওয়্যার ব্যবহার করা হয়েছে এবং

(২) সংগৃহীত তথ্য বা ডেটা সফটওয়্যার মাধ্যমে (প্রয়োজনীয়তা সাপেক্ষে) বিশ্লেষণ করা হয়েছে।

২.১২ প্রকল্পের SWOT বিশ্লেষণ

উপকারভোগীর কাছ থেকে সমীক্ষার প্রশ্নাবলী বিশ্লেষণের মাধ্যমে প্রকল্পের সবলদিক, দুর্বলদিক, সুযোগ-সুবিধা ও ঝুঁকি নিরুপনের জন্য তথ্য সংগ্রহ করা হয়েছে। তাছাড়া এফজিডি, কেআইআই ও মাঠ পর্যায়ের উপকারভোগীদের সমীক্ষার মাধ্যমে SWOT বিশ্লেষণ করা হয়েছে। বিভিন্ন প্রশ্নাবলী হতে প্রাপ্ত তথ্যগুলো সমন্বয় করে খসড়া প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

২.১৩ প্রতিবেদন প্রস্তুতকরণ ও দাখিল

২.১৩.১ প্রারম্ভিক প্রতিবেদন প্রণয়ন (Inception Report)

প্রারম্ভিক প্রতিবেদন টেকনিক্যাল কমিটির সভায় অনুমোদনের পর সমীক্ষা তত্ত্বাবধান কমিটিতে উপস্থাপন করা হয়েছে ।সমীক্ষা তত্ত্বাবধান কমিটি কর্তৃক প্রারম্ভিক প্রতিবেদন অনুমোদনের পর মাঠ পর্যায়ে তথ্য উপাত্ত সংগ্রহ করা হয়েছে ।

২.১৩.২ ১ম খসড়া প্রতিবেদন প্রণয়ন (1st Draft Report)

প্রারম্ভিক প্রতিবেদন অনুমোদনের ৬ সপ্তাহের মধ্যে মাঠ পর্যায়ে সংগৃহীত সকল তথ্য সম্বলিত ডেটা পর্যবেক্ষণ,বিশ্লেষণপূর্বক ১ম খসড়া প্রতিবেদন টেকনিক্যাল কমিটি বরাবর দাখিল করা হয়েছে ।

২.১৩.৩ ২য় খসড়া প্রতিবেদন প্রণয়ন (2nd Draft Report)

১ম খসড়া প্রতিবেদন পরীক্ষান্তে টেকনিক্যাল কমিটি কর্তৃক প্রদত্ত মতামত সন্নিবেশিত করে ২য় খসড়া প্রতিবেদন টেকনিক্যাল ও সমীক্ষা তত্ত্বাবধান কমিটিতে উপস্থাপন করা হয়েছে। জরিপকৃত তথ্যের উপর সমীক্ষা তত্ত্বাবধান কমিটির মতামতের ভিত্তিতে যাবতীয় তথ্য সম্বলিত একটি চূড়ান্ত খসড়া প্রতিবেদন প্রস্তুতপূর্বক জাতীয় কর্মশালায় উপস্থাপন করা হবে।

২.১৩.৪ জাতীয় কর্মশালার আয়োজন

২য় খসড়া প্রতিবেদন প্রস্তুত করে জাতীয় কর্মশালার আয়োজন করা হবে এবং উক্ত কর্মশালার মতামত গ্রহণ করে চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত করা হবে।

২.১৩.৫ চূড়ান্ত খসড়া প্রতিবেদন প্রণয়ন (Final Draft Report)

জাতীয় পর্যায়ের কর্মশালায় আগত বিশেষজ্ঞগণ, আইএমইডি ও সংশ্লিষ্ট দপ্তরসমূহের মতামত ও নিদের্শেনা অনুসারে চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত করা হবে। চূড়ান্ত প্রতিবেদন প্রিন্ট কপি (বাংলায় ৪০ কপি ও ইংরেজীতে ২০ কপি) ও সফট্ কপি নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে দাখিল করা হবে।

২.১৪ সমীক্ষায় প্রদেয় প্রতিবেদনসমূহ

এ প্রভাব মূল্যায়ন সমীক্ষা পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে ইনোভেটিভ ইঞ্জিনিয়ারর্স নিম্নলিখিত সময়সূচি অনুসারে বর্ণিত প্রতিবেদনসমূহ আইএমইডি'র নিকট দাখিল করবে।

নং	প্রতিবেদনের নাম	সময়কাল	কপি
১	প্রারম্ভিক প্রতিদেন (টেকনিক্যাল/তত্ত্বাবধায়ক কমিটি সভা)	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে	২২ কপি
২	১ম খসড়া প্রতিবেদন (টেকনিক্যাল/তত্ত্বাবধায়ক কমিটি সভা)	চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে	২২ কপি
৩	২য় খসড়া প্রতিদেন (জাতীয় কর্মশালা)	চুক্তি সম্পাদনের ৭৮ দিনের মধ্যে	১০০ কপি
৪	চূড়ান্ত খসড়া প্রতিদেন (টেকনিক্যাল কমিটি সভা)	চুক্তি সম্পাদনের ৮০ দিনের মধ্যে	০৯ কপি
৫	চূড়ান্ত প্রতিদেন (বাংলা ৪০ ও ইংরেজি ২০)	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে	৬০ কপি

২.১৫ প্রকল্পের প্রভাব মূল্যায়নের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা

১০-১২- ২০২৩ তারিখে বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের (আইএমআইডি) সাথে পরামর্শক প্রতিষ্ঠানের স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী ০৯-০৪-২০২৪ তারিখের মধ্যে প্রভাব মূল্যায়ন সমীক্ষা কার্যক্রম সমাপ্তির লক্ষ্যে একটি সময়ভিত্তিক কর্মপরিকল্পনা প্রদান করা হল । প্রতিবেদন দাখিলে বিলম্ব ইত্যাদি কারণে উক্ত কর্মপরিকল্পনার আংশিক পরিবর্তন হতে পারে ।

সারণি: ১৬ সময়ভিত্তিক কর্মপরিকল্পনার গ্যান্ট চার্ট এর তথ্য

নং	কাজের বিবরণ	সময়	মাস																তারিখ
			ডিসে, ২৩		জানু-২৪				ফেব্রু-২৪				মার্চ-২৪				এপ্রি-২৪		
১	আইএমইডি এবং কনসালটেন্ট প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষর	১ দিন																	১০/১২/২০২৩
২	চুক্তি কার্যকর এবং খসড়া ইনসেপশন রিপোর্ট প্রণয়ন ও দাখিল	১৭ দিন																	১৬/১২/২০২৩ – ০২/০১/২০২৪
৩	আইএমইডি ও সংশ্লিষ্ট অন্যান্য সদস্যদের সমন্বয়ে গঠিত টেকনিক্যাল কমিটির সভা । সভায় কমিটি কর্তৃক ইনসেপশন রিপোর্টের উপর বিস্তারিত আলোচনা ও সুপারিশ প্রদান	৫ দিন																	০৩/০১/২০২৪ – ০৭/০১/২০২৪
৪	সুপারিশের ভিত্তিতে পুনঃবিন্যাসকৃত ইনসেপশন রিপোর্ট দাখিল । সমীক্ষা তত্ত্বাবধান কমিটি কর্তৃক ইনসেপশন রিপোর্ট পর্যালোচনা ও সুপারিশ /অনুমোদন	১২ দিন																	০৮/০১/২০২৪ - ১৯/০১/২০২৪
৫	তথ্য সংগ্রহকারীর ও সুপারভাইজার নিয়োগ ও প্রশিক্ষণ , সরাসরি সাক্ষাৎকারের মাধ্যমে প্রাইমারী তথ্য সংগ্রহ , সড়ক ও জনপথ অধিদপ্তর এবং সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্টান হতে সেকেন্ডারী তথ্য সংগ্রহ , সংশ্লিষ্ট কর্মকর্তাগন কর্তৃক সরেজমিনে সাইট পরিদর্শন ।	৫ দিন																	২০/০১/২০২৪ – ২৪/০১/২০২৪
৬	দলীয় আলোচনা (এফজিডি) ও কী ইনফরমেন্টস ইন্টারভিউ (কে আই আই) আয়োজন	১৭ দিন																	২৫/০১/২০২৪ – ১০/০২/২০২৪
৭	ক্রয় প্রক্রিয়ার উপর কেস স্টাডি পরিচালনা	১২ দিন																	১১/০২/২০২৪ – ২২/০২/২০২৪
৮	SWOT Analysis	৪ দিন																	২৩/০২/২০২৩ – ২৬/০২/২০২৪
৯	ডাটা এন্ট্রি, ডাটা ভেরিফিকেশন , ডাটাপ্রসেসিং ও ডাটা এ্যানালাইসিস পূর্বক ১ম খসড়া প্রতিবেদন প্রস্তুতকরণ	১২ দিন																	২৭/০২/২০২৪- ১০/০৩/২০২৪
১০	টেকনিক্যাল কমিটির নিকট প্রতিবেদন দাখিল	১ দিন																	১১/০৩/২০২৪
১১	টেকনিক্যাল কমিটি কর্তৃক ১ম খসড়া প্রতিবেদন পরীক্ষারন্তে মতামত ও সুপারিশ প্রদান	৫ দিন																	১২/০৩/২০২৩- ১৬/০৩/২০২৪
১২	টেকনিক্যাল কমিটি কর্তৃক ১ম খসড়া প্রতিবেদনের উপর প্রদত্ত মতামত ও সুপারিশ সন্নিবেশিত করে ২য় খসড়া প্রতিবেদন প্রণয়ন ও সমীক্ষা তত্ত্ববধান কমিটিতে উপস্থাপন	৬ দিন																	১৭/০৩/২০২৩ – ২২/০৩/২০২৪
১৩	টেকনিক্যাল কমিটি কর্তৃক ১ম খসড়া প্রতিবেদনের উপর প্রদত্ত মতামত ও সুপারিশ সন্নিবেশিত করে ২য় খসড়া প্রতিবেদন প্রণয়ন ও সমীক্ষা তত্ত্ববধান কমিটিতে উপস্থাপন	৩ দিন																	২৩/০৩/২০২৪ - ২৫/০৩/২০২৪
১৪	সমীক্ষা তত্ত্বাবধান কমিটি কর্তৃক ২য় খসড়া প্রতিবেদন পরীক্ষান্তে প্রদত্ত মতামত ও সুপারিশ সন্নিবেশিত করে চুড়ান্ত খসড়া প্রতিবেদন ও জাতীয় কর্মশালায় উপস্থাপন	২ দিন																	২৬/০৩/২০২৩ – ২৭/০৩/২০২৪
১৫	কর্মশালায় আগত বিশেষজ্ঞ , আইএমইডি ও সংশ্লিষ্ট দপ্তর সমূহের অন্যান্য কর্মকর্তাদের মতামত সন্নিবেশিত করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করা হবে।	১৩ দিন																	২৮/০৩/২০২৩ – ০৯/০৪/২০২৪

উক্ত তারিখসমূহের কোন দিন যদি সাপ্তাহিক বা সরকারী ছুটি থাকে তাহলে পরবর্তী কার্যদিবস বিবেচিত হবে।

তৃতীয় অধ্যায়
ফলাফল বিশ্লেষণ ও পর্যালোচনা

৩.১ প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা

৩.১.১ প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন

প্রকল্পটি ৭৫ শতাংশ জায়গার উপরে নিজস্ব ভূমিতে বাস্তবায়ন করা হয়েছে। এখানে নিজস্ব জমি এবং পরিকল্পিত অফিস জোন ডাক অধিদপ্তর স্থানান্তরের বিষয়ে প্রভাবকের কাজ করেছে। ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ প্রকল্পটি জুলাই ২০১৪ থেকে শুরু করে ১ম সংশোধনীর মাধ্যমে ২৪ মাস বর্ধিত সময়ের মধ্যে শতভাগ বাস্তবায়ন করতে সক্ষম হয়েছে। প্রকল্পের অনুমোদিত মেয়াদকাল ছিল জুলাই ২০১৪ হতে জুন ২০১৭ পর্যন্ত (৩৬ মাস)। প্রাক্কলিত ব্যয় ৫৪৭২.০০ লক্ষ টাকা। পরবর্তীতে বাস্তবতার নিরিখে ৬৬.৬৭% সময় বৃদ্ধির মাধ্যমে এবং ৬৭.৯৫ শতাংশ ব্যয় বৃদ্ধি সাপেক্ষে ৯১৯০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটির ১ম সংশোধন করা হয়। প্রকল্পটি বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ৯১৭৩.৮৬ লক্ষ টাকা, যা সংশোধিত ব্যয়ের তুলনায় ০.১৮% কম। প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনার বাস্তবায়ন নিম্নে বিস্তারিত দেয়া হলো-

সারণি-১৭: প্রকল্পের অর্থবছর ভিত্তিক ব্যয় বিভাজন ও অর্জন

অর্থ-বছর	মূল ডিপিপি মোতাবেক বছরভিত্তিক বরাদ্দ	সংশোধিকত ডিপিপি মোতাবেক বছরভিত্তিক বরাদ্দ	এডিপি/আরএডিপিতে প্রাপ্ত বরাদ্দ	বরাদ্দের বিপরীতে অর্থ ছাড়	বরাদ্দের বিপরীতে প্রকৃত ব্যয়	মূল ডিপিপি মোতাবেক বছরভিত্তিক অর্জন	সংশোধিকত ডিপিপি মোতাবেক বছরভিত্তিক অর্জন
২০১৪-২০১৫	-	-	-	-	-	-	-
২০১৫-২০১৬	১৩৬৮.০০	২২৯৭.৫০	৬৬১.০০	৬৬১.০০	৬৬১.০০	৪৮.৩২%	২৮.৭৭%
২০১৬-২০১৭	১৩৬৮.০০	২২৯৭.৫০	৩১৯৫.০০	৩১৯৫.০০	৩১৮৩.৭৪	২৩২.৭৩%	১৩৮.৫৭%
২০১৭-২০১৮	১৩৬৮.০০	২২৯৭.৫০	১৭৮০.০০	১৭৭৭.১২	১৭৭৭.১২	১২৯.৯১%	৭৭.৩৫%
২০১৮-২০১৯	১৩৬৮.০০	২২৯৭.৫০	৩৫৫৪.০০	৩৫৫২.১৫	৩৫৫২.০০	২৫৯.৬৫%	১৫৪.৬০%
মোট	৫৪৭২.০০	৯১৯০.০০	৯১৯০.০০	৯১৮৫.২৭	৯১৭৩.৮৬	১৬৭.৬৫%	৯৯.৮২%

সার ণি-১৮: প্রকল্পের প্রধান প্রধান অঙ্গের ভৌত অগ্রগতি

ক্রমিক	প্রধান প্রধান অঙ্গের বিবরণ	অর্জন
১	নির্মাণ কাজ ১৬৪১৭ বর্গ মিটার	১০০%
২	জনবল	১০০%
৩	মেশিনারীজ ও যন্ত্রপাতি	১০০%
৪	আসবাবপত্র	১০০%
৫	পরামর্শক ফি	১০০%
৬	সাপ্লাই এন্ড সার্ভিস	১০০%
৭	গাড়ি	১০০%

পর্যালোচনা

প্রকল্পের অর্থবছর ভিত্তিক ডিপিপি'র সংস্থান, বরাদ্দ, অথছাড়, প্রকৃত ব্যয় এবং লক্ষ্যমাত্রা ও অর্জন পর্যালোচনা করে দেখা যায় যে, ২০১৪-২০১৫ অর্থবছরে ডিপিপি'র সংস্থান ছিল ২২৯৭.৫০ লক্ষ টাকা। কিন্তু আরএডিপি'র কোন বরাদ্দ ছিল না। ২০১৫-২০১৬ অর্থবছরে আরডিপিপি'র সংস্থান ছিল ২২৯৭.৫০ লক্ষ টাকা এবং আরএডিপি'র বরাদ্দ ছিল ৬৬১.০০ লক্ষ টাকা অর্থ্যাৎ আরডিপিপি'র সংস্থানের বিপরীতে বরাদ্দ ছিল ২৮.৭৭%। অর্থ ছাড় হয়েছে ৬৬১.০০ লক্ষ টাকা ও প্রকৃত ব্যয় হয়েছে ১১৮.৬১ লক্ষ টাকা (১৮.১০%)। ২০১৬-২০১৭ অর্থবছরে আরডিপিপি'র সংস্থান ছিল ২২৯৭.৫০ লক্ষ টাকা এবং আরএডিপি'র বরাদ্দ ছিল ৩১৯৫.০০ লক্ষ টাকা অর্থ্যাৎ আরডিপিপি'র সংস্থানের বিপরীতে বরাদ্দ্ ছিল ১৩৯.০৬%%। অর্থ ছাড় হয়েছে ৩১৯৫.০০ লক্ষ টাকা ও প্রকৃত ব্যয় হয়েছে ৩১৮৩.৭২ লক্ষ টাকা (৯৯.৬৫%) । ২০১৭-২০১৮ অর্থবছরে আরডিপিপি'র সংস্থান ছিল ২২৯৭.৫০ লক্ষ টাকা এবং আরএডিপি'র বরাদ্দ ছিল ১৭৮০.০০ লক্ষ টাকা অর্থ্যাৎ আরডিপিপি'র সংস্থানের বিপরীতে বরাদ্দ ছিল ৭৮.৫০%। অর্থ ছাড় হয়েছে ১৭৭৫.৮৫ লক্ষ টাকা ও প্রকৃত ব্যয় হয়েছে ১৭২৯.১২ লক্ষ টাকা (৯৮.৮৭%)। ২০১৮-২০১৯ অর্থবছরে আরডিপিপি'র সংস্থান ছিল ২২৯৭.৫০ লক্ষ টাকা এবং আরএডিপি'র বরাদ্দ ছিল ৩৫৫৪.০০ লক্ষ টাকা অর্থ্যাৎ আরডিপিপি'র সংস্থানের বিপরীতে বরাদ্দ ছিল ১৫৪.৬৯%। অর্থ ছাড় হয়েছে ৩৫৫২.১৫ লক্ষ টাকা ও প্রকৃত ব্যয় হয়েছে ৩৫৫২.০০ লক্ষ টাকা (৯৯.৯৯%)। আরডিপিপি-তে মোট সংস্থান ছিল ৯১৯০.০০ লক্ষ টাকা। অর্থ ছাড় হয়েছে ৯১৮৪.০০ লক্ষ টাকা ও প্রকৃত ব্যয় হয়েছে ৯১৭৩.৮৬ লক্ষ টাকা। সুতরাং সংশোধিত ডিপিপি মোতাবেক মোট অর্জন ৯৯.৮২% এবং ভৌত অগ্রগতি ১০০%।

প্রকল্প সংশোধনের কারণসমূহঃ

পূর্তকাজের পরিমাণ বৃদ্ধি পাওয়ায়, দ্রুততম সময়ের মধ্যে ক্রয় কার্যক্রম সম্পন্ন করা এবং আন্তঃখাত সমন্বয়ের জন্য ডিপিপি সংশোধনের প্রয়োজনীয়তা দেখা হয় এবং ডিপিপি সংশোধন করা হয়। ডিপিপি সংশোধনের কারণগুলো নিচে দেয়া হলো-

- বহুতল ভবনের নকশায় অডিটোরিয়াম/বড় হলরুম থাকলে তা গ্রাউন্ড ফ্লোর/ফার্স্ট ফ্লোর বা পার্শ্ববর্তী খালি জায়গায় করতে হবে কখনই ভবনের উপরে অংশে করা যাবে না। আলোচ্য ভবনে অডিটোরিয়ামের সংস্থান দ্বিতীয় তলায় রাখা হয়েছে ফলে ভবনের উর্ধ্বমূখী সম্প্রারণ প্রয়োজন।
- একটি ভবনের নির্মাণ কাজ সম্পন্ন করতে হলে ভবনের কাজ সম্পূর্ণ করা প্রয়োজন কেননা ভবনের কাজ আংশিক করা হলে লিফট, আইটি কার্যক্রম, সার্ভার ইকুইপমেন্টস, সোলার সিস্টেম, ওয়াইফাই সিস্টেম, ইলেকট্রিক্যাল ইকুইপমেন্টস প্রভৃতি কাজের ফিনিশিং দেওয়া সম্ভব হবে না।
- ডাক ভবনটির উচ্চতা ১৪০-১৪৪ ফুট না হলে ডাকবাক্স মডেলটি দৃষ্টিনন্দন হবে না। প্রাচীন ঐতিহ্যকে সমুন্নত রাখার জন্য ভবনটির উর্ধ্বমূখী সম্প্রসারণ অতীব প্রয়োজন হয়।
- ভবনটি ১৪ তলা পর্যন্ত সম্প্রসারণ করা।
- পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক বিস্তারিত স্ট্রাকচারাল ডিজাইন করার কারণে ভবনের বিভিন্ন অংগের হ্রাস বৃদ্ধি ঘটেছে ফলে বিভিন্ন তলার স্পেস ইউটিলাইজেশন এ পরিবর্তন হয়েছে।

- প্রকল্পটি ১৭ জুন ২০১৪ তে জাতীয় নির্বাহী কর্তৃক অনুমোদিত হওয়ার পর গত ০৮/০২/২০১৫ খ্রিঃ তারিখে প্রকল্প পরিচালক নিয়োগ হয়। অতঃপর প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা, যাতে সময় ব্যয় হয়।
- পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যমে কারিগরি ভাবে ভবনের ডিজাইন, প্রাক্কলন ব্যয় প্রস্তুত করা হয় যা ডিপিপি প্রাক্কলন এর মধ্যে সীমাবদ্ধ রেখে টেন্ডার আহবান করা হয়। ভবনের আনুষঙ্গিক কাজ ও উর্ধ্বমূখী সম্প্রসারণের জন্য প্রকল্প মেয়াদ বৃদ্ধিসহ ডিপিপি এর সংশোধন প্রয়োজন হয়।

উপরোক্ত কারণগুলো বিশ্লেষণে দেখা যায় যে, ডিপিপি প্রণয়নের সময় স্টার্ট-আপ সময়সহ সম্ভাব্যতা যাচাইয়ের সময় বিষয়গুলো আমলে নেয়া হয়নি। ফলে প্রকল্প বাস্তবায়নের প্রাক্কালেই ডিপিপি সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দেয়। এজন্য প্রকল্পের Time over-run & Cost over-run এর মত ঘটনা ঘটে থাকে। আন্তঃখাত সমন্বয় ও ৩৭১৮ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি এবং বাস্তবায়নকাল ২৪ মাস বৃদ্ধি পেয়েছে। সুতরাং প্রকল্পের প্রাক্কলন এবংসময় উভয়ই সঠিক ছিল না বলে প্রতীয়মান হয়।

৩.১.২ প্রকল্পের অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয়, এডিপি বরাদ্দ, প্রকৃত ব্যয় এবং কার্যক্রমের অগ্রগতি

প্রকল্পের অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয়, এডিপি বরাদ্দ, প্রকৃত ব্যয় এবং কার্যক্রমের অগ্রগতির বিস্তারিত বিবরণ নিম্নের সারণিতে উল্লেখ করা হলোঃ

সারণি-১৯: অর্থ বছরভিত্তিক প্রাক্কলন, এডিপি বরাদ্দ এবং প্রকৃত ব্যয় বিভাজন

									লক্ষ টাকায়
অর্থ বছর	মূল ডিপিপি	প্রাক্কলিত (সর্বশেষ সংশোধিত ডিপিপি)	এডিপি'র বরাদ্দ অনুয়ায়ী অর্থ ছাড়	প্রকৃত ব্যয়	উদ্বৃত্ত (+/-)				সর্বশেষ সংশোধিত ডিপিপি'র বিরীতে অব্যয়িত অর্থ
					এডিপি'র বরাদ্দের বিপরীতে উদ্বৃত্ত	%	প্রকৃত ব্যয়ের বিপরীতে উদ্বৃত্ত	%	
২০১৪-২০১৫									
২০১৫-২০১৬	১৩৬৮.০০	২২৯৭.৫০	৬৬১.০০	৬৬১.০০	৭০৭.০০	৫১.৬৮	৭০৭.০০	৫১.৬৮	১৬৩৬.৫০
২০১৬-২০১৭	১৩৬৮.০০	২২৯৭.৫০	৩১৯৫.০০	৩১৮৩.৭৪	-১৮২৭.০০	০	-১৮১৫.৭৪	০	-৮৮৬.২৪
২০১৭-২০১৮	১৩৬৮.০০	২২৯৭.৫০	১৭৮০.০০	১৭৭৭.১২	-৪১২.০০	০	-৪০৯.১২	০	৫২০.৩৮
২০১৮-২০১৯	১৩৬৮.০০	২২৯৭.৫০	৩৫৫৪.০০	৩৫৫২.০০	-২১৮৬.০০	০	-২১৮৪.০০	০	-১২৫৪.৫০
মোট	৫৪৭২.০০	৯১৯০.০০	৯১৯০.০০	৯১৭৩.৮৬.০০	-৩৭১৮	-	-৩৭০১.৮৬	-	১৬.১৪



লেখ চিত্র-০১: সংশোধিত মোট প্রাক্কলন ও প্রকৃত ব্যয়

পর্যালোচনা

প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় বিশ্লেষণ করা হয়েছে। সারণি-১৯ বিশ্লেষণে দেখা যায় যে, মোট প্রাক্কলন ৯১৯০.০০ লক্ষ টাকা এবং প্রকৃত ব্যয় ৯১৭৩.৮৬ লক্ষ টাকা। মূল ডিপিপি'র প্রাক্কলন থেকে ৩৭১৮ লক্ষ টাকা (৬৭.৯৫%) ব্যয় বৃদ্ধিতে ১ম সংশোধিত ডিপিপি অনুমোদিত হয় এবং বাস্তবায়নকাল ২৪ মাস (৬.৬৭%) বৃদ্ধি হলেও প্রকৃত ব্যয় সংশোধিত প্রাক্কলন হতে মাত্র ১৬.১৪ লক্ষ টাকা কম হয়েছে।

বাস্তবায়নকাল বৃদ্ধির কারণ: প্রকল্পটি ১৭ জুন ২০১৪ তে জাতীয় নির্বাহী কর্তৃক অনুমোদিত হওয়ার পর গত ০৮/০২/২০১৫ খ্রিঃ তারিখে প্রকল্প পরিচালক নিয়োগ হয়। অতঃপর প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা, যাতে সময় ব্যয় হয়। পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যমে কারিগরি ভাবে ভবনের ডিজাইন, প্রাক্কলন ব্যয় প্রস্তুত করা হয় যা ডিপিপি প্রাক্কলন এর মধ্যে সীমাবদ্ধ রেখে টেন্ডার আহবান করা হয়। ভবনের আনুষঙ্গিক কাজ ও উর্ধ্বমূখী সম্প্রসারণের জন্য প্রকল্প মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হয়। ফলে প্রকল্পের নির্ধারিত সময়ের সময়ের মধ্যে নির্মাণ কাজ শেষ করা সম্ভব না হওয়ায় অনুমোদিত মেয়াদকাল জুলাই ২০১৪ হতে জুন ২০১৭ অপেক্ষা ২৪ মাস বৃদ্ধি করে ডিসেম্বর ২০১৯ খ্রিঃ পর্যন্ত করা হয়।

৩.১.৩ প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও প্রকৃত বাস্তবায়ন

প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও প্রকৃত বাস্তবায়নের বিস্তারিত বিবরণ নিম্নের সারণিতে দেয়া হলোঃ

সারণি-২০: প্রকল্পের অঙ্গভিত্তিক (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য

									লক্ষ টাকায়
আরডিপিপি অনুযায়ী অঙ্গসমূহের বিবরণ	একক	আরডিপিপি'র লক্ষ্যমাত্রা		প্রকৃত ব্যয় ও বাস্তব অর্জন				ব্যত্যয়	ব্যত্যয়ের কারণ (+-)
		আর্থিক	বাস্তব (পরিমাণ)	আর্থিক	শতকরা	বাস্তব (পরিমাণ)	শতকরা		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
(ক) রাজস্ব									
অফিসারের বেতন	জন	১২.০০	২	১২.০০	১০০	২	১০০	-	-
কর্মচারীর বেতন	জন	৭.৫০	২	৭.২২	৯৬.২৭	২	১০০	০.২৮	
ভাতা (হাউজ রেন্ট, ফেস্টিভাল, মেডিক্যাল ইত্যাদি)	জন	১০.০০	৪	২.৭৩	২৭.৩	৪	১০০	৭.২৭	পরিকল্পনার অভাব
ভ্রমন ভাতা বিল	থোক	০.০০							
গাড়ির রেজিস্টেশন, ট্যাক্স, রুট পারমিট ইত্যাদি	থোক	২.০০	থোক	২.০০	১০০	থোক	১০০	-	
গাড়ির ফুয়েল	থোক	৬.০০	থোক	৬.০০	১০০	থোক	১০০	-	
স্টেশনারীজ	থোক	১০.০০	থোক	১০.০০	১০০	থোক	১০০	-	
বিজ্ঞাপন	থোক	৭.০০	থোক	৭.০০	১০০	থোক	১০০	-	
পরামর্শক ফি	এম এম	১১৩.০০	১টি	৮৫.৩০	৭৫.৪৯	১টি	১০০	-	কিউসিবিএস
সম্মানী ভাতা (টিওসি, টিইসি ইত্যাদি)	থোক	৭.০০	থোক	৭.০০		থোক	১০০	-	
পরীক্ষার ফি	থোক	.০০							
অন্যান্য ব্যয়	থোক	০.০০							
গাড়ি মেরামত	থোক	৩.০০	থোক	৩.০০	১০০	থোক	১০০	-	
উপমোট (রাজস্ব)		১৭৭.৫০		১৩৩.৭৪					
(খ) মূলধন									
গাড়ি	টি	৭২.০০	১	৩১.৩৩	৪৩.৫১	১	১০০		
মেশিনারিজ এন্ড ইক্যুইপমেন্টস	টি	১১০৮.৯৫	২১৪	৬০২.৯৩	৫৪.৩৭	২১৪	১০০		
আসবাবপত্র	টি	০.৫৭	-	০.৫৭	১০০		১০০		
নির্মান কাজ	বঃ মিঃ	৭৯০৩.৫৫	১৬৪১৭	৮৪০৫.২৯	১০৬.৩৫	১৬৪১৭	১০০		
উপমোট (মূলধন)		৯০১২.৫০		৯০৪০.১২					

(গ) ফিজিক্যাল কনটিনজেন্সি (০.৯৪%)	-	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০		
(ঘ) প্রাইস কনটিনজেন্সি (১.৯১%)		০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০		
সর্বমোট (ক+খ+গ+ঘ)		৯১৯০.০০		৯১৭৩.৮৬					

সূত্রঃ আরডিপি, পিসিআর এবং প্রকল্প অফিস

সারণি-২১: অর্থ বছরভিত্তিক প্রাক্কলন ও প্রকৃত ব্যয়

লক্ষ টাকায়					
অর্থ বছর		প্রাক্কলিত (সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুযায়ী)	প্রকৃত ব্যয়	শতকরা হার	অব্যয়িত টাকা
২০১৪-২০১৫	:	-	-	-	-
২০১৫-২০১৬	:	২২৯৭.৫০	৬৬১.০০	০	১৬৩৬.৫০
২০১৬-২০১৭	:	২২৯৭.৫০	৩১৮৩.৭৪	০.৩৫	-৮৮৬.২৪
২০১৭-২০১৮	:	২২৯৭.৫০	১৭৭৭.১২	২.৮৬	৫২০.১২
২০১৮-২০১৯	:	২২৯৭.৫০	৩৫৫২.০০	০.০৫	-১২৫৪.৫০
মোট		৯১৯০.০০	৯১৭৩.৮৬.০০	৩.২৬	১৬.১৪

সূত্র: পিসিআর ও প্রকল্প অফিস

পর্যালোচনা

প্রকল্পটি গত ১৭/০৬/২০১৪ তারিখে একনেক কর্তৃক সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ৫৪৭২.০০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই ২০১৪ হতে জুন ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। প্রকল্পটির সমুদয় কাজ ১ বার সংশোধনীর মাধ্যমে অনুমোদিত মেয়াদের মধ্যে সম্পন্ন করা হয়েছে। প্রকল্পটি মোট ৯১৯০.০০ লক্ষ টাকা, যা অনুমোদিত ডিপিপি'র ব্যয়ের তুলনায় ৩৭১৮ লক্ষ টাকা বেশি। আবার প্রকল্পটি আন্তঃখাত সমন্বয়ের জন্যও ডিপিপি সংশোধনীর প্রয়োজনীয়তা দেখা দেয়। বেশি ব্যয়ের খাতগুলো হলো- নির্মাণ কাজ ৭৯০৩.৫৫ লক্ষ টাকা এবং কম ব্যয়ের খাতগুলো হলো- অফিসারের বেতন ১২.০০ লক্ষ টাকা, কর্মচারীর বেতন ৭.৫০ লক্ষ টাকা, ভাতা ১০.০০ লক্ষ টাকা, ভ্রমন ভাতা বিল ০.০০ লক্ষ টাকা, গাড়ির ফুয়েল ৬.০০ লক্ষ টাকা, স্টেশনারীজ ১০.০০ লক্ষ টাকা, বিজ্ঞাপন ৭.০০ লক্ষ টাকা, পরামর্শক ফি ১১৩.০০ লক্ষ টাকা। পর্যালোচনায় দেখা যায়, কর্মকর্তা ও কর্মচারীরা অতিরিক্ত দায়িত্ব হিসেবে প্রকল্পের কাজ সম্পন্ন করেছেন। এ ছাড়া পরীক্ষার ফি ও অন্যান্য ব্যয়ের সংস্থান থাকলেও তার প্রয়োজন হয়নি। প্রকল্পটি অনুমোদিত ব্যয়ের থেকে ১৬.১৪ লক্ষ টাকা কমে সম্পন্ন হয়েছে। বরাদ্দকৃত অর্থের মধ্যে অব্যয়িত অর্থ চালানের মাধ্যমে সরকারি কোষাগারে ১৬.১৪ লক্ষ টাকা ফেরত প্রদান করা হয়েছে।

৩.১.৪ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব লক্ষমাত্রা অর্জন

প্রকল্পের কোন অঙ্গের কাজ অসম্পন্ন ছিল না। প্রকল্পের অঙ্গভিত্তিক লক্ষমাত্রা ও বাস্তবায়নের বিস্তারিত বিবরণ নিম্নের সারণি-২০ এ দেয়া হলোঃ

সারণি- ২২: প্রকল্পের অঙ্গভিত্তিক লক্ষমাত্রা ও বাস্তবায়ন

						লক্ষ টাকায়
নং	ডিপিপি/আরডিপিপি অনুযায়ী অঙ্গের নাম	একক	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত)	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭
	(ক) রাজস্ব ব্যয়					
১	অফিসারের বেতন	জন	২	১২.০০	২ (১০০%)	১২.০০ (১০০%)
২	কর্মচারীর বেতন	জন	২	৭.৫০	২ (১০০%)	৭.২২ (৯৬.২৭)
৩	ভাতা (হাউজ রেন্ট, ফেস্টিভাল, মেডিক্যাল ইত্যাদি)	জন	৪	১০.০০	৪ (১০০%)	২.৭৩(২৭.৩০%)
৪	ভ্রমন ভাতা বিল	থোক	০	০	০	০
৫	গাড়ির রেজিস্টেশন, ট্যাক্স, রুট পারমিট ইত্যাদি	থোক	থোক	২.০০	থোক (১০০%)	২.০০(১০০%)
৬	গাড়ির ফুয়েল	থোক	থোক	৬.০০	থোক (১০০%)	৬.০০(১০০%)
৭	স্টেশনারীজ	থোক	থোক	১০.০০	থোক (১০০%)	১০.০০(১০০%)
৮	বিজ্ঞাপন	থোক	থোক	৭.০০	থোক (১০০%)	৭.০০(১০০%)
৯	পরামর্শক ফি	এম এম	এম এম	১১৩.০০	এম এম (১০০%)	১১৩.০০(১০০%)
১০	সম্মানী ভাতা (টিওসি, টিইসি ইত্যাদি)	থোক	থোক	৭.০০	থোক (১০০%)	৭.০০(১০০%)
১১	পরীক্ষার ফি	থোক	০	০	০	০
১২	অন্যান্য ব্যয়	থোক	০	০	০	০
১৩	গাড়ি মেরামত	থোক	থোক	৩.০০	থোক (১০০%)	১.৭২ (৫৭.৩৩%)
১৪	উপমোট (রাজস্ব)			১৭৭.৫০	১০০%	১৬৭.৬৭ (৯৫.০৩%)
১৬	(খ) মূলধন					
১৭	গাড়ি	টি	১টি	৭২.০০	১টি	৭২ (১০০%)
১৮	মেশিনারিজ এন্ড ইক্যুইপমেন্টস	টি	২১৪টি	৫৩৪.৬৪	২১৪টি	৫৩২.৬৪ (৯৯.৬২)
১৯	আসবাবপত্র	থোক	থোক	০.৫৭	থোক (১০০%)	০.৫৭ (১০০%)
২০	নির্মান কাজ	বঃ মিঃ	১৬৪১৭ বঃ মিঃ	৮৪০৫.২৯	১৬৪১৭ বঃ মিঃ	৮৪০৫.২৯ (১০০%)
২১	উপমোট (মূলধন)			৯০১২.৫০	১০০%	৯০৮৩.০৭ (৯৯.৯৫%)
২২	(গ) ফিজিক্যাল কনটিনজেন্সি (০.৯৪%)	-০	০	০	০	০
২৩	(ঘ) প্রাইস কনটিনজেন্সি (১.৯১%)	০	০	০	০	০
	সর্বমোট (ক+খ+গ+ঘ)	টি		৯১৯০.০০	১০০%	৯১৭৩.৮৬ (৯৯.৮২%)

পর্যালোচনা

বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ শীর্ষক প্রকল্পটি গত ডিসেম্বর ২০১৯ তারিখে সমাপ্ত হয়। প্রকল্পের অনুমোদিত আরডিপিপি (১ম সংশোধনী) অনুযায়ী মোট আর্থিক বরাদ্দ ছিল ৯১৯০.০০ লক্ষ টাকা। পিসিআর এ সন্নিবেশিত তথ্য থেকে দেখা যায় যে, প্রকল্পের আওতায় মোট ব্যয় হয়েছে ৯১৭৩.৮৬ লক্ষ টাকা যা মোট বরাদ্দের ৯৯.৮২% এবং প্রকল্পের বাস্তব অগ্রগতি ১০০%।

৩.১.৫ পিসিআর বিশ্লেষণ

বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ (সংশোধিত) প্রকল্পটি প্রধানত অপারেটিং বিভাগ থেকে প্রশাসনিক বিভাগকে আলাদা করার মাধ্যমে দক্ষ এবং বাঁধাহীন প্রশাসনিক কার্যক্রম নিশ্চিত করার লক্ষ্যে বাস্তবায়নের জন্য গৃহীত হয় যার মেয়াদকাল নির্ধারণ করা হয় ৩ (তিন) বছর। কিন্তু প্রকল্প সমাপ্তির জন্য আরও ২ বছর বেশি সময়ের প্রয়োজন হয়। প্রকল্পের ৭টি উদ্দেশ্যের মধ্যে ৬টি উদ্দেশ্য বাস্তবায়িত হয়েছে। ১টি উদ্দেশ্য বাজেট ঘাটতির কারণে বাস্তবায়ন করা সম্ভব হয় নাই। বাজেট প্রাপ্তি সাপেক্ষে উদ্দেশ্যটি বাস্তবায়ন করা হবে মর্মে প্রকল্প বাস্তবায়নে সম্পৃক্ত কর্মকর্তাদের মতামত থেকে জানা যায়।

প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time over-run): জুলাই ২০১৪ হতে জুন ২০১৭ এর স্থলে জুলাই ২০১৪ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত ২ বছর অর্থ্যাৎ মূল বাস্তবায়নকালের ৬৬.৬৭% বৃদ্ধি। প্রকল্পটির শতভাগ বাস্তবায়নের ক্ষেত্রে মূল ডিপিপি'র ব্যয় থেকে ৬৭.৯৫% বেশি এবং সংশোধিত ডিপিপি থেকে ০.১৮% কম ব্যয় হয়েছে। বিশ্লেষণে দেখা যায় যে, সঠিকভাবে ডিপিপি প্রণয়নে স্টর্ট-আপ সময় এবং Time Over-run & Cost over-run বিবেচনাপূর্বক কর্ম পরিকল্পনা প্রণয়ন করা হয়নি এবং বিদেশী মালামাল/যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে বর্তমান বাজার মূল্য যাচাইপূর্বক পণ্যের স্পেসিফিকেশনসহ প্রাক্কলন করা প্রয়োজন ছিল মর্মে প্রকল্প বাস্তবায়নে সম্পৃক্ত কর্মকর্তাদের মতামত থেকে জানা যায়। সেই জন্য প্রকল্প ব্যবস্থাপনা, অর্থব্যয় এবং ডকুমেন্ট প্রণয়ন ও সংরক্ষণের ক্ষেত্রে প্রশিক্ষিত ও দক্ষ কর্মীর মাধ্যমে প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন করা প্রয়োজন।

৩.২ প্রকল্পের ক্রয় কার্যক্রম

৩.২.১ ক্রয় পরিকল্পনার বিশ্লেষণ

প্রকল্প অফিসের তথ্যাদি বিশ্লেষণে দেখা যায় যে, প্রকল্পের আওতায় আরডিপিপি অনুযায়ী পণ্য ক্রয়ের ৩টি, কার্য ক্রয়ের ২টি এবং সেবা ক্রয়ের ১টি প্যাকেজ ছিল। পিসিআর এর প্রদত্ত তথ্য অনুযায়ী প্রকল্পের আওতায় পণ্য ক্রয়ের ৩টি প্যাকেজের পণ্য ক্রয় প্রকল্পের মূল ডিপিপি-তে লিপিবদ্ধ পিপিআর-২০০৮ অনুযায়ী সম্পন্ন করা হয়েছে। কার্য ক্রয়ের ২টি প্যাকেজের জন্য ২টি দরপত্র আহবান এবং চুক্তির কাজ ডিপিপি-তে লিপিবদ্ধ পিপিআর-২০০৮ অনুযায়ী সম্পন্ন করা হয়েছে। সেবা ক্রয়ের ক্ষেত্রে আরডিপিপি অনুযায়ী ১টি প্যাকেজেই ক্রয় কাজ সম্পন্ন করা হয়েছে। সমীক্ষাকালীন, দরপত্র আহবান, চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ, চুক্তি মূল্য, চুক্তি অনযায়ী কাজ সম্পন্নের তারিখ, প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন পণ্য, কার্য, ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন / BoQ /ToR, ক্রয় কার্যক্রম প্রকৃত পক্ষে কখন করা হয়েছে, বিলম্বে সংগৃহীত হয়ে থাকলে তার কারণ ইত্যাদি বিশ্লেষণ ও পর্যালোচনা করা হয়েছে। ক্রয় কার্যক্রমে ক্রয় আইন ও বিধিমালা পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ অনুসরণ করে সংগ্রহ করা হয়েছে। এছাড়াও ক্রয় কার্যক্রমের কেস স্টাডির মাধ্যমে বিস্তারিত তথ্যাদি পর্যালোচনা ও বিশ্লেষণ করা হয়েছে।

মালামাল ক্রয়ের ক্ষেত্রে বিশ্লেষণে দেখা যায় যে, মোট ৩টি প্যাকেজের মধ্যে ১টি প্যাকেজের ক্রয় কার্যক্রম শেষ হয়েছে ২ মাসের ও কম সময়ের মধ্যে। ১টি প্যাকেজের ক্রয় কার্যক্রম শেষ হয়েছে ৫ মাস সময়ের মধ্যে। পাঁচ মাসের উর্ধ্বে সময় ব্যয় মাত্র ১টি প্যাকেজ প্রক্রিয়াকরণে। পরামর্শক সেবা ক্রয়ে ১টি প্যাকেজের ক্রয় কার্যক্রমে সময়ের চেয়ে ১০ মাসের কম সময় লেগেছে। পর্যালোচনায় দেখা যায় যে, কার্য ক্রয়ে সময়ের চেয়ে ১০ থেকে ১৪ মাস পর্যন্ত বেশী সময় লেগেছে যে কারণে ৩ বার পর্যন্ত প্রকল্পের সময় বৃদ্ধি করার প্রয়োজন হয়েছে।

সারণি-২৩: প্রকল্পের আওতায় মালামাল, কার্য এবং সেবা ক্রয় সংক্রান্ত তথ্য

ক্রয়ের ধরন	সময়কাল (মাস)	ক্রয় (সংখ্যা)
ক) মালামাল ক্রয়	<২	১
	০-৫	১
	<৫	১
খ) Construction of 8 Storied Building with two basement and 14 storied Foundation including internal and external sanitary, water supply, electrical & fire fighting etc. Works.	০-১০	১
৪) Vertical Extension from 8th Floor to 13th Floor over existing 7th Floor including Civil, Sanitary, Internal Electrification, Fire Fighting and Electro-Mechanical works and Remaining item of works and Finishing works for 2 nos Basement Floor & up to 7th Floor of Head Quarter Building of Bangladesh Postal Directorate at Sher-e-Bangla Nagar, Dhaka	১০-১৪	১
৫) পরামর্শক সেবা	<১০	১
মোট		৬

সারণি-২৪: প্রকল্পের আওতায় মালামাল, কার্য এবং সেবা ক্রয় সংক্রান্ত তথ্য

									লক্ষ টাকায়)
প্যাকেজ নং	দরপত্র আহবানের তারিখ	ক্রয় পদ্ধতি	অনুমোদন কর্তৃপক্ষ	প্রাক্কলিত মূল্য (আরডিপিপি অনুযায়ী)	চুক্তির তারিখ	চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		সময় ব্যবধান
							চুক্তি অনুযায়ী	প্রকৃত	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
GD-১	০৮/০৪/২০১৫	RFQ	DOF	৭২.০০	১৮/০৫/২০১৫	৭০.১৯	২৮-০৬-২০১৭	২৫-০৭-২০১৭	-
GD-২	২৬/০২/২০১৫	RFQ	DOF	২.৯৮	২৯/০৩/২০১৫	২.৯৮	২৮-০৪-২০১৮	৩০-০৪-২০১৮	-
GD-৩	২৬/০২/২০১৫	RFQ	DOF	০.৫৭	২৫/০৩/২০১৫	০.৫৭	২৪-০৪-২০১৯	২৬-০৪-২০১৯	-
WD-১	১৬/০৫/২০১৬	OTM	DOF	৪০০১.৩৯	৩১/০৮/২০১৬	৪১৪৪.৭৭	৩০-০৬-২০১৭	৩০-০৬-২০১৯	০২ (দুই) বছর
WD-২	০৬/০৫/২০১৮	OTM	DOF	৪৯৩৩.৫৬	২১/০৬/২০১৮	৪৯৩০.৪৯	৩১-১২-২০১৮	৩০-০৬-২০১৯	০৬ (ছয়) মাস
SD-২	২২/১২/২০১৪	EOI/Q CBS	DOF	১১৩.০০	১৪/১০/২০১৫	১১৩.০০	৩০-০৬-২০১৭	৩০-০৬-২০১৮	০১ (এক) বছর

মূল ডিপিপিতে WD-১প্যাকেজের প্রাক্কলিত মূল্য ছিল ৪২২৩ লক্ষ টাকা। আরডিপিপিতে উক্ত প্রাক্কলিত ব্যয় কিছুটা হ্রাস করে ৪০০১.৩৯ লক্ষ টাকা নির্ধারণ করা হয়।

৩.২.২ ক্রয় কার্যক্রমের বিশ্লেষণ

প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট কার্যক্রমের পর্যালোচনা ও পর্যবেক্ষণ করা হয়েছে। প্রকল্পের যন্ত্রপাতি/মালামাল ইত্যাদি ক্রয়ের ক্ষেত্রে প্রতিযোগিতামূলক বিডিং পদ্ধতির মাধ্যমে ক্রয় করা হয়েছে। ক্রয় পরিকল্পনা, প্রি-শিপমেন্ট, শিপমেন্ট, পোষ্ট-শিপমেন্ট পরীক্ষা ইত্যাদি পর্যায়ে যে সকল পদ্ধতি অবলম্বন করা হয়েছে তা নিচে বর্ণনা করা হলো এবং সিপিটিইউ প্রদত্ত ফরমেট অনুসরণপূর্বক কেস স্টাডি পূরণ করা হয়েছে। পণ্য ক্রয়ের আওতায় পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ অনুযায়ী প্রথমে পাঁচ (৫) সদস্য বিশিষ্ট একটি মূল্যায়ন কমিটি গঠন করা হয়। প্রকল্পে পণ্য ক্রয় কার্যক্রমকে মোট ৩টি প্যাকেজে বিভক্ত করে ক্রয় পরিকল্পনা করা হয়। পিপিআর-২০০ অনুসরণপূর্বক পরিকল্পনা অনুযায়ী ক্রয়ের প্রতিটি ধাপ অনুসরণ করা হয়েছে। কার্য ক্রয়ের ক্ষেত্রে প্যাকেজগুলোকে ১) ২টি বেজমেন্টসহ ১-৮ তলা ভবন নির্মাণ, ২) ৯-১৪ তলা ভবণ নির্মাণ বিভাগে ভাগ করা হয়েছে। সকল ক্রয়সহ প্রকল।প বাস্তবায়নের জন্য CPTU এর Format অনুযায়ী ক্রমিক ১-৩১ পর্যন্ত কার্যক্রম অনুসরণ করা হয়েছে। আলোচ্য প্রকল্পের (১) প্যাকেজের নং WD-১ (২) প্যাকেজের নং WD-২, ২টি প্যাকেজকে কেস স্টাডি হিসেবে উপস্থাপন করা হলো।

৩.২.২.১ প্রকিউরমেন্ট এর কেস স্টাডি

WD-১ প্যাকেজটি ডাক অধিদপ্তরের বোর্ড সভার অনুমোদন সাপেক্ষে দরপত্র, স্পেসিফিকেশন ও ব্যয় প্রাক্কলন (Cost estimate) প্রস্তুত এবং অনুমোদনের জন্য প্রথমে একটি মূল্যায়ন কমিটি গঠন করা করা হয়। এরপর দরপত্র ও স্পেসিফিকেশন প্রস্তুতপূর্বক অনাপত্তি গ্রহণ করা হয় এবং বিজ্ঞপ্তির মাধ্যমে দৈনিক কালের কন্ঠ ও দি ফিন্যানসিয়াল এক্সপ্রেস (The Financial Express) পত্রিকায়

১৪/০৫/২০১৬ তারিখে দরপত্র প্রকাশ এবং বহুল প্রচারের জন্য সিপিটিইউসহ সরকারের সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়। একধাপে দুই খাম উম্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহবান করা হয়। দরপত্র বিক্রয়ের শেষ তারিখ নির্ধারণ করা হয় ১৩/০৬/২০১৬ বিকাল ৫.০০টা এবং দরপত্র গ্রহণের শেষ তারিখ ছিল ১৩/০৬/২০১৬ দুপুর ৫.০০টা।

দরপত্র দলিল ৬টি আগ্রহী প্রতিষ্ঠান ক্রয় করে দলিলাদি প্রস্তুতপূর্বক সকল প্রতিষ্ঠানই নির্ধারিত ১৩/০৬/২০১৬ তারিখের মধ্যে জমা দেয়। দরপত্র মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয় ২৩/০৬/২০১৬ তারিখে। কমিটির যাচাই-বাছাই (সিএস তৈরি করা হয় ২৭/০৬/২০১৬ তারিখে) শেষে ৬টি প্রতিষ্ঠানের দরপত্র রেস্পন্সিভ হয় এই মর্মে ২৮/০৬/২০১৬ তারিখে ঘোষণা দেয়া হয়। অতঃপর ডকুমেন্টের সাথে চাহিত বিভিন্ন সংযক্তিসমূহ পরীক্ষা-নিরীক্ষাপূর্বক প্রথম স্থান অধিকারী সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানকে নোটিফিকেশন অব এওয়ার্ড প্রদান করার জন্য ২৩/০৮/২০১৬ তারিখে সুপারিশ করা হয়। এরপর এওয়ার্ডপ্রাপ্ত প্রতিষ্ঠানকে ৪১৪৪.৭৭ লক্ষ টাকা মূল্যে ৩১/০৮/২০১৬ তারিখে চুক্তি স্বাক্ষরসহ কার্যাদেশ প্রদান করা হয় এবং কার্যাদেশ অনুযায়ী কাজ শেষ করার তারিখ ৩০/০৬/২০১৭ ধায্য করা হয়। নির্ধারিত সময়ের মধ্যে চুক্তিপত্রে উল্লেখিত সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ার পর ২৫/০৬/২০১৭ তারিখে বিল জমা দেয়ার পর পরীক্ষান্তে ১৬/০৬/২০১৭ তারিখে চূড়ান্ত বিল প্রদান করা। কিন্তু প্রকল্পটির সময় বৃদ্ধি পাওয়ার কারণে ২৭/০৫/২০১৯ তারিখে বিল জমা দেয়ার পর পরীক্ষান্তে ২৭/০৫/২০১৯ তারিখে ১,১৭,০৮,৫৩০.০০ টাকার চূড়ান্ত বিল প্রদান করা হয়েছিল।

পর্যালোচনায় দেখা যায় যে, প্রায় ১.১৭ কোটি টাকা উর্ধ্বের বিলটি জমা দেয়ার দিনেই চেক প্রদান করা হয়েছে। এখানে যাচাই-বাছাই করার জন্য প্রয়োজনীয় সময় নেয়া হয়নি বলে প্রতীয়মান হয়েছে। ডকুমেন্ট পর্যালোচনায় আরো দেখা যায় যে, বিলের সমুদয় অর্থ ছাড় যাচাই-বাছাই ছাড়াই পরিশোধ করা হয়েছে। পর্যালোচনায় আরো দেখা যায় যে, ওয়ারেন্টি সময়ের মধ্যে পণ্যগুলির কোন ত্রুটি ধরা পড়েনি। উল্লেখ্য, ওয়ারেন্টি সময়ে ইন্সটেলেশন থেকে এক বছর ধরা হয়েছিল। আরো একটি বিষয় পরিলক্ষিত হয় যে, সিএস তৈরির প্রায় ১ মাস পর প্রতিষ্ঠানের তালিকা ঘোষণা দেয়া হয়েছে।

প্যাকেজের নাম ও নং WD-১

নং	বিষয়	বাস্তবায়ন বিবরণ	মন্তব্য
১	মন্ত্রণালয়/বিভাগ	ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়/ ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	
২	বাস্তবায়নকারী সংস্থা	ডাক অধিদপ্তর	
৩	প্রকল্পের নাম	"বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ"	
৪	দরপত্র অনূযায়ী কাজের নাম	Construction of 8 Storied Building with two basement and 14 storied Foundation including internal and external sanitary, water supply, electrical & fire fighting etc. Works.	
৫	দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যম (জাতীয়/আন্তর্জাতিক)	জাতীয়	
৬	দরপত্র বিক্রয়ের শুরুর তারিখ	১৬-০৫-২০১৬খ্রিঃ	
৭	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	১৩-০৬-২০১৬খ্রিঃ, ১৭:০০ ঘটিকা	
৮	দরপত্র গ্রহণের শেষ তারিখ ও সময়	১৩-০৬-২০১৬খ্রিঃ, ১৭:০০ ঘটিকা	
৯	প্রাপ্ত মোট দরপত্রের সংখ্যা	০৬(ছয়)টি	
১০	দরপত্র খোলার তারিখ ও সময়	১৪-০৬-২০১৬ খ্রি:	
১১	রেসপনসিভ দরপত্রের সংখ্যা	০৬(ছয়)টি	
১২	নন-রেসপনসিভ দরপত্রের সংখ্যা	০ (শূন্য)	

১৩	দরপত্র মূল্যায়ন কমিটির সভার তারিখ	২৩-০৬-২০১৬খ্রিঃ	
১৪	টিইসি প্রতিবেদন তৈরির তারিখ	২৩-০৬-২০১৬খ্রিঃ, ২৭-০৬-২০১৬খ্রিঃ	
১৫	টিইসি প্রতিবেদন অনুমোদনের তারিখ	১৪-০৭-২০১৬খ্রিঃ	
১৬	Notification of Award প্রদানের তারিখ	২৩-০৮-২০১৬খ্রিঃ	
১৭	মোট চুক্তি মূল্য	৪১৪৪.৭৭ লক্ষ টাকা	
১৮	চুক্তি স্বাক্ষরের তারিখ	৩১-০৮-২০১৬খ্রিঃ	
১৯	কার্যাদেশ অনুযায়ী কাজ শুরুর তারিখ	০৭-০৯-২০১৬খ্রিঃ	
২০	কার্যাদেশ অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ	৩০-০৬-২০১৭খ্রিঃ	
২১	সময় বৃদ্ধি করে থাকলে, কতদিনের এবং কি কারণে	হ্যাঁ, ০২(দুই) বছর, গুণগত মান বজায় রেখে কাজ সম্পাদনের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে।	
২২	চূড়ান্ত বিল জমাদানের তারিখ ও বিলের পরিমাণ	২৭-০৫-২০১৯খ্রিঃ, ১,১৭,০৮,৫৩০.০০ টাকা	
২৩	চূড়ান্ত বিল পরিশোধের তারিখ ও বিলের পরিমাণ	২৮-০৫-২০১৯খ্রিঃ, ১,১৭,০৮,৫৩০.০০ টাকা	
২৪	ক্রয়ের ক্ষেত্রে সরকারি ক্রয় নীতিমালা অনুসরণ করা হয়েছে কিনা?	হ্যাঁ	
২৫	মালামালগুলোর গুণগত মানের ক্ষেত্রে কোন বিচ্যুতি ঘটে ছিল কিনা?	না	
২৬	হয়ে থাকলে কেন?	প্রযোজ্য নয়	
২৭	দরপত্রে উল্লেখিত মূল্য অপেক্ষা অধিক ব্যয় হয়েছিল কিনা?	না	
২৮	হয়ে থাকলে কেন এবং টাকার পরিমাণ	প্রযোজ্য নয়	
২৯	ক্রয়কৃত মালামালের ওয়ারেন্টি ছিল কি?	হ্যাঁ	
৩০	থাকলে কত দিন?	চুক্তির তারিখ থেকে এক বছর পর্যন্ত	
৩১	ওয়ারেন্টি সময়ের মধ্যে মালামালগুলোর কোন ত্রুটি ধরা পড়েছিল কিনা?	না	

৩.২.২.২ প্রকিউরমেন্ট এর কেস স্টাডি

WD-২ প্যাকেজটি ডাক অধিদপ্তরের বোর্ড সভার অনুমোদন সাপেক্ষে দরপত্র, স্পেসিফিকেশন ও ব্যয় প্রাক্কলন (Cost estimate) প্রস্তুত এবং অনুমোদনের জন্য প্রথমে একটি মূল্যায়ন কমিটি গঠন করা করা হয়। এরপর দরপত্র ও স্পেসিফিকেশন প্রস্তুতপূর্বক অনাপত্তি গ্রহণ করা হয় এবং বিজ্ঞপ্তির মাধ্যমে দৈনিক ইত্তেফাক ও দি ফিন্যানসিয়াল এক্সপ্রেস (The Financial Express) পত্রিকায় ০৩/০৫/২০১৮ তারিখে দরপত্র প্রকাশ এবং বহুল প্রচারের জন্য সিপিটিইউসহ সরকারের সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়। একধাপে দুই খাম উম্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহবান করা হয়। দরপত্র বিক্রয়ের শেষ তারিখ নির্ধারণ করা হয় ০৩/০৬/২০১৮ বিকাল ৪.০০টা এবং দরপত্র গ্রহণের শেষ তারিখ ছিল ০৪/০৬/২০১৮, ১১.৪৫ ঘটিকা।

দরপত্র দলিল ৩টি আগ্রহী প্রতিষ্ঠান ক্রয় করে দলিলাদি প্রস্তুতপূর্বক সকল প্রতিষ্ঠানই নির্ধারিত ০৪/০৬/২০১৮ তারিখের মধ্যে জমা দেয়। দরপত্র মূল্যায়ন কমিটির সভাগুলো যথাক্রমে ১ম সভা ০৭-০৬-২০১৮খ্রিঃ, ২য় সভা ০৭-০৬-২০১৮খ্রিঃ ৩য় সভা ০৮-০৬-২০১৮খ্রিঃ, ৪র্থ সভা ০৯-০৬-২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়। কমিটির যাচাই-বাছাই (টিইসি তৈরি করা হয় ১৫/০৬/২০১৮ তারিখে) শেষে ৩টি প্রতিষ্ঠানের দরপত্র রেস্পন্সিভ হয় এই মর্মে ১৬/০৬/২০১৮ তারিখে ঘোষণা দেয়া হয়। অতঃপর ডকুমেন্টের সাথে চাহিত বিভিন্ন সংযুক্তিসমূহ পরীক্ষা-নিরীক্ষাপূর্বক প্রথম স্থান অধিকারী সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানকে নোটিফিকেশন অব এওয়ার্ড প্রদান করার

জন্য ১৯/০৬/২০১৮ তারিখে সুপারিশ করা হয়। এরপর এওয়ার্ডপ্রাপ্ত প্রতিষ্ঠানকে ৪৯৩০.৪৯ লক্ষ টাকা মূল্যে ২১/০৬/২০১৮ তারিখে চুক্তি স্বাক্ষরসহ কার্যাদেশ প্রদান করা হয় এবং কার্যাদেশ অনুযায়ী কাজ শেষ করার তারিখ ৩১/১২/২০১৮ ধায্য করা হয়। নির্ধারিত সময়ের মধ্যে চুক্তিপত্রে উল্লেখিত সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ার পর ২৫/১১/২০১৮ তারিখে বিল জমা দেয়ার পর পরীক্ষান্তে ২৬/১১/২০১৭ তারিখে চূড়ান্ত বিল প্রদান করা। কিন্তু প্রকল্পটির সময় বৃদ্ধি পাওয়ার কারণে ৩০/০৬/২০১৯ তারিখে বিল জমা দেয়ার পর পরীক্ষান্তে ৩০/০৬/২০১৯ তারিখে ৬,৭৬,০২, ৬৪২.০২ টাকার চূড়ান্ত বিল প্রদান করা হয়েছিল।

পর্যালোচনায় দেখা যায় যে, প্রায় ৬.৭৬ কোটি টাকা উর্ধ্বের বিলটি জমা দেয়ার পরের দিনেই চেক প্রদান করা হয়েছে। এখানে যাচাই-বাছাই করার জন্য প্রয়োজনীয় সময় নেয়া হয়নি বলে প্রতীয়মান হয়েছে। পর্যালোচনায় দেখা যায় যে, বিলের সমুদয় অর্থ ছাড় যাচাই-বাছাই ছাড়াই পরিশোধ করা হয়েছিল। ওয়ারেন্টি সময়ের মধ্যে পণ্যগুলির কোন ত্রুটি ধরা পড়েনি। উল্লেখ্য, ওয়ারেন্টি সময় ইন্সটেলেশন থেকে এক বছর ধরা হয়েছিল। আরো একটি বিষয় পরিলক্ষিত হয় যে, সিইসি তৈরির পরেবর্তী দিনই প্রতিষ্ঠানের তালিকা ঘোষণা দেয়া হয়েছিল।

প্যাকেজের নাম ও নং WD-২

নং	বিষয়	বাস্তবায়ন বিবরণ	মন্তব্য
১	মন্ত্রণালয়/বিভাগ	ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়/ ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	
২	বাস্তবায়নকারী সংস্থা	ডাক অধিদপ্তর	
৩	প্রকল্পের নাম	"বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ"	
৪	দরপত্র অনূযায়ী কাজের নাম	Vertical Extension from 8th Floor to 13th Floor over existing 7th Floor including Civil, Sanitary, Internal Electrification, Fire Fighting and Electro-Mechanical works and Remaining item of works and Finishing works for 2 nos Basement Floor & up to 7th Floor of Head Quarter Building of Bangladesh Postal Directorate at Sher-e-Bangla Nagar, Dhaka.	
৫	দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যম (জাতীয়/আন্তর্জাতিক)	জাতীয়	
৬	দরপত্র বিক্রয়ের শুরুর তারিখ	০৬-০৫-২০১৮খ্রিঃ	
৭	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	০৩-০৬-২০১৮ খ্রিঃ, ১৬:০০ ঘটিকা	
৮	দরপত্র গ্রহণের শেষ তারিখ ও সময়	০৪-০৬-২০১৮ খ্রিঃ, ১১:৪৫ ঘটিকা	
৯	প্রাপ্ত মোট দরপত্রের সংখ্যা	০১(এক)	
১০	দরপত্র খোলার তারিখ ও সময়	০৪-০৬-২০১৮ খ্রিঃ, ১২:০০ ঘটিকা	
১১	রেসপনসিভ দরপত্রের সংখ্যা	০৩ (তিন)টি	
১২	নন-রেসপনসিভ দরপত্রের সংখ্যা	০(শূন্য)	
১৩	দরপত্র মূল্যায়ন কমিটির সভার তারিখ	১ম সভা ০৭-০৬-২০১৮খ্রিঃ, ২য় সভা ০৭-০৬-২০১৮খ্রিঃ ৩য় সভা ০৮-০৬-২০১৮খ্রিঃ, ৪র্থ সভা ০৯-০৬-২০১৮ খ্রিঃ	
১৪	টিইসি প্রতিবেদন তৈরির তারিখ	১৫-০৬-২০১৮ খ্যিঃ	
১৫	টিইসি প্রতিবেদন অনুমোদনের তারিখ	২০-০৬-২০১৮ খ্রিঃ	
১৬	Notification of Award প্রদানের তারিখ	২১-০৬-২০১৮ খ্রিঃ	
১৭	মোট চুক্তি মূল্য	৪৯৩০.৪৯ লক্ষ টাকা	
১৮	চুক্তি স্বাক্ষরের তারিখ	২১-০৬-২০১৮ খ্রিঃ	
১৯	কার্যাদেশ অনুযায়ী কাজ শুরুর তারিখ	২৮-০৬-২০১৮ খ্রিঃ	
২০	কার্যাদেশ অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ	৩১-১২-২০১৮ খ্রিঃ	

২১	সময় বৃদ্ধি করে থাকলে, কতদিনের এবং কি কারণে	হ্যাঁ, ১২(বার) মাস, গুণগত মান বজায় রেখে কাজ সম্পাদনের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে।	
২২	চূড়ান্ত বিল জমাদানের তারিখ ও বিলের পরিমাণ	৩০-০৬-২০১৯ খ্রিঃ, ৬,৭৬,০২,৬৪২.০২ টাকা	
২৩	চূড়ান্ত বিল পরিশোধের তারিখ ও বিলের পরিমাণ	৩০-০৬-২০১৯ খ্রিঃ, ৬,৭৬,০২,৬৪২.০০ টাকা	
২৪	ক্রয়ের ক্ষেত্রে সরকারি ক্রয় নীতিমালা অনুসরণ করা হয়েছে কিনা?	হ্যাঁ	
২৫	মালামালগুলোর গুণগত মানের ক্ষেত্রে কোন বিচ্যুতি ঘটে ছিল কিনা?	না	
২৬	হয়ে থাকলে কেন?	প্রযোজ্য নয়	
২৭	দরপত্রে উল্লেখিত মূল্য অপেক্ষা অধিক ব্যয় হয়েছিল কিনা?	না	
২৮	হয়ে থাকলে কেন এবং টাকার পরিমাণ	প্রযোজ্য নয়	
২৯	ক্রয়কৃত মালামালের ওয়ারেন্টি ছিল কি?	হ্যাঁ	
৩০	থাকলে কত দিন?	চুক্তির তারিখ থেকে এক বছর পর্যন্ত	
৩১	ওয়ারেন্টি সময়ের মধ্যে মালামালগুলোর কোন ত্রুটি ধরা পড়েছিল কিনা?	না	

৩.২.৩ মালামালের ইনভেন্টরি

প্রত্যেকটি প্রকল্পের আর্থিক বাজেটের বড় অংশ বরাদ্দ থাকে মালামাল ক্রয়ের জন্য। আলোচ্য প্রকল্পেও বড় অংশ ছিল মালামাল ক্রয়ে। ভবিষ্যতে উক্ত মালামালের সঠিক ব্যবহার করার জন্য একটি উপযুক্ত ইনভেন্টরি করার প্রয়োজন হয়। বিভিন্ন অডিট নিস্পত্তিকালে মালামালের ইনভেন্টরির প্রয়োজন হয়। প্রকল্প অফিসের নথিপত্র পর্যালোচনায় দেখা যায় যে, এ প্রকল্পের ক্ষেত্রে কোন ইনভেন্টরি প্রস্তুত করা হয় নাই।

৩.২.৪ গুণগত মান যাচাই

৩.২.৪.১ সরজমিনে প্রকল্প স্থান পরিদর্শন ও পর্যবেক্ষণ

সরেজমিনে দেখা যায়, গ্রাউন্ড ফ্লোরে পোস্ট মাস্টারের অফিস রুমের ওয়াল ড্যাম্প। রুমটির ওয়ালের ড্যাম্প এর কারণে অফিসের মূল্যবান কাগজপত্রের উপর রং ও সিমেন্ট ঝরে পড়ছে। ওয়ালের ড্যাম্প হওয়ার কারণগুলো (১)ইটে লবনের পরিমান বেড়ে যাওয়া (২) ভিজা অবস্থায় প্লাস্টার করা।

স্থির চিত্র-০১: বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবনে অবস্থিত পোস্ট অফিস রুমের ড্যামেজ ওয়াল

সরেজমিনে দেখা যায় যে নিচ তলায় ড্রাইভারদের ওয়েটিং রুমের ওয়ালে ড্যাম্প ও ফাটল। ফলে রং ও সিমেন্ট ঝরে পড়ছে।

স্থির চিত্র-০২: বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবনের ড্রাইভারদের বিশ্রাম রুমের ড্যাম্পওয়াল

সরেজমিনে দেখা যায় যে, ওয়াশরুমের পারটেক্সের ডোরগুলো কোন কোন ক্ষেত্রে নিচ থেকে নষ্ট হয়ে যাচ্ছে, বিশেষ করে ওয়াশরুমে পারটেক্স ডোরের পরিবর্তে প্লস্টিক ডোরের প্রয়োজন ছিল। অপরদিকে অনেকগুলো ওয়াশরুমের দরজার ছিটকানী বাঁকা হওয়ার কারণে দরজা সম্পূর্ণ লাগানো যায় না, বিশেষ করে ওয়াশরুমের দরজার ছিটকানী আরো ভাল মানের প্রয়োজন ছিল। মূল ডিপিপিতে প্লাস্টিক ডোরের সংস্থান ছিল, পরবর্তীতে সংশোধন করে সলিড পার্টিক্যাল বোর্ড ব্যবহার করা হয়েছে, প্রায় ১০% ওয়াশরুমের দরজা ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে।

স্থির চিত্র-০৩: বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবনের নিচতলার ওয়াশরুমের দরজা

মাঝে মাঝে প্রায় ফ্লোরে নিম্নমানের টাইলস ব্যবহারের কারণে চলাচলের সময় উচুঁনিচুঁ মনে হয়েছে এবং ফলস সিলিং মাঝে মধ্যে ভেঙ্গে পড়তে দেখা গিয়েছে। এসির পানিতে রুম স্যাঁতসেতে হয়ে যায়। বিশেষ করে নির্মাণের সময় এসির পানির নির্গমনের ব্যবস্থা রাখার প্রয়োজন ছিল। মূল ডিজাইনে প্রায় প্রতিটি রুমের সাইজ একই আকৃতির, বিশেষ করে কর্মকর্তাদের পদ অনুযায়ী রুমের আকার ছোট বড় হওয়ার প্রয়োজন ছিল। সরেজমিনে আরো দেখা যায় যে, মাঝে মাঝে গ্লাস ভেঙ্গে পড়ছে। যেহেতু সদর দপ্তর ভবনটি ডাক বাক্সের মডেলের স্থাপত্য শৈলীতে তৈরী চারদিকে গ্লাস বেষ্ঠিত একটি ডাক বাক্সের আইডেন্টিক্যাল স্থাপনা। এখানে স্থায়ীত্ব বিবেচনায় আরো মানসম্মত গ্লাস ব্যবহারের প্রয়োজন ছিল। ৬ ফ্লোর থেকে ১৩ তলা পর্যন্ত যোগাযোগের জন্য নেটওয়ার্কজনিত সমস্যা রয়েছে, প্রকৃত পক্ষে এরূপ সুউচ্চ ভবনের জন্য আলাদা টেকনোলজী সম্পন্ন নেটওয়ার্ক ব্যবস্থা সংস্থানের প্রয়োজন ছিল। ফেরোস্ক্যান মেশিন ব্যবহারের মাধ্যমে কলাম এবং বীমের রডের পরিমাণ ও আকার সঠিক প্রতীয়মান হয়েছে। ভবনটির পানি সরবরাহের ট্যাপগুলো মান সম্মত নয়। প্রকল্পের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে ২০১৯ সালে কিন্তু ২০২৪ সালের ফ্রেরুয়ারি মাসে পরিদর্শনে দেখা যায় যথাযথভাবে রক্ষণাবেক্ষণের অভাবে ভবনটির সেবায় সমস্যা হচ্ছে। ডে-কেয়ার সেন্টারটি চালু না হওয়ার কারণে উহার জন্য ক্রয়কৃত মালামাল অযত্নে নষ্ট হওয়ার পথে।

সরেজমিনে আরো দেখা যায়, ১৪ তলার ছাদটি ক্যাপ আকৃতি সম্পন্ন স্টিল স্ট্রাকচারের হওয়ায় দুর্যোগকালীন সময়ে ভবনটির উপরের অংশ দিয়ে জীবন বাঁচানো সম্ভব নয় এবংঅগ্নি নির্বাপক সরঞ্জামাদি বাস্তবে দৃশ্যমান হলেও উহার কার্যকারিতা নেই। সরকারি অর্থায়নে প্রকল্পের অধীনে ভবনটি নির্মাণ করা হয়েছে। এখানে প্রতীয়মান হয় যে,প্রকল্প চলাকালীন সময়ে প্রকল্পের নির্মাণ কাজে ও মালামাল

সরবরাহকারী ঠিকাদারগণের সাথে নিবিড় যোগাযোগসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণের যথাযথ মনিটরিং এর ঘাটতি থাকায় প্রকল্প সমাপ্তির ৪ বছর পার হতে না হতেই উপরোক্ত সমস্যাগুলি সৃষ্টি হয়েছে। অতএব, ভবিষ্যতে এ ধরণের প্রকল্প গ্রহণ এবং পরবর্তীতে নির্মাণ কাজ চলাকলীন, বিশেষ করে ঢালাইর করার সময় ও ফিটিংসগুলো লাগানোর সময়ে সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা ও কর্মকর্তগণের তদারকি নিশ্চিত করা প্রয়োজন। সরেজমিনে পরিদর্শন এবং দলিলাদি পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে, ভবন নির্মাণের পূর্বে বিশেষ করে অগ্নিনির্বাপক অধিদপ্তরের অনুমোদন না নিয়ে ভবনটির নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে।

সরেজমিন পরিদর্শনে ভবনটির যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনকৃত কোন ড্রইং, ডিজাইন পাওয়া যায় নাই। শুধুমাত্র পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদনকৃত ড্রইং ডিজাইন-এর মাধ্যমে প্রতীয়মান হয়েছে যে, ভবনটির মূল Structure এর নির্মাণ কাজ ড্রইং ডিজাইন অনুযায়ী সম্পন্ন করা হয়েছে। মূল Structure এর কোন ব্যত্যয় পরিলক্ষিত হয় নাই।

ফেরোস্কান মেশিনের মাধ্যমে বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবনের বি২, সি৩, সি৪ কলাম এবং ই-ডি/২, ২-৩/এফ, সি-ডি/৩ বীমের রড পরীক্ষা করে বীম ও কলামের রডের সংখ্যা ও মান সঠিক পাওয়া গেছে। নিম্নের ছবিতে পরামর্শক দল কর্তৃক ফেরোস্ক্যান মেশিনের মাধ্যমে বীম ও কলামের রডের পরিমাণ ও মান পরীক্ষা করার চিত্র দেখানো হলো।

স্থির চিত্র-০৪: ফেরোস্কানমেশিনের মাধ্যমে বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবনের সি৪ কলামের রড

ফেরোস্কানমেশিনের মাধ্যমে ভবনে ডিজাইন অনুযায়ী কলাম, বীমের রডের পরিমাণ এবং পরীক্ষার পর প্রাপ্ত ফলাফল নিম্নের সারণির মাধ্যমে দেখানো হলো-

সারণি- ২৫: ডিজাইন অনুযায়ী কলাম ও বীমের রডের পরিমাণ এবং পরীক্ষার পর প্রাপ্ত ফলাফলের তথ্য

বিবরণ	গ্রিড	ডিজাইন অনুযায়ী রডের পরিমাণ	পরীক্ষার পর প্রাপ্ত ফলাফল
কলাম	বি২,	২৮টা ২৮ মিলি	২৮টা ২৮ মিলি
কলাম	সি৩,	৪০ টা ২৮ মিলি	৪০ টা ২৮ মিলি
কলাম	সি৪	৪৪ টা ২৮ মিলি	৪৪ টা ২৮ মিলি
বীম	ই-ডি/২	৭টা ২২ মিলি (বটম)	৭টা ২২ মিলি (বটম)
বীম	২-৩/এফ	৭টা ২২ মিলি (বটম)	৭টা ২২ মিলি (বটম)
বীম	সি-ডি/৩	৭টা ২২ মিলি (বটম)	৭টা ২২ মিলি (বটম)

সরেজমিনে দেখা যায় যে, রিসিপশনে অতিথিদের জন্য বসার কোন আসবাব পত্র নেই। অথচ প্রকল্প পরিকল্পনায় অতিথিদের অপেক্ষার জন্য আলাদা জায়গা ও প্রয়োজনীয় আসবাবপত্রের সংস্থান ছিল। তাছাড়া সামনের প্রবেশ পথ রাস্তার লেভেলের সাথে সামঞ্জস্য নয় বিধায় গাড়ির চলাচলে অসুবিধা হচ্ছে। ইহার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া জরুরী।

স্থির চিত্র-০৫: বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবনের রিসিপশন ও সামনের প্রবেশ পথ

৩.২.৪.২. সরজমিনে ভবনের বৈদ্যুতিক লাইন সংযোগ এবং অগ্নি নির্বাপক ব্যবস্থা পরিদর্শন ও পর্যবেক্ষণের ভিত্তিতে পর্যালোচনা

ভবনটি সরেজমিনে পরিদর্শন করে প্রতীয়মান হয় যে, ভবনের বৈদ্যুতিক ব্যবস্থা বিধিমত স্থাপন করা হয়েছে। ভবনের আর্থিং সিস্টেম বিধিমত স্থাপন করা হয়েছে। সরেজমিনে পরিমাপকালে আর্থিং এর ফল ০.৩৪ ওহম পাওয়া যায়, যা সন্তোষজনক। ভবনে কমন নিউট্রাল সমস্যা পাওয়া যায় নাই।

স্থির চিত্র-০৬: বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবনের বৈদ্যুতিক আর্থিং অবস্থা

বৈদ্যুতিক সরঞ্জামাদি বিওকিউ অনুযায়ী দৃশ্যমান হয়েছে। ভবনের বৈদ্যুতিক উপকেন্দ্রটি পরিস্কার পরিছন্ন নয়। PFI Plant এ ১ (এক)টি Capacitor নষ্ট। Transformer এ তেলের লিকেজ বিদ্যমান ও সিলিকা জেল নষ্ট। ভবনের অগ্নি নির্বাপক ব্যবস্থা পরিদর্শনে দেখা যায় যে, ভবনের অগ্নিকান্ডের সময় জরুরী নির্গমন সিঁড়ি চিহ্নিত নাই। ভবনের ছাদ/ ক্যাপটি স্টিল স্ট্রাকচার দ্বারা নির্মিত। ভবনে Fire Exit Plan নাই এবং বিদ্যমান Fire Extinguisher গুলো মেয়াদ উত্তীর্ণ।



স্থির চিত্র-০৭: বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবনের বৈদ্যুতিক সাব-স্টেশন

স্থির চিত্র-০৮: বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবনের বৈদ্যুতিক সাব-স্টেশন

স্থির চিত্র-০৯: বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবনের বৈদ্যুতিক সাব-স্টেশন

পর্যালোচনা

সরেজমিনে পরিদর্শন এবং দলিলাদি পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে, ভবন নির্মাণের পূর্বে বিশেষ করে অগ্নিনির্বাপক অধিদপ্তরের অনুমোদন না নিয়ে ভবনটির নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। ভবন নির্মাণের পর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অনুমোদন নেওয়া হয়। সেক্ষেত্রে তারা কিছু সুপারিশ পূর্বক অনুমোদন প্রদান করেন। টপ ফ্লোরে ২টি কলার রাখা এবং টপ ফ্লোর সম্পূর্ণ ফাঁকা রাখা যাতে অগ্নি দুর্যোগকালীন সময়ে উক্ত ব্যবস্থার মাধ্যমে উদ্ধার কার্যক্রম পরিচালনা করা যায়। এছাড়াও ভবনটির নিরাপত্তার জন্য নিম্নোক্ত ব্যবস্থাগুলো নেওয়া অতি জরুরী। যেমন-

সাব-স্টেশন পরিস্কার-পরিছন্ন রাখা আবশ্যক। জরুরী ভিত্তিতে ট্রান্সফারমারের ওয়েল লিকেজ বন্ধ করে পুনরায় তৈল দিয়ে ট্রান্সফারমারের ওয়েল লেভেল Standard পর্যায়ে আনা প্রয়োজন। সিলিকা জেল পরিবর্তন করা দরকর। নিয়মিত সাব-স্টেশন রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন। পিএফআই প্লান্টের একটি ক্যাপাসিটর পরিবর্তন করে উহার রক্ষণাবেক্ষণ প্রয়োজন। প্রতিটি Fire Extinguisher Re-fill করে ব্যবহার উপযোগী করা প্রয়োজন। ভবনটির ছাদে যাওয়ার কোন সুযোগ নেই এবং চারিদিক গ্লাস ও লোহার স্ট্রাকচার দ্বারা আবৃত। সুতরাং টপ ফ্লোর ফাঁকা রাখা ও আপদকালীন উদ্ধার কার্যক্রম এর প্রয়োজনীয় ব্যবস্থা রাখা দরকার। একই সাথে টপ ফ্লোরে পর্যাপ্ত Fire Extinguisher রাখা প্রয়োজন।

৩.২.৪.৩ নির্মাণ কাজে ব্যবহৃত মালামালের ল্যাব টেস্টের রিপোর্ট পর্যালোচনা

প্রভাব মূল্যায়ন সমীক্ষায় চুক্তিবদ্ধ হওয়ার পর থেকে পরামর্শকগণ সাইট পরিদর্শন করেন। প্রকল্প পরিচালক, নির্মাণ প্রতিষ্ঠান এবং কনসাল্টিং ফার্মের প্রকৌশলীদের প্রদত্ত তথ্যের ভিত্তিতে এবং বিভিন্ন দলিলাদি পর্যবেক্ষণের মাধ্যমে বাস্তবায়িত প্রকল্পের অবকাঠামোর গুণগতমান যাচাইসহ বিভিন্ন তথ্য পরীক্ষা-নিরীক্ষা করা হয়েছে। নির্মাণ কাজে ব্যবহৃত মালামালের সকল ক্ষেত্রেই ল্যাব টেস্টগুলো বুয়েট (বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়) এবং MIST থেকে করা হয়েছে। যেমন Testing of Cement, Testing of Compressive Strength for C.C Cylinder, Test of Agreegate Crushing Value of Stone Chips, Test of Deformed M.S. BARS ইত্যাদি। তবে ল্যাব টেস্টের প্রাপ্ত ফলাফলগুলো সন্তোষজনক পাওয়া গিয়েছে। সরজমিনে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক কংক্রিটের Compressive Strength সম্পর্কে ধারণা নেওয়ার জন্য রিবাউন্ড হ্যামার টেস্ট করা হয়েছে এবং হ্যামার টেস্টের প্রাপ্ত ফলাফল সন্তোষজনক পাওয়া গিয়েছে। উপরিউক্ত Test গুলো American Standard for Testing Materials এর বিভিন্ন Standard অনুসরণ করে করা হয়েছে। এর থেকে প্রকল্পের গুণগত মান নিশ্চিতের নিশ্চয়তা পাওয়া যায়।Test Result গুলো পর্যবেক্ষণ করার পর প্রকল্পের সার্বিক গুণগতমান এর ব্যাপারে পরামর্শকের মতামত নিম্নের সারণিতে সংক্ষেপে দেওয়া হলো-

সারণি- ২৬: বিভিন্ন টেস্টের ফলাফল

Sl. No.	Material Identification	Date of Test	Ref. No.	Result Status
01.	Deformed M.S. Bar Hi. Tech G60.400, 25mm Dia	15/12/2016	BRTC No.: 1101-24607/CE/16-17; Dt. 12/12/2016	Satisfactory
02.	Deformed M.S. Bar Hi. Tech G60.400, 12mm Dia	15/12/2016	BRTC No.: 1101-24607/CE/16-17; Dt. 12/12/2016	Satisfactory
03.	Deformed M.S. Bar MAGNUM 400, 16mm Dia	19/4/2017	BRTC No.: 1101-33352/CE/16-17; Dt. 8/4/2017	Satisfactory
04.	Deformed M.S. Bar MAGNUM 400, 12mm Dia	19/4/2017	BRTC No.: 1101-33352/CE/16-17; Dt. 8/4/2017	Satisfactory
05.	Deformed M.S. Bar MAGNUM 400, 10mm Dia	19/4/2017	BRTC No.: 1101-33352/CE/16-17; Dt. 8/4/2017	Satisfactory
06.	Deformed M.S. Bar MAGNUM 400, 16mm Dia	9/5/2017	BRTC No.: 1101-35236/CE/16-17; Dt. 3/5/2017	Satisfactory
07.	Deformed M.S. Bar MAGNUM 400, 12mm Dia	9/5/2017	BRTC No.: 1101-35236/CE/16-17; Dt. 3/5/2017	Satisfactory

08.	Deformed M.S. Bar MAGNUM 400, 10mm Dia	9/5/2017	BRTC No.: 1101-35236/CE/16-17; Dt. 3/5/2017	Satisfactory
09.	Deformed M.S. Bar ASBRM 400 60G 16mm Dia	13/6/2017	BRTC Ref.: 1101-37854/MME; Dt. 05/06/2017	Satisfactory
10.	Deformed M.S. Bar ASBRM 400 60G 12mm Dia	13/6/2017	BRTC Ref.: 1101-37854/MME; Dt. 05/06/2017	Satisfactory
11.	Deformed M.S. Bar ASBRM 400 60G 10mm Dia	13/6/2017	BRTC Ref.: 1101-37854/MME; Dt. 05/06/2017	Satisfactory
12.	Compressive Strength [ASTM C39] 31 days test	15/5/2017	BRTC No.: 1101-35862/16-17/CE; Dt: 11/5/2017	4310 psi
13.	Compressive Strength [ASTM C39] 19 days test	22/6/2017	BRTC No.: 1101-38597/16-17/CE; Dt: 17/6/2017	7440 psi
14.	Compressive Strength [ASTM C39] 34 days test	22/6/2017	BRTC No.: 1101-38597/16-17/CE; Dt: 17/6/2017	6510 psi
15.	Compressive Strength [ASTM C39] 30 days test	15/7/2017	BRTC No.: 110139942/17-18/CE; Dt: 13/7/2017	6650 psi
16.	Compressive Strength [ASTM C39] 16 days test	8/7/2017	BRTC No.: 1101-39320/17-18/CE; Dt: 5/7/2017	6890 psi
17.	Compressive Strength [ASTM C39] 30 days test	22/7/2017	BRTC No.: 1101-40359/17-18/CE; Dt: 19/7/2017	7890 psi
18.	Compressive Strength [ASTM C39] 28 days test	2/8/2017	BRTC No.: 1101-41101/17-18/CE; Dt: 1/8/2017	6630 psi
19.	Compressive Strength [ASTM C39] 17 days test	19/8/2017	BRTC No.: 1101-41857/17-18/CE; Dt: 16/8/2017	6940 psi
20.	Compressive Strength [ASTM C39] 33 days test	14/9/2017	BRTC No.: 110143134/17-18/CE; Dt: 11/9/2017	7180 psi
21.	Compressive Strength [ASTM C39] 30 days test	14/9/2017	BRTC No.: 110143134/17-18/CE; Dt: 11/9/2017	5800 psi
22.	Compressive Strength [ASTM C39] 28 days test	18/9/2017	BRTC No.: 1101-43545/17-18/CE; Dt: 17/9/2017	7900 psi
23.	Compressive Strength [ASTM C39] 17 days test	14/9/2017	BRTC No.: 110143134/17-18/CE; Dt: 11/9/2017	5960 psi

সারণি ২৭: ডিজাইন স্ট্রেন্থ ও প্রাপ্ত ফলাফলের তুলনামূলক তথ্য

আইটেম	ডিজাইন স্ট্রেন্থ	পরীক্ষায় প্রাপ্ত ফলাফল	মন্তব্য
কলাম	৪০০০ পিএসআই	৭১৮০/৫৮০০পিএসআই	সন্তোষজনক
বীম	৪০০০ পিএসআই	৭৯০০/৫৯০০ পিএসআই	সন্তোষজনক
ছাদ	৩০০০ পিএসআই	৭৪১০/৪৩১০ পিএসআই	সন্তোষজনক

৩.৩ প্রকল্পের উদ্দেশ্য অর্জন

৩.৩.১ প্রকল্পের উদ্দেশ্য অর্জন অবস্থা পর্যালোচনা

সারণি-২৮: প্রকল্পের উদ্দেশ্য অর্জন অবস্থা পর্যালোচনার তথ্য

প্রকল্পের উদ্দেশ্য	আরডিপিপি'র লক্ষ্যমাত্রা	প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা	মন্তব্য
বাংলাদেশ পোস্ট অফিসের সদর দপ্তর প্রতিষ্ঠা	বাংলাদেশ পোস্ট অফিসের সদর দপ্তরটি সরকারি কর্মচারী ও সহযোগী প্রতিষ্ঠানের জন্য ব্যবহার এবং ২য় তলায় অবস্থিত সেমিনার রুমটি আর্ন্তজাতিক ও জাতীয় সেমিনারের উদ্দেশ্যে ব্যবহার ।	পরিকল্পিতভাবে ১৪ তলা বিশিষ্ট ১৬৪১৭ বর্গফুটের ১টি ভবন নির্মাণ করা হয়েছে। এখানে লক্ষ্যনীয় যে, মাননীয় প্রধানমন্ত্রীর সার্বিক নির্দেশনায় ডাক বাক্সের নকশায় একটি আইডেনটিক্যাল দৃষ্টি নন্দন ভবন নির্মাণের ফলে অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের কর্মপরিবেশ ও কাজের গতি বৃদ্ধি পেয়েছে।	সরেজমিনে পরিদর্শনে মাঠ পর্যায়ের তথ্যের ভিত্তিতে দেখা যায় যে, পরিকল্পিতভাবে বহুতল ভবন নির্মাণের মাধ্যমে কর্মচারীদের আসন সমস্যার সমাধান করা হয়েছে এবং ভবনে বিদ্যুতায়ন, এসি, লিফট, জেনারেটর, ইন্টারনেট ইত্যাদি সুবিধা রয়েছে। কিন্তু সঠিকভাবে ভবনটির রক্ষণাবেক্ষণের জন্য যথাযথ বরাদ্দ এবং জনবলের অভাব রয়েছে, এতে প্রকল্পের উদ্দেশ্য ব্যাহত হওয়ার সম্ভাবনা রয়েছে।কিন্তু এসির পানির নির্গমনের আলাদা ব্যবস্থা না থাকায় এসির পানির কারণে রুম স্যাতঁসেতে হয়ে যায়। কোথাও কোথাও বাথরুমের দরজার লক নিম্নমানের হওয়ায় ব্যবহারের অনুপযোগী হয়েছে। মসজিদের ওযুখানার জণ্য আলাদা কোন প্রশেপথ না থাকার কারণে মসজিদের ভিতর দিয়ে প্রবেশ করতে হয়। অনেক সময় নামাজরত মুসল্লীদের জন্য ওযুখানায় প্রবেশ করা যায় না। ডে-কেয়ার সেন্টার চালু না করার ফলে শিশুরা মায়ের যন্ত থেকে বঞ্চিত হচ্ছে।
অপারেটিং অফিস থেকে প্রশাসনিক অফিস আলাদা করার মাধ্যমে দক্ষ এবং বাঁধাহীন প্রশাসনিক কার্যক্রম নিশ্চিত করা;	১টি বেজমেন্টসহ ১৪ তলা ভবনটি ১৬৪১৭ বর্গফুটের নতুন ভবন নির্মাণ, ভবনে প্রশাসনিক অফিস আলাদা করার মাধ্যমে দক্ষ এবং বাঁধাহীন প্রশাসনিক কার্যক্রম নিশ্চিত করা।	নির্মিত ভবনে প্রশাসনিক অফিস আলাদা করার মাধ্যমে দক্ষ এবং বাঁধাহীন প্রশাসনিক কার্যক্রম নিশ্চিত করা হয়েছে। ডাক অধিদপ্তর জিপিওসহ ১৪টি অপারেটিং অফিসের সাথে একত্রে থাকায় প্রশাসনিক কার্যক্রম বাঁধাগ্রস্থ হচ্ছিল এবং অধিদপ্তরের কোন নিজস্ব স্বকীয়তা ছিল না। প্রকল্পটি বাস্তবায়নে অধিদপ্তর তার নিজস্ব স্বকীয়তা ফিরে পেয়েছে। নির্মিত ভবনে সুবিন্যস্থ অফিস রুম এবং আধুনিক সুযোগ-সুবিধা বিশিষ্ট সেমিনার রুম	প্রকল্পের এ উদ্দেশ্যটি অনেক গুরুত্বপূর্ণ, সরেজমিনে পরিদর্শন মাঠ পযায়ে তথ্যের ভিত্তিতে দেখা যায় যে, অধিদপ্তর তার নিজস্ব পরিচয় ফিরে পেয়েছে। কাজের গতি অনেকগুণ বৃদ্ধি পেয়েছে। সাধারণ ভোক্তাদের সেবার মান ও বৃদ্ধি পেয়েছে।

		ইত্যাদির মাধ্যমে অফিসে সেবাদাতা ও সেবা গ্রহীতা উভয়েরই সেবা দানের মান বৃদ্ধি পেয়েছে। এ ছাড়া এসি, লিফট, জেনারেটর, সিসিটিভি, ইন্টারকম, ইন্টারনেট ইত্যাদি স্থাপন করা হয়েছে।	
আর্ন্তজাতিক পরিসরে বাংলাদেশ পোস্ট অফিসের ইমেজ বৃদ্ধি করা;	ডাক বিভাগীয় ভবনটি একটি আধুনিক, দৃষ্টিনন্দন ও উৎকৃষ্ট প্রযুক্তিসমৃদ্ধ স্থাপনা সহযোগে প্রশাসনিক কাজের মান বৃদ্ধি, বিভিন্ন প্রযুক্তি ব্যবহার করে দক্ষতা অর্জন, উন্নয়ন ও গবেষণা ল্যাবেরটরি ব্যবহারের মাধ্যমে আন্তর্জাতিক পরিসরে ইমেজ বৃদ্ধির লক্ষ্যে নির্মিত হবে।	ডাক অধিদপ্তর ভবনটি একটি আধুনিক, দৃষ্টিনন্দন ও উৎকৃষ্ট প্রযুক্তিসমৃদ্ধ স্থাপনা সহযোগে প্রশাসনিক কাজের মান বৃদ্ধি, বিভিন্ন প্রযুক্তি ব্যবহার করে দক্ষতা অর্জন, উন্নয়ন ও গবেষণা ল্যাবেরটরি ব্যবহারের মাধ্যমে আন্তর্জাতিক পরিসরে ইমেজ বৃদ্ধির লক্ষ্যে নির্মিত হয়েছে।	সরেজমিনে পরিদর্শন মাঠ পযায়ে তথ্যের ভিত্তিতে দেখা যায় যে, একটি আধুনিক, দৃষ্টিনন্দন ও উৎকৃষ্ট প্রযুক্তিসমৃদ্ধ স্থাপনা নির্মাণ ও জাতীয় এবং আর্ন্তজাতিক সভা সেমিনার হওয়ার মাধ্যমে আর্ন্তজাতিক পরিসরে বাংলাদেশ পোস্ট অফিসের ইমেজ বৃদ্ধি হয়েছে।
আর্ন্তজাতিক পরিসরে বাংলাদেশ পোস্ট অফিসের কার্যকর ভূমিকা নিশ্চিতকরণ	ডাক অধিদপ্তরের ভবনটি একটি আধুনিক, দৃষ্টিনন্দন ও উৎকৃষ্ট প্রযুক্তিসমৃদ্ধ স্থাপনা সহযোগে প্রশাসনিক কাজের মান বৃদ্ধি, বিভিন্ন প্রযুক্তি ব্যবহার করে দক্ষতা অর্জন, উন্নয়ন ও গবেষণা ল্যাবেরটরি ব্যবহারের মাধ্যমে আন্তর্জাতিক পরিসরে বাংলাদেশ পোস্ট অফিসের কার্যকর ভূমিকা নিশ্চিত করা হবে।	ডাক অধিদপ্তর ভবনটি একটি আধুনিক, দৃষ্টিনন্দন ও উৎকৃষ্ট প্রযুক্তিসমৃদ্ধ স্থাপনা সহযোগে প্রশাসনিক কাজের মান বৃদ্ধি, বিভিন্ন প্রযুক্তি ব্যবহার করে দক্ষতা অর্জন করে আর্ন্তজাতিক পরিসরে বাংলাদেশ পোস্ট অফিসের কার্যকর ভূমিকা নিশ্চিত করা হয়েছে।	সরেজমিনে পরিদর্শন মাঠ পযায়ে তথ্যের ভিত্তিতে দেখা যায় যে, একটি আধুনিক, দৃষ্টিনন্দন ও উৎকৃষ্ট প্রযুক্তিসমৃদ্ধ স্থাপনা নির্মাণের ফলে কাজের মান ও গতি উভয়ে বৃদ্ধি পেয়েছে। অনেকগুলো অপারেটিং বিবাগের সাথে প্রসাশনিক বিভাগ যুক্ত থাকায় কাজের পরিবেশ ও গতি মন্তর ছিল। আর্ন্তজাতিক পরিসরে বাংলাদেশ পোস্ট অফিসের কার্যকর ভূমিকা নিশ্চিত হয়েছে।
আধুনিক ও নিরাপদ সার্ভার সেন্টার ও প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপনের মাধ্যমে কেন্দ্রীয়ভাবে বাংলাদেশ পোস্ট অফিসের আইটি কার্যক্রম প্রতিষ্ঠা করা;	বহুতল বিশিষ্ট ভবন নির্মাণের মাধ্যমে আধুনিক ও নিরাপদ সার্ভার সেন্টার ও প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপনের মাধ্যমে কেন্দ্রীয়ভাবে বাংলাদেশ পোস্ট অফিসের আইটি কার্যক্রম প্রতিষ্ঠা করা হবে।	বহুতল বিশিষ্ট ভবন নির্মাণের মাধ্যমে আধুনিক ও নিরাপদ সার্ভার সেন্টার ও প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপনের মাধ্যমে কেন্দ্রীয়ভাবে বাংলাদেশ পোস্ট অফিসের আইটি কার্যক্রম প্রতিষ্ঠা করা হয়েছে। আধুনিক ও নিরাপদ সার্ভার সেন্টার স্থাপনের মাধ্যমে অধিদপ্তরের একটি আলাদা বৈশিষ্ট অর্জিত হয়েছে।	সরেজমিনে পরিদর্শন মাঠ পযায়ে তথ্যের ভিত্তিতে দেখা যায় যে, আধুনিক ও নিরাপদ সার্ভার সেন্টার ও প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপনের মাধ্যমে কেন্দ্রীয়ভাবে বাংলাদেশ পোস্ট অফিসের আইটি কার্যক্রম প্রতিষ্ঠা করা হয়েছে।
জাতীয় ও আর্ন্তজাতিক কল সেন্টার স্থাপনের মাধ্যমে ভোক্তা	ডাক অধিদপ্তরের ভবনটি একটি আধুনিক, দৃষ্টিনন্দন ও উৎকৃষ্ট প্রযুক্তিসমৃদ্ধ স্থাপনা। ভবনটি বহুতল বিশিষ্ট হওয়ায় পর্যাপ্ত স্পেস সুবিধা রয়েছে।	ডাক অধিদপ্তরের ভবনটি একটি আধুনিক, দৃষ্টিনন্দন ও উৎকৃষ্ট প্রযুক্তিসমৃদ্ধ স্থাপনা। ভবনটি বহুতল বিশিষ্ট হওয়ায় পর্যাপ্ত স্পেস সুবিধা	সরেজমিনে পরিদর্শন মাঠ পযায়ে তথ্যের ভিত্তিতে দেখা যায় যে জাতীয় ও আর্ন্তজাতিক কল সেন্টার স্থাপনের মাধ্যমে ভোক্তা সাধারণদের সহযোগীতা প্রদান করা হয়েছে।

সাধারণদের সহযোগীতা প্রদান করা	ফলশ্রুতিতে জাতীয় ও আর্ন্তজাতিক কল সেন্টার স্থাপনের মাধ্যমে ভোক্তা সাধারণদের সহযোগীতা প্রদান করা হবে।	রয়েছে। ফলশ্রুতিতে জাতীয় ও আর্ন্তজাতিক কল সেন্টার স্থাপনের মাধ্যমে ভোক্তা সাধারণদের সহযোগীতা প্রদান করা হবে।	ইহার ফলে বাংলাদেশ ডাক অধিদপ্তরের আয় ও সুনামি উভয়ই বৃদ্ধি পেয়েছে।
আলাদা এবং যান্ত্রিকভাবে ভাল গবেষণা ও উন্নয়ন ল্যাবরেটরি প্রতিষ্ঠার মাধ্যমে বাংলাদেশ পোস্ট অফিসের গবেষণা ও উন্নয়ন কার্যক্রমকে এগিয়ে নেওয়া।	বহুতল বিশিষ্ট ভবন নির্মাণের মাধ্যমে আলাদা এবং যান্ত্রিকভাবে ভাল গবেষণা ও উন্নয়ন ল্যাবরেটরি প্রতিষ্ঠার মাধ্যমে বাংলাদেশ পোস্ট অফিসের গবেষণা ও উন্নয়ন কার্যক্রমকে এগিয়ে নেওয়া হবে।	ডিপিপি/আরডিপি-তে বাজেট বরাদ্দ না থাকায় উদ্দেশ্যটি বাস্তবায়ন করা সম্ভব হয়নি।	সরেজমিনে পরিদর্শন মাঠ পযায়ে তথ্যের ভিত্তিতে এবং প্রকল্প অফিস সূত্রে জানা যায় যে, বাজেট বরাদ্দ সাপেক্ষে উদ্দেশ্যটি বাস্তবায়ন করা হবে।

৩.৩.২ লগ-ফ্রেম অনুযায়ী প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য, ইনপুট, আউটপুট অর্জন ও প্রভাব পর্যালোচনা

প্রকল্প বাস্তবায়নের ফলে প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য ও আউটপুট কতটুকু অর্জিত হয়েছে এবং প্রকল্প বাস্তবায়ন পরবর্তী কি প্রভাব পড়েছে তা সমীক্ষাকালীন পর্যালোচনা ও বিশ্লেষণের মাধ্যমে প্রতিবেদনে সন্নিবেশন করা হয়েছে। নিচে লগ-ফ্রেম অনুযায়ী প্রকল্পের অর্জন ও প্রভাব সম্পর্কিত ফলাফল দেয়া হলো-

সারণি-২৯: লগ-ফ্রেম অনুযায়ী প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য ইনপুট, আউটপুট অর্জন ও ফলাফলের তথ্য

সংক্ষিপ্ত বর্ণনা (Narrative Summary)	বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক (Objectively Verifiable Indicator)	যাচাইয়ের মাধ্যম (Means of Verification)	ফলাফল (Outcome)
লক্ষ্য (Goal) প্রয়োজনীয় অবকাঠামো এবং সরবরাহ সুবিধাগুলি দিয়ে ডাক সদর দপ্তর গড়ে তোলা। <u>পর্যালোচনা:</u> প্রয়োজনীয় অবকাঠামোর পরিমাণ ও সময় উল্লেখ করা প্রয়োজন।	নির্ধারিত সময়সীমার মধ্যে ভবনটি নির্মিত হয়। নির্ধারিত সময়সীমার মধ্যে মেশিন, যন্ত্রপাতি, আসবাবপত্র ইত্যাদি সংগ্রহ করা হয়। <u>পর্যালোচনা:</u> সময় ও পরিমাণ দেয়া প্রয়োজন ছিল।	সরেজমিনে পরিদর্শন। মেশিন, সরঞ্জাম, আসবাবপত্র ইত্যাদির জন্য পরীক্ষা এবং ট্রায়াল দেওয়া। <u>পর্যালোচনা:</u> মেশিন, সরঞ্জাম, আসবাবপত্র ইত্যাদির জন্য পরীক্ষা এবং ট্রায়ালের সময় উল্লেখ প্রয়োজন ছিল।	জুন ২০১৪ ডিসেম্বর ২০১৯ মেয়াদ কালের মধ্যে ২টি বেজমেন্ট সহ ১৪ তলা বিশিষ্ট ১৬৪১৭ বর্গফুটের ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবনটি নির্মাণ করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে অর্থ্যাৎ জুন ২০১৯ এর মধ্যে মেশিন, যন্ত্রপাতি এবং আসবাবপত্র সংগ্রহ করা হয়েছে। <u>পর্যালোচনা:</u> নিদিষ্ট মেয়াদকালের মধ্যে সকল ভৌত কাজগুলো সম্পন্ন করা হয়েছে। সৃতরাং ফলাফল সন্তোষজনক।
উদ্দেশ্য (Purpose) ১. আন্তর্জাতিক পোস্টাল ইভেন্ট ব্যবস্থাপনা করতে বি,পি,ও কে সক্ষম করে তোলা। ২. কার্যালয় অফিস থেকে উচ্চ পর্যায়ের প্রশাসনিক অফিস	বাংলাদেশের অভ্যন্তরে অনুষ্ঠিত আর্ন্তজাতিক ডাক ইভেন্টের সংখ্যা। গ্লোবাল ডাক সেক্টর সম্পর্কিত সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার মধ্যে	ডাক ইভেন্ট গুলোর সংখ্যা ধরে রাখা। গ্লোবাল ডাক ফোরামের বিভন্ন পদে বাংলাদেশের গুরুত্বপূর্ণ অবস্থান।	আন্তর্জাতিক পোষ্টাল ইভেন্ট ব্যবস্থাপনা করতে আধুনিক প্রযুক্তির সকল সুযোগ-সুবিধার সমন্বয়ে সদর দপ্তর ভবনের ২য় ও ৪র্থ তলায় সেমিনার কক্ষ নির্মাণ করা হয়েছে। ডিসেম্বর ২০১৯ এর মধ্যে অপারেটিং অফিস

থেকে নিম্ন স্তরের সেবা প্রদানকারী পৃথক করা। ৩. বি,পি,ও এর তথ্য কেন্দ্র সম্পাদনের জন্য একটি উপযুক্ত স্থান প্রদান এবং ৪. বি,পি,ও এর গবেষণা ও উন্নয়ন কার্যক্রমকে শক্তিশালী করা। <u>পর্যালোচনা:</u> প্রতিটি কাজের সংখ্যা ও সময় থাকা আবশ্যক।	বাংলাদেশ ডাক বিভাগের সক্রিয় অংশগহণ ও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন। <u>পর্যালোচনা:</u> ডাক ইভেন্ট-এর সংখ্যা ও সময় উল্লেখ করা এবং গ্লোবাল সেক্টরের নাম ও সংখ্যা প্রয়োজন ছিল।	<u>পর্যালোচনা:</u> ডাক ইভেন্ট-এর সংখ্যা ও সময় উল্লেখ করা প্রয়োজন ছিল।	থেকে প্রশাসনিক অফিস আলাদা করার মাধ্যমে দক্ষ এবং বাঁধাহীন প্রশাসনিক কার্যক্রম নিশ্চিত করা হয়েছে। বাংলাদেশ পোস্ট অফিসের ইমেজ বৃদ্ধির জন্য পরিসেবাগুলো আধুনিক প্রযুক্তি সম্পন্ন করা হয়েছে। কল সেন্টার স্থাপন করার মাধ্যমে ভোক্তা সাধারণের সেবার মান বৃদ্ধি করা হয়েছে। বাজেট বরাদ্দ না থাকার কারণে গবেষণা ও উন্নয়ন কার্যক্রমকে শক্তিশালী করা সম্ভবপর হয়নি। <u>পর্যালোচনা:</u> ফলাফল সন্তোষজনক। কিন্তু ইভেন্টের সংখ্যা এবং বছরে মোট কতটি ইভেন্ট করা দরকার সেটা থাকা দরকার ছিল। অন্যদিকে বাজেট বরাদ্দের অভাবে "বি,পি,ও এর গবেষণা ও উন্নয়ন কার্যক্রমকে শক্তিশালী করা" উদ্দেশ্যটি বাস্তবায়ন করা সম্ভব হয়নি। প্রকল্প অফিস সূত্রে জানান হয়েছে যে, পরবর্তীতে বাজেট প্রাপ্তি সাপেক্ষে উদ্দেশ্যটি বাস্তবায়ন করা হবে।
আউটপুট প্রয়োজনীয় অবকাঠামো ও সরবরাহ সেবাগুলির সন্নিবেশ ঘটিয়ে ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবন এর নির্মাণ কাজ সমাপ্ত করা। <u>পর্যালোচনা:</u> প্রয়োজনীয় অবকাঠামো, সরঞ্জাম, মেশিন, আসবাবপত্র এবং অন্যান্য পরিবর্তনশীল এবং নিদিষ্ট আইটেমের সংখ্যা ও সুনিদিষ্ট ব্রান্ডের নাম উল্লেখ করা আবশ্যক ছিল।	ভবন, সরঞ্জাম, মেশিন এবং আসবাবপত্র এর মান। পর্যালোচনা: ভবন, সরঞ্জাম, মেশিন এবং আসবাবপত্র এর পরিমাণ আবশ্যক।	সরেজমিনে পরিদর্শন। মেশিন, সরঞ্জাম, আসবাবপত্র ইত্যাদির জন্য পরীক্ষা এবং ট্রায়াল দেয়া। <u>পর্যালোচনা:</u> পরীক্ষা এবং ট্রায়াল-এর সময় দেয়া প্রয়োজন।	পিপিআর-২০০৮ অনুযায়ী সকল ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। কিন্তু বাস্তবায়ন পর্যায়ে কিছু ব্যত্যয় হওয়ায় অডিট আপত্তি হয়েছে। ক) জুন ২০১৯ এর মধ্যে ১৬৪১৭ বর্গফুটের ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবনটি নির্মিত হয়েছে। খ) জুন ২০১৯ এর মধ্যে ৫৮টি যন্ত্রপাতি ও ৫৭টি বিভিন্ন ধরনের আসবাবপত্র ক্রয় সম্পাদিত হয়েছে। গ) এপ্রিল ২০১৭ এর মধ্যে ১টি পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে শহীদুল্লাহ এ্যাসোসিয়েটস লিঃ কে নিয়োগ প্রদান করা হয়েছে। প্রতিষ্ঠানটি উহার কার্যপরিধি অনুযায়ী ভবনের ড্রইং ডিজাইনসহ জুন ২০১৯ পর্যন্ত মনিটরিং সুপারভিশন করে নির্মাণ কাজ সম্পাদনে অবদান রেখেছে। অর্থ বরাদ্দ অব্যাহত ছিল। <u>পর্যালোচনা:</u> ফলাফল সন্তোষজনক। তবে সংক্ষিপ্ত বর্ণনা এবং বস্তুনিষ্ঠ যাচাই কলামে সময় ও পরিমাণ উল্লেখ করা আবশ্যক।
ইনপুট একটি ভবন নির্মাণের জন্য ইওআই এর মাধ্যমে পরামর্শ	জাতীয় ও আন্তর্জাতিকভাবে	দরপত্র/ইওআই মূল্যায়ন প্রক্রিয়ার পর্যালোচনা।	পিপিআর-২০০৮ অনুযায়ী দরপত্র/ইওআই আহবান করা হয়। পাঁচ সদস্য বিশিষ্ট দরপত্র/ইওআই মূল্যায়ন কমিটি

কেন্দ্রের (প্রাতিষ্ঠানিক এবং অভ্যন্তরীণ স্থাপত্য নকশা এবং নির্মাণ কাজ সমাপ্তির জন্য) প্রকিউরমেন্ট। প্রয়োজনীয় অবকাঠামো, সরঞ্জাম, মেশিন, আসবাবপত্র এবং অন্যান্য পরিবর্তনশীল এবং নিদিষ্ট আইটেমের প্রাক্কলন। <u>পর্যালোচনা:</u> ইওআই প্যাকেজের সংখ্যা এবং অবকাঠামো, সরঞ্জাম, মেশিন, আসবাবপত্র এবং অন্যান্য পরিবর্তনশীল এবং নিদিষ্ট আইটেমের সংখ্যা উল্লেখ করা আবশ্যক ছিল।	স্বনামধন্য কনসালটেন্সি ফার্ম। জাতীয় ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ব্রান্ডের সরঞ্জাম, মেশিন, আসবাবপত্র এবং অন্যান্য পরিবর্তনশীল ও নির্দিষ্ট আইটেম। <u>পর্যালোচনা:</u> প্রকল্পটির পরামর্শকের ধরন ও আর্থিক প্রস্তাব বিবেচনায় শুধু জাতীয় শব্দটি ব্যবহার করা আবশ্যক ছিল। সুনিদিষ্ট জাতীয় ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ব্রান্ডের নাম উল্লেখ করা প্রয়োজন ছিল।	দরপত্র ও ইওআই নথি পর্যালোচনা। <u>পর্যালোচনা:</u> দরপত্র/ইওআই মূল্যায়নের আর্থিক ও কারিগরি প্রস্তাবের প্রদ্ধতি উল্লেখ করা প্রয়োজন ছিল।	গঠন করা হয়। দরপত্র/ইওআইতে সর্বমোট ১৮টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। মূল্যায়ন কমিটি এবং অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলোর উপস্থিততে দরপত্র/ইওআই গুলো খোলা এবং উপস্থিত সকল সদস্যবৃন্দের উপস্থিতি সংরক্ষণ করা হয়। মূল্যায়ন কমিটি দরপত্র/ইওআই এর শর্ত মোতাবেক যাচাই-বাছাই করে ৭টি প্রতিষ্ঠানকে আর্থিক ও কারিগরি প্রস্তাব দেওয়ার যোগ্য বলে বিবেচিত করে। ৭টি প্রতিষ্ঠানের মধ্যে ৫টি প্রতিষ্ঠান তাদের আর্থিক ও কারিগরি প্রস্তাব প্রদান করে। মূল্যায়ন কমিটি দরপত্র/ইওআই এর শর্ত মোতাবেক যাচাই-বাছাই করে ৫টি প্রতিষ্ঠানের উপস্থিতিতে তাদের আর্থিক ও কারিগরি প্রস্তাব উম্মুক্তকরণ করে। আর্থিক ও কারিগরি প্রস্তাবের সর্ব্বোচ্চ দরদাতাকে চূড়ান্ত বলে ঘোষণা করে। প্রয়োজনীয় অবকাঠামো, সরঞ্জাম, মেশিন, আসবাবপত্র এবং অন্যান্য পরিবর্তনশীল এবং নিদিষ্ট আইটেমের প্রাক্কলন করা হয়েছে। পর্যালোচনা: ফলাফল সন্তোষজনক। তবে প্রতিটি কাজের পরিমাণ এবং কাজ সম্পাদনের সময় উল্লেখ করা আবশ্যক। কারণ প্রভাব মূল্যায়নে কাজটির পরিমাণগত ও গুণগত মান নির্ণয়ে সহজতর হয়।

পর্যালোচনা

আরডিপিপিতে ৪*৪ ম্যাটিক্স-এর চারটি লগ-ফ্রেম দেয়া আছে। উক্ত লগ-ফ্রেম Narrative Summary (NS), Objectively Verifiable Indicators (OVI), Means of Verification (MOV), Important Assumptions (IA) কলাম রাখা হয়েছে। Narrative Summary (NS) কলাম-এ প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য, ইনপুট, আউটপুট বর্ণনা করা হয়েছে। লগ-ফ্রেম সঠিকভাবে প্রণীত হয় নাই। ইনপুট অংশে জনবল সংক্রান্ত কোন তথ্য নেই। অথচ জনবল একটি গুরুত্বপূর্ণ উপকরণ। ফলে এটি অসম্পূর্ণ লগ-ফ্রেম হিসেবে বিবেচিত হবে। লক্ষ্য ও উদ্দেশ্যের কলামেও সংখ্যা উল্লেখ করে বর্ননা করা প্রয়োজন ছিল। কারণ প্রভাব মূল্যায়নের সময় ব্যবধান তুলনা করার ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হয়েছে। Input এবং Output কলামে প্রয়োজনীয় ইনপুট এবং আউটপুট সম্পর্কে বর্ননা করা হয়েছে। যেখানে সংখ্যা ও সময় উল্লেখসহ আরো বিশদভাবে বর্ণনা করা প্রয়োজন ছিল। Means of Verification (MOV) এ Impact survey প্রতিবেদন অন্তভূক্ত করা প্রয়োজন ছিল।

৩.৩.৩ প্রকল্পের কার্যক্রমসমূহ বাস্তবায়নের ফলে প্রভাব পর্যালোচনা

প্রকল্পের অনুমোদিত ডিপিপি-তে প্রকল্প বাস্তবায়ন পরবর্তী কি কি ধরনের প্রভাব পড়তে পারে তার সুনিদিষ্ট কিছু নির্দেশক উল্লেখ করা হয়েছে। নিম্নে প্রকল্প বাস্তবায়নের ফলে প্রভাব বর্ণনা করা হলোঃ

অন্যান্য প্রকল্প এবং অপারেটিং অফিসের উপর প্রভাব

জিপিও থেকে ডাক অধিদপ্তেরসহ অন্য তিনটি অফিস যেমন সেন্ট্রাল সার্কেল, মেট্রোপলিটন সার্কেল এবং **PLI EASTERN CIRCLE** নির্মিত ভবনে স্থানান্তরিত হওয়ার ফলে জিপিও-তে অনেক জায়গা খালি হয়েছে। ফলে জিপিও এর বাহিরে অবস্থিত প্রকল্প অফিসগুলো জিপিওতে স্থানান্তরিত হয়েছে এবং অপারেটিং অফিসগুলোর জনবল ঠিকমতন চাহিদা মোতাবেক জায়গা পেয়েছে। তাছাড়া অপারেটিং অফিসগুলোর কর্মপরিধি ক্রমান্বয়ে বৃদ্ধি পাওয়ায় তাদের জনবলও বাড়ছে। পাশাপাশি ভোক্তা সাধারণের জন্য জায়গা বৃদ্ধি পেয়েছে। বর্তমানে জিপিও তে অবস্থিত অপারেটিং অফিসগুলোর কাজের পরিবেশ বৃদ্ধি পেয়েছে।

পরিবেশের উপর প্রভাব (ভূমি, পানি, বায়ু ইত্যাদি)

প্রকল্পটি বাস্তবায়নের ফলে পরিবেশ তথা ভূমি, পানি, বায়ু ইত্যাদির উপর উপর কোন নেতিবাচক প্রভাব প্রতীয়মান হয়নি। কোন খাল বা পানির প্রভাব ক্ষতিগ্রস্ত হয়নি। বস্তিবাসি এবং অন্যান্য বসতি স্থাপনকারীদের উচ্ছেদ করে চারিদিকের পরিবেশ পরিস্কার পরিচন্ন করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের ফলে পরিবেশের উপর কোন প্রকার থ্রেট তৈরি হয় নাই। উপরন্ত প্রকল্প বাস্তবায়নের ফলে চারিদিকের পরিবেশ নয়নাভিরাম এবং পরিবেশ বান্ধব হয়েছে।

নারী ও শিশুদের উন্নয়নের উপর প্রভাব

ভবনটি নির্মাণের ফলে নারী বান্ধব কর্ম পরিবেশ তৈরি হয়েছে। নারীদের জন্য আলাদা ওয়াশরুম এবং নামাজের স্থান হয়েছে। নারীরা একটি মনোরম কর্ম পরিবেশ পেয়েছে। ফলে তাদের কর্ম স্পৃহা বেড়েছে। কর্মজীবী নারীদের জন্য ডে-কেয়ার সেন্টার স্থাপন করা হয়েছে। ফলে তারা মানষিক চাপমুক্ত থেকে অফিসে কাজ করতে পারছে। ডে-কেয়ার সেন্টারটি আধুনিক যন্ত্রপাতি দ্বারা স্থাপিত হওয়ায় নারীদের সন্তানরা খুব খুশি। ফলে তাদের সন্তানদের শারিরীক ও মানসিক বিকাশে ভূমিকা রাখছে।

কর্মসংস্থান ও দারিদ্র বিমোচনের উপর প্রভাব

প্রকল্পটি বাস্তবায়নের ফলে পরোক্ষভাবে বেসররকারিখাতে কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে। নির্মিত ভবনে কল সেন্টার স্থাপনের ফলে প্রায় ১৫০ জন লোক কাজ করতে পারছে। ইহাও দারিদ্র বিমোচনে ভূমিকা রাখছে। প্রকল্পেটির বাস্তবায়নকাল ছিল ৪ বছর। প্রকল্পটি বাস্তবায়নকালে প্রতি মাসে প্রায় ১৫০০ জন লোকের কাজের সুযোগ হয়েছিল। তাছাড়া প্রকল্পের মাধ্যমে পরামর্শক প্রতিস্ঠান, প্রকৌশলী, ঠিকাদারী প্রতিষ্ঠান, সরবরাহকারী ইত্যাদি প্রতিষ্ঠানের আয়ের সুযোগ হয়েছিল।

আর্থ-সামাজিক উন্নয়নে প্রভাব

মাঠ জরিপ, ফোকাস গ্রুপ আলোচনা, কি ইনফরমেন্ট ইন্টারভিউ এর মাধ্যমে পরিমাণগত ও গুণগত ডেটা পর্যালোচনা করে সৃষ্ট আর্থ-সামাজিক প্রভাবগুলো নিম্নে আলোচনা করা হলো-

- ভবনটি ডাক অধিদপ্তরের ঐতিহ্যের প্রতীক ডাক বাক্সের মডেলে নির্মিত একটি আইকোনিক ভবন। ভবন নির্মাণের ফলে ডাক অধিদপ্তর এখন তার নিজস্ব Identity পেয়েছে। ডাক অধিদপ্তর Universal Postal Union (UPU) এবং Postal Technolgy Centre এর নির্বাচিত সদস্য হয়েছেন। ইউপিইউ এর অঙ্গ সংগঠন এসি এর সদস্য হয়েছেন। Express Mail Service

(EMS) এর বাৎসরিক মূল্যায়নে ডাক অধিদপ্তর ২০২২ সালে ১৬-তম এবং ২০২৩ সালে ১৩-তম স্থান অধিকার লাভ করে ও EMS Cooperative Customer Care Award-2022 এবং EMS Cooperative Customer Care Award-2023 সার্টিফিকেট অর্জন করেছে।

- জিপিও-তে ডাক অধিদপ্তরের সদর দপ্তরটি ১৪টি অপারেটিং অফিসের সাথে যুক্ত থাকায় সুশৃঙ্খল কর্ম পরিবেশের ঘাটতি ছিল। কিন্তু নতুন ডাক অধিদপ্তরের সদর দপ্তরের কর্ম পরিবেশ মনোরম এবং কোলাহলমুক্ত।
- আগে কর্মকর্তা-কর্মচারীদের বসার জায়গা, চেয়ার টেবিল, আলো-বাতাসের অভাব ছিল। ভবনটি নির্মাণের ফলে কর্মকর্তা-কর্মচারীদের সে সকল সমস্যার সমাধান হয়েছে।
- আগের ভবনে কোন সুবিন্যস্থ সেমিনার/প্রশিক্ষণ কক্ষ ছিল না। বর্তমানে ভবনটিতে আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত সেমিনার/প্রশিক্ষণ বিদ্যমান। ফলে জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার/প্রশিক্ষণ অনুষ্ঠান হচ্ছে। এমনকি সেমিনার/প্রশিক্ষণ কক্ষগুলো ভাড়ায় ব্যবহৃত হচ্ছে বিধায় রাজস্ব আয়ে ভুমিকা রাখছে।
- প্রশিক্ষণ কক্ষগুলো আয়তনে বড় হওয়ায় একই সঙ্গে অনেক সদস্য প্রশিক্ষণ গ্রহণ করতে পারছে এবং অধিক সংখ্যক দক্ষ মানব সম্পদ তৈরিতে ভূমিকা রাখছে।
- ভোক্তা সাধারণ/অতিথিদের অপেক্ষার জন্য কোন জায়গা ছিল না। এখন অতিথিদের জন্য আলাদা রুমের ব্যবস্থা আছে।
- জিপিও ভবনটি ঢাকার ব্যস্ততম এলাকায় অবস্থিত হওয়ায় গাড়ির শব্দে অফিসের পরিবেশ কোলাহলময় হওয়ায় কাজের গতি কম ছিল। নতুন ভবনটি কোলাহলমুক্ত পরিবেশে হওয়ায় কাজের গতি বেড়েছে।
- আগে ভোক্তা সাধারণের সেবা নিতে যাতায়াতের জন্য অনেক সময়ের প্রয়োজন হতো। ভোক্তা সাধারণকে প্রচন্ড যানজটের ভিতর পড়তে হতো। কিন্তু বাস্তবায়িত অধিদপ্তরের সদর দপ্তর ভবনটি সুপরিকল্পিত প্রশস্ত রাস্তা দ্বারা পরিবেষ্টিত হওয়ায় ভোক্তা সাধারণের যাতায়াতের জন্য কম সময়ের প্রয়োজন হচ্ছে। পূর্ব দিকে আগারগাঁও মেট্রো স্টেশন ও মিরপুর রোড এবং দক্ষিণ পশ্চিমে প্রশস্থ শ্যামলী রোড। ভোক্তা সাধারণ সময় অপচয় থেকে মুক্তি পেয়েছে। অপরপক্ষে ভবনটি অফিসজোন এলাকায় অবস্থিত হওয়ায় ভোক্তা সাধারণ একই সাথে একাধিক অফিসের সেবা নিতে পারছে।
- ভবনটি নির্মাণের ফলে ডাক অধিদপ্তরের Productivity বেড়েছে। বর্তমানে ডাক অধিদপ্তর ভূমি অফিসের ভূমির পর্চা এবং বিআরটিএ এর ড্রাইভিং লাইসেন্স গ্রাহক পর্যায়ে পৌছে দেওয়ার দায়িত্ব পালন করছে, পাসপোর্ট অধিদপ্তরের পাসপোর্ট জেলা অফিসে এবং এনআইডি কার্ড উপজেলা নির্বাচন অফিসে বিতরণের কাজ করছে।

৩.৪ প্রকল্প ব্যবস্থাপনা

সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন বিষয়ক পরিপত্র, ২০১৬ মোতাবেক ৫০.০০ কোটি টাকার উর্ধ্বে প্রাক্কলিত ব্যয় সম্পন্ন সকল বিনিয়োগ প্রকল্প গ্রহণের ক্ষেত্রে আবশ্যিকভাবে সম্ভাব্যতা যাচাইয়ের বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু প্রকল্পটি শুরু হয় জুলাই ২০১৪ থেকে যার কারণে উক্ত সময়ে বাধ্যবাধকতা না থাকায় প্রকল্পের আওতায় ফিজিবিলিটি স্টাডি করা হয়নি। ফিজিবিলিটি স্টাডি না করায় প্রকল্প গ্রহণের পূর্বে ভবনের নকশা, উচ্চতা ইত্যাদি সম্পর্কে ভালভাবে জানা যায়নি বিধায় ভবনটির নকশা পরিবর্তন ও ডিপিপি সংশোধনের প্রয়োজন হয়। ফলে প্রকল্পের বাস্তবায়নকাল বৃদ্ধি পায়। ভবিষ্যতে এ ধরনের প্রকল্প গ্রহণের ক্ষেত্রে যথাযথভাবে ফিজিবিলিটি স্টাডি করা আবশ্যক মর্মে প্রতীয়মান হয়। এ প্রকল্প গ্রহণের পূর্বে বেইজলাইন সার্ভেও করা হয়নি। বেইজলাইন

সার্ভে না থাকার কারণে প্রকল্প এলাকায় জনসাধারণের আর্থ-সামাজিক প্রেক্ষাপটের কোন তথ্য পাওয়া যায়নি। আবার ডিপিপি প্রণয়নকালে এ প্রকল্পের কোন আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ করা হয় নাই। যার কারণে প্রভাব মূল্যায়ন সমীক্ষায় কোন আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণের কোন তুলনামূলক পর্যালোচনা করা সম্ভব নয়। ভবিষ্যত প্রকল্প গ্রহণের পূর্বে বেইজলাইন সার্ভে এবং ডিপিপি প্রণয়নকালে আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ করা প্রয়োজন।

৩.৪.১ প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি

সমীক্ষা চলাকারীন সময়ে এ বিষয়ে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হয়েছে। সংগৃহীত তথ্যসমূহ পর্যালোচনার পরিপ্রেক্ষিতে দেখা যায় যে, মোট ৫ বছর (৬০মাস) মেয়াদী একটি প্রকল্প বাস্তবায়ন করতে গিয়ে ৩ (তিন) জন প্রকল্প পরিচালক নিয়োগ লাভ করেছেন। প্রকল্প পরিচালনা সংক্রান্ত সরকারি বিধি অনুযায়ী, কর্মকর্তা/কর্মচারীগণ সরাসনি অথবা প্রেষণে পূর্ণকালীন নিয়োগপ্রাপ্ত হবেন। প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত বিধানের ক্ষেত্রেও, সরকারি বিধির ব্যত্যয় করা হয়েছে। এখানে সরকারি নিয়ম অনুযায়ী, সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি পরিপত্র এর অনুচ্ছেদ ১৬.৩৭ অনুযায়ী একটি প্রকল্পে একজন প্রকল্প পরিচালক থাকবেন। একজন কর্মকর্তাকে একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগ করা যাবে না। এছাড়া, জনস্বার্থে একান্ত অপরিহার্য না হলে তিন বছরের পূর্বে প্রকল্প পরিচালক বদলি করা যাবে না। কিন্ত বাংলাদেশ ডাক অধিদপ্তর এই নীতির ব্যত্যয় করেছেন। কোন উন্নয়ন প্রকল্পে ঘনঘন প্রকল্প পরিচালক নিয়োগ এবং বদলী নিরবচ্ছিন্ন প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন প্রক্রিয়ার গতি শ্লথ করে যা সার্বিকভাবে প্রকল্পের অগ্রগতি অর্জন প্রক্রিয়াকে ধীরগতি করে। এ প্রবণতা যেকোন উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে কর্তৃপক্ষের প্রকল্প বাস্তবায়নে দক্ষতার ঘাটতিকে প্রতিপন্ন করে। প্রকল্পের প্রকৃতি, পরিধি ও স্বরুপ বুঝতে একজন কর্মকর্তার ন্যুনতম একটি সময় অতিক্রম করতে হয়। এর ফলে নতুন প্রকল্প পরিচালকের দায়িত্ব গ্রহণ প্রকল্পটির বাস্তবায়নে অহেতুক সময় অপচয় ঘটায়। আলোচ্য প্রকল্পের ক্ষেত্রে দেখা যায় প্রথম প্রকল্প পরিচালক মাত্র ৭ (সাত) মাস দায়িত্ব পালন করেছেন, অতঃপর তিনি বদলী হয়েছেন। ডাক অধিদপ্তরের এই ব্যবস্থাটি সুস্পষ্টভাবে সরকারের সার্বিক প্রকল্প বাস্তবায়ন নীতির পরিপন্থি। ভবিষ্যতে এ ধরণের প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে একজন পূর্ণকালীন টেকনিক্যাল জ্ঞানসম্পন্ন প্রকল্প পরিচালক নিয়োগ করা হলে বাস্তবায়ন কাজ অনেক গতিশীল এবং সার্থক হবে। প্রকল্পে নিয়োজিত প্রকল্প পরিচালকগণের তালিকা বর্ণিত ছক ২৫ এ উপস্থাপন করা হলো-

সারণি-৩০: প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য

প্রকল্প পরিচালকের নাম	মূল দপ্তর ও পদবী	দায়িত্বকাল		দায়িত্বের ধরণ
জনাব হাওলাদার মো: গিয়াস উদ্দিন	পরিচালক (পরিকল্পনা) ডাক অধিদপ্তর	১৩-১০-২০১৪	৩১-১২-২০১৬	নিয়মিত
অতিরিক্ত মহাপরিচালক, ডাক অধিদপ্তর	অতিরিক্ত মহাপরিচালক, ডাক অধিদপ্তর	০১-০১-২০১৭	২২-০৪-২০১৭৬	অতিরিক্ত
জনাব মো: রিয়াজুল ইসলাম	পরিচালক (স্টাম্প), ডাক অধিদপ্তর	২৩-০৪-২০১৭	৩০-০৬-২০১৯	নিয়মিত

সূত্রঃ আরডিপি, পিসিআর, প্রকল্প অফিস

৩.৪.২ প্রকল্পের আওতায় জনবল নিয়োগ পর্যালোচনা

প্রকল্পের আওতায় মোট ৮ জন কর্মকর্তা ও কর্মচারীর মধ্যে ৪ জন কর্মকর্তা এবং ৪ জন কর্মচারীর সংস্থান রাখা হয়েছিল। এর মধ্যে প্রকল্প অফিসের জন্য ৪ জন আউট সোসিং এর মাধ্যমে নিয়োগ প্রদান করার কথা থাকলে ও বাস্তবে তা করা হয়নি। ৪ জন কর্মচারীকে প্রেষণে নিয়োগ প্রদান করা হয়। বিস্তারিত নিচে দেয়া হলো।

সারণি- ৩১: প্রকল্পের আওতায় জনবল নিয়োগের তথ্য

ক্রমিক নং	প্রকল্প অফিস	নিয়োগের ধরন	সংখ্যা	মন্তব্য
১	প্রকল্প পরিচালক, পরিচালক স্টাম্প	প্রেষণে	১	
২	উপ- প্রকল্প পরিচালক	প্রেষণে	১	
৩	সহকারী প্রকৌশলী সিভিল	প্রেষণে	১	
৪	সহকারী প্রকৌশলী মেকানিক্যাল	প্রেষণে	১	
৫	হিসাব সহকারী	প্রেষণে	১	
৬	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	প্রেষণে	১	
৭	গাড়ীচালক	প্রেষণে	১	
৮	পিয়ন কাম মেসেঞ্জার	প্রেষণে	১	

৩.৪.৩ প্রকল্প বাস্তবায়ন কমিটি ও প্রকল্প স্টিয়ারিং কমিটি

ডিপিপি প্রণয়নের সময় সঠিকভাবে সময়মত প্রকল্প বাস্তবায়নের জন্য ২টি কমিটি গঠন করা হয়। (১) প্রকল্প বাস্তবায়ন কমিটি (২) প্রকল্প স্টিয়ারিং কমিটি। আলোচ্য প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি ১১ সদস্য বিশিষ্ট এবং স্টিয়ারিং কমিটি ১৩ সদস্য বিশিষ্ট গঠন করা হয়। পিআইসি কমিটির সভাপতি মহাপরিচালক, ডাক অধিদপ্তর এবং পিএসসি কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন সচিব, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়। এ কমিটির কর্মপরিধির প্রধান কাজ হল প্রকল্প কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য প্রকল্প পরিচালককে প্রয়োজনীয় সহযোগিতা এবং দিকনির্দেশনা প্রদান করা।

সারণি-৩২: পিআইসি ও পিএসসি সভার তথ্য

সভার নাম	মোট সভা	অনুষ্ঠিত সভা	শতকরা হার	মন্তব্য
পিআইসি	১৬	৪	২৫	
পিএসসি	১৬	৫	৩১.২৫	
মোট	৩২	৯	২৮.১৩	

৩.৪.৪ প্রকল্প বাস্তবায়ন কমিটি

উন্নয়ন প্রকল্পের পরিপত্র অনুযায়ী প্রতি ৩ মাস অন্তর অন্তর কমপক্ষে একবার করে মোট ১৬টি সভা করার কথা থাকলেও এ প্রকল্পের শুরু থেকে এখন পর্যন্ত মোট ৪টি (২৫%) পিআইসি সভা অনুষ্ঠিত হয়েছে। গত ১৯/০৩/২০১৯ সর্বশেষ সভা অনুষ্ঠিত হয়েছে। পিআইসি সভার সিদ্ধান্তসমূহ ও সিদ্ধান্তের আলোকে গৃহীত ব্যবস্থাসমূহ নিম্নের সারণি-৩২ এ দেওয়া হলো-

সারণি ৩৩: পিআইসি সভার সিদ্ধান্তসমূহ ও সিদ্ধান্তের আলোকে গৃহিত ব্যবস্থাসমূহের তথ্য

নং	সভার তারিখ	পিআইসি কমিটি সভার সুপারিশসমূহ	বাংলাদেশ ডাক অধিদপ্তর কর্তৃক গৃহিত ব্যবস্থা
১	০৪/০৩/২০১৮	৮ম তলা হতে ১৪তম তলা পর্যন্ত ভবন উর্ধ্বমূখী সম্প্রসারণের লক্ষ্যে সংশোধিত আরডিপিপি চূড়ান্ত অনুমোদন হওয়া মাত্রই যাতে টেন্ডার করা যায় সে সকল প্রাক প্রস্তুতি এখন ই সম্পন্ন করে রাখতে হবে।	৮ম তলা হতে ১৪তম তলা পর্যন্ত ভবন উর্ধ্বমূখী সম্প্রসারণের লক্ষ্যে সংশোধিত আরডিপিপি চূড়ান্ত অনুমোদন হওয়া মাত্রই যাতে টেন্ডার করা যায় সে সকল প্রাক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।

		এই অর্থবছরে প্রকৃত সম্ভাব্য ব্যয় নিরূপণ করে দ্রুত মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।	এই অর্থবছরে প্রকৃত সম্ভাব্য ব্যয় নিরূপণ করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
২	২৯/০৭/২০১৮	গুণগতমান নিশ্চিত করে ৯ম তলা হতে ১৪তম তলার কাজ দ্রুতগতিতে সম্পন্ন করতে হবে। এছাড়া পূর্ববর্তী ৮ম তলা পর্যন্ত ফিনিশিং এর কাজ দ্রুতগতিতে নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে।	গুণগতমান নিশ্চিত করে ৯ম তলা হতে ১৪তম তলার কাজ দ্রুতগতিতে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। এছাড়া পূর্ববর্তী ৮ম তলা পর্যন্ত ফিনিশিং এর কাজ দ্রুতগতিতে নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে।
		সেপ্টেম্বর, ২০১৮ তে সার্বিক অগ্রগতি পর্যালোচনা করে যুক্তিসঙ্গত বিবেচিত হলে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রেরণ করতে হবে।	সেপ্টেম্বর, ২০১৮ তে সার্বিক অগ্রগতি পর্যালোচনা করে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
		প্রকল্প পরিচালক কর্তৃক এডিবি বরাদ্দের ১ম ও ২য় কিস্তির টাকা ছাড় করে যথাযথভাবে ব্যয় করতে হবে।	প্রকল্প পরিচালক কর্তৃক এডিবি বরাদ্দের ১ম ও ২য় কিস্তির টাকা ছাড় করে যথাযথভাবে ব্যয় করা হয়েছে।
৩	০৪/১০/২০১৮	প্রকল্পের কাজ মানসম্মতভাবে দ্রুত সম্পন্ন করে আর্থিক ব্যয় তরান্বিত করতে হবে।	প্রকল্পের কাজ মানসম্মতভাবে সম্পন্ন করে আর্থিক ব্যয় তরান্বিত করা হয়েছে।
		কনসালটেন্ট দ্বারা পুরো প্রকল্প কাজ বাস্তব সমীক্ষা করে প্রকল্প কাজে যদি সংশোধন প্রয়োজন হয় তা নির্ধারণ করে এবং পিডব্লিউডি রেইট-২০১৮ জারী হওয়ায় এক্ষেত্রে কোনো আইটেমের যদি ব্যয় বৃদ্ধি আবশ্যক হয় তা নির্ধারণ করে দ্রুত ডিপিপি সংশোধন করে মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা করতে হবে। পিডব্লিউডি এর মানদন্ড অনুযায়ী কাজের গুণগতমান বজায় রাখার ক্ষেত্রে কোন আপোষ করা যাবে না।	কনসালটেন্ট দ্বারা পুরো প্রকল্প কাজ বাস্তব সমীক্ষা করে ডিপিপি সংশোধন করে মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা করা হয়েছে।
		চলমান প্রকল্পের কাজ পিআইসি কমিটি কর্তৃক সরেজমিনে পরিদর্শনের ব্যবস্তা করতে হবে।	চলমান প্রকল্পের কাজ পিআইসি কমিটি কর্তৃক সরেজমিনে পরিদর্শনের ব্যবস্তা করা হয়েছে।
৪	১৯/০৩/২০১৯	আন্তঃখাত সমন্বয়ের বিষয়টি আগামী স্টিয়ারিং কমিটির সভায় উত্থাপন করে সিদ্ধান্ত নিতে হবে।	আন্তঃখাত সমন্বয়ের বিষয়টি স্টিয়ারিং কমিটির সভায় উত্থাপন করা হয়েছে।
		প্রকল্পের কাজের মধ্যে পূর্ত কাজ যদি কিছু থাকে তা বর্ষা মৌসুম শুরুর আগেই শেষ করতে হবে।	প্রকল্পের কাজের মধ্যে পূর্ত কাজ যদি কিছু থাকে তা বর্ষা মৌসুম শুরুর আগেই শেষ করা হয়েছে।

		নির্ধারিত সময়ের মধ্যে গুণগতমান অক্ষূন্ন রেখে নির্মাণ কাজ অবশ্যই সমাপ্ত করতে হবে এবং RADP এর শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে।	নির্ধারিত সময়ের মধ্যে গুণগতমান অক্ষূন্ন রেখে RADP এর শতভাগ ব্যয় নিশ্চিত করা হয়েছে।
		ভবনের নির্মাণ/আনুষঙ্গিক কাজ সরেজমিনে পরিদর্মন করতে হবে। কাজের হালনাগাদ ছবি সংগ্রহ করতে হবে এবং পরবর্তী পিআইসি সভায় প্রদর্শন করতে হবে।	ভবনের নির্মাণ/আনুষঙ্গিক কাজ সরেজমিনে পরিদর্মন করে কাজের হালনাগাদ ছবি সংগ্রহ করা হয়েছে। এবং পরবর্তী পিআইসি সভায় প্রদর্শন করা হয়েছে।
		IBAS সংক্রান্ত জটিলতা নিরসনে প্রকল্প পরিচালক মন্ত্রণালয়ের মা্ধ্যমে অর্থ বিভাগের সাথে যোগাযোগ করতে হবে।	IBAS সংক্রান্ত জটিলতা নিরসনে প্রকল্প পরিচালক মন্ত্রণালয়ের মা্ধ্যমে অর্থ বিভাগের সাথে যোগাযোগ করে সমাধান করা হয়েছে।
		৪র্থ কিস্তির অর্থ ছাড়ের সঙ্গে প্রস্তাবিত অর্থের জন্য প্রকল্প পরিচালকের প্রত্যয়ন দিতে হবে।	৪র্থ কিস্তির অর্থ ছাড়ের সঙ্গে প্রস্তাবিত অর্থের জন্য প্রকল্প পরিচালকের প্রত্যয়ন দেওয়া হয়েছে।

পর্যালোচনা

বিশ্লেষণে দেখা যায় যে, ৫ বছর ৬ মাস প্রকল্প মেয়াদে কমপক্ষে ২২টি সভা করার সুযোগ থাকলেও সভা করা সম্ভব হয়েছে মাত্র ৪টি বা ২৫%। ফলে সঠিক সিদ্ধান্ত/দিক নির্দেশনার অভাবে অনেক গুরুত্বপূর্ণ কার্যক্রম সময়মত করা সম্ভব হয়নি। ভবিষ্যতে এ ধরনের প্রকল্পের কমিটির কার্যক্রম বিশেষ করে নিয়মিত সভা যাতে করা যায় সে দিকে বিশেষ দৃষ্টিপাত করা প্রয়োজন হবে।

৩.৪.৫ প্রকল্প স্টিয়ারিং কমিটি

এ পর্যন্ত ৫টি (৩১.২৫%) সভা অনুষ্টিত হয়েছে। গত ১৮/১২/২০১৮ তারিখে মন্ত্রণালয়ের সভা কক্ষে মাননীয় সচিব মহোদয়ের সভাপতিত্বে কমিটির সর্বশেষ সভা অনুষ্ঠিত হয়। পিএসসি সভার সিদ্ধান্তসমূহ ও সিদ্ধান্তের আলোকে গৃহীত ব্যবস্থাসমূহ নিম্নে সারণি-৩৩ এ দেওয়া হলো-

সারণি-৩৪: পিএসসি সভার সিদ্ধান্তসমূহ ও সিদ্ধান্তের আলোকে গৃহিত ব্যবস্থাসমূহের তথ্য

নং	সভার তারিখ	পিএসসি কমিটি সভার সুপারিশসমূহ	বাংলাদেশ ডাক অধিদপ্তর কর্তৃক গৃহিত ব্যবস্থা
১	০৭/১১/২০১৭	প্রকল্পের প্রস্তাবিত সংশোধিত ডিপিপি'র উপর গত ১৬/১০/২০১৭ তারিখে পরিকল্পনা কমিশনের ভৌত ও অবকাঠামো বিভাগে অনুষ্ঠিত পিইসি সভার কার্যবিবরণীর আলোকে ডিপিপি পুর্নগঠন করে আগামী ১২/১১/২০১৭ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করত হবে এবং এ বিভাগ হতে সংশোধিত ডিপিপি আগামী ১৩/১১/২০১৭ তারিখের মধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।	প্রকল্পের প্রস্তাবিত সংশোধিত ডিপিপি'র উপর গত ১৬/১০/২০১৭ তারিখে পরিকল্পনা কমিশনের ভৌত ও অবকাঠামো বিভাগে অনুষ্ঠিত পিইসি সভার কার্যবিবরণীর আলোকে ডিপিপি পুর্নগঠন করে আগামী ১২/১১/২০১৭ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করা হয়েছে এবং এ বিভাগ হতে সংশোধিত ডিপিপি আগামী ১৩/১১/২০১৭ তারিখের মধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।

		বর্তমান ২০১৭-২০১৮ অর্থ বছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থ শতভাগ মানসম্পন্ন প্রকল্প বাস্তবায়ন কাজে ব্যয় করতে হবে।	বর্তমান ২০১৭-২০১৮ অর্থ বছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থ শতভাগ মানসম্পন্ন প্রকল্প বাস্তবায়ন কাজে ব্যয় করা হয়েছে।
		প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা ও বিভিন্ন বিষয় আলোচনার জন্য প্রতি প্রান্তিকে প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র সভা এবং মূল্যায়ন কমিটি'র সভা (পিআইসি) অবশ্যই আহবান করতে হবে। প্রকল্প মূল্যায়ন কমিটি'র (পিআইসি) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশসমূহ পরবর্তী স্টিয়ারিং কমিটি'র সভায় আবশ্যিকভাবে উপস্থাপন ও আলোচনা করতে হবে।	প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা ও বিভিন্ন বিষয় আলোচনার জন্য প্রতি প্রান্তিকে প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র সভা এবং মূল্যায়ন কমিটি'র সভা (পিআইসি) অবশ্যই আহবান করা হয়েছে। প্রকল্প মূল্যায়ন কমিটি'র (পিআইসি) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশসমূহ পরবর্তী স্টিয়ারিং কমিটি'র সভায় আবশ্যিকভাবে উপস্থাপন ও আলোচনা করা হয়েছে।
		২০১৭-১৮ অর্থ বছরের ১ম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর'১৭) প্রকল্প মূল্যায়ন কমিটি'র (পিআইসি) সভা আগামী ২৩/১১/২০১৭ এর মধ্যে অবশ্যই আহবান করতে হবে এবং সভার কার্যবিবরণী দ্রুত এ বিভাগে প্রেরণ করতে হবে।	২০১৭-১৮ অর্থ বছরের ১ম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর'১৭) প্রকল্প মূল্যায়ন কমিটি'র (পিআইসি) সভা আগামী ২৩/১১/২০১৭ এর মধ্যে অবশ্যই আহবান করা হয়েছে। এবং সভার কার্যবিবরণী দ্রুত এ বিভাগে প্রেরণ করা হয়েছে।
		আইএমইডি-০৩ (প্রতি প্রান্তিক শেষে ১ম সপ্তাহের মধ্যে) এবং আইএমইডি-০৫ (প্রতি মাস শেষে ১ম সপ্তাহের মধ্যে) নিয়মিতভাবে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এছাড়া প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে নিয়মিতভাবে এ বিভাগকে অবহিতকরণ অব্যাহত রাখতে হবে।	আইএমইডি-০৩ (প্রতি প্রান্তিক শেষে ১ম সপ্তাহের মধ্যে) এবং আইএমইডি-০৫ (প্রতি মাস শেষে ১ম সপ্তাহের মধ্যে) নিয়মিতভাবে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করা হয়েছে। এছাড়া প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে নিয়মিতভাবে এ বিভাগকে অবহিতকরণ অব্যাহত রাখতে হবে।
		ডাক অধিদপ্তর হতে প্রেরিত প্রকল্পের আর্থিক ও অন্যান্য বিষয়াদির প্রস্তাব মহাপরিচালক, ডাক অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।	ডাক অধিদপ্তর হতে প্রেরিত প্রকল্পের আর্থিক ও অন্যান্য বিষয়াদির প্রস্তাব মহাপরিচালক, ডাক অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।
২	০৮/০৩/২০১৮	পরিকল্পনা কমিশনে যোগাযোগ করে প্রকল্পের প্রস্তাবিত ডিপিপি দ্রুত একনেক সভায় অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিকল্পনা কমিশনে যোগাযোগ করে প্রকল্পের প্রস্তাবিত ডিপিপি দ্রুত একনেক সভায় অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
		ডাক অধিদপ্তরের প্রস্তাবের প্রেক্ষিতে বর্তমান ২০১৭-১৮ অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত ২৭.৮০ কোটি টাকা শতভাগ মানসম্পন্ন প্রকল্প বাস্তবায়ন কাজে ব্যয় করতে হবে।	ডাক অধিদপ্তরের প্রস্তাবের প্রেক্ষিতে বর্তমান ২০১৭-১৮ অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত ২৭.৮০ কোটি টাকা শতভাগ মানসম্পন্ন প্রকল্প বাস্তবায়ন কাজে ব্যয় করা হয়েছে।
		এ প্রকল্পে নিয়োজিত কনসালটেন্টকে প্রকল্পের সার্বিক অগ্রগতির বিষয়ে মন্ত্রণালয়/বিভাগে তথ্য উপস্থাপন করতে হবে।	এ প্রকল্পে নিয়োজিত কনসালটেন্টকে প্রকল্পের সার্বিক অগ্রগতির বিষয়ে মন্ত্রণালয়/বিভাগে তথ্য উপস্থাপন করা হয়েছে।
		প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা ও বিভিন্ন বিষয়ে আলোচনার জন্য প্রতি প্রান্তিকে প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র সভা এবং মূল্যায়ন কমিটি'র সভা	প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা ও বিভিন্ন বিষয়ে আলোচনার জন্য প্রতি প্রান্তিকে প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র সভা এবং মূল্যায়ন কমিটি'র সভা

		(পিআইসি) অবশ্যই আহবান করতে হবে। প্রকল্প মূল্যায়ন কমিটি'র (পিআইসি) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশসমূহ পরবর্তী স্টিয়ারিং কমিটি'র সভায় আবশ্যিকভাবে উপস্থাপন ও আলোচনা করতে হবে।	(পিআইসি) অবশ্যই আহবান করা হয়েছে। প্রকল্প মূল্যায়ন কমিটি'র (পিআইসি) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশসমূহ পরবর্তী স্টিয়ারিং কমিটি'র সভায় আবশ্যিকভাবে উপস্থাপন ও আলোচনা করা হয়েছে।
		আইএমইডি-০৩ (প্রতি প্রান্তিক শেষে ১ম সপ্তাহের মধ্যে) এবং আইএমইডি-০৫ (প্রতি মাস শেষে ১ম সপ্তাহের মধ্যে) নিয়মিতভাবে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এছাড়া প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে নিয়মিতভাবে এ বিভাগকে অবহিতকরণ অব্যাহত রাখতে হবে।	আইএমইডি-০৩ (প্রতি প্রান্তিক শেষে ১ম সপ্তাহের মধ্যে) এবং আইএমইডি-০৫ (প্রতি মাস শেষে ১ম সপ্তাহের মধ্যে) নিয়মিতভাবে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করা হয়েছে। এছাড়া প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে নিয়মিতভাবে এ বিভাগকে অবহিত করা হয়েছে।
		ডাক অধিদপ্তর হতে প্রেরিত প্রকল্পের আর্থিক ও অন্যান্য বিষয়াদির প্রস্তাব মহাপরিচালক, ডাক অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।	ডাক অধিদপ্তর হতে প্রেরিত প্রকল্পের আর্থিক ও অন্যান্য বিষয়াদির প্রস্তাব মহাপরিচালক, ডাক অধিদপ্তর কর্তৃক স্বাক্ষর করা হয়েছে।
		প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি (আর্থিক ও ভৌথ) ত্বরান্বিত করতে হবে। মাননীয় সচিব এবং এ বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক এ প্রকল্পের ভৌত অগ্রগতি সরেজমিনে পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি (আর্থিক ও ভৌথ) ত্বরান্বিত করা হয়েছে। মাননীয় সচিব এবং এ বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক এ প্রকল্পের ভৌত অগ্রগতি সরেজমিনে পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
৩	১০/০৬/২০১৮	প্রকল্পের নির্মাণ কাজের দরপত্র মূল্যায়ন শেষে পিপিআর ২০০ এবং সংশ্লিষ্ট বিধান অনুযায়ী দ্রুত অনুমোদন শেষে কার্যাদেশ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রকল্পের নির্মাণ কাজের দরপত্র মূল্যায়ন শেষে পিপিআর ২০০ এবং সংশ্লিষ্ট বিধান অনুযায়ী দ্রুত অনুমোদন শেষে কার্যাদেশ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
		ডাক অধিদপ্তরের প্রস্তাবের প্রেক্ষিতে বর্তমান ২০১৭-১৮ অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে ইতোপূর্বে ছাড়কৃত সমুদয় অর্থ শতভাগ মানসম্পন্ন প্রকল্প বাস্তবায়ন কাজে ব্যয় করতে হবে।	ডাক অধিদপ্তরের প্রস্তাবের প্রেক্ষিতে বর্তমান ২০১৭-১৮ অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে ইতোপূর্বে ছাড়কৃত সমুদয় অর্থ শতভাগ মানসম্পন্ন প্রকল্প বাস্তবায়ন কাজে ব্যয় করা হয়েছে।
		এ প্রকল্পের জন্য ২০১৭-১৮ অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে যে পরিমাণ অর্থ ছাড় করা হয়নি, অছাড়কৃত সে পরিমাণ অর্থ অন্য প্রকল্পে প্রয়োজন অনুযায়ী উপযোজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। সে লক্ষ্যে ৩০ জুন ২০১৮ পর্যন্ত এ বিভাগের উন্নয়ন প্রকল্পের জন্য অর্থ ছাড়ের সময়-সীমা বৃদ্ধির প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।	এ প্রকল্পের জন্য ২০১৭-১৮ অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে যে পরিমাণ অর্থ ছাড় করা হয়নি, অছাড়কৃত সে পরিমাণ অর্থ অন্য প্রকল্পে প্রয়োজন অনুযায়ী উপযোজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সে লক্ষ্যে ৩০ জুন ২০১৮ পর্যন্ত এ বিভাগের উন্নয়ন প্রকল্পের জন্য অর্থ ছাড়ের সময়-সীমা বৃদ্ধির প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।
		প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা ও বিভিন্ন বিষয়ে আলোচনার জন্য প্রতি প্রান্তিকে প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র সভা এবং মূল্যায়ন কমিটি'র সভা	প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা ও বিভিন্ন বিষয়ে আলোচনার জন্য প্রতি প্রান্তিকে প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র সভা এবং মূল্যায়ন কমিটি'র সভা

		(পিআইসি) অবশ্যই আহবান করতে হবে। প্রকল্প মূল্যায়ন কমিটি'র (পিআইসি) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশসমূহ পরবর্তী স্টিয়ারিং কমিটি'র সভায় আবশ্যিকভাবে উপস্থাপন ও আলোচনা করতে হবে।	(পিআইসি) অবশ্যই আহবান করা হয়েছে। প্রকল্প মূল্যায়ন কমিটি'র (পিআইসি) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশসমূহ পরবর্তী স্টিয়ারিং কমিটি'র সভায় আবশ্যিকভাবে উপস্থাপন ও আলোচনা করা হয়েছে।
		আইএমইডি-০৩ (প্রতি প্রান্তিক শেষে ১ম সপ্তাহের মধ্যে) এবং আইএমইডি-০৫ (প্রতি মাস শেষে ১ম সপ্তাহের মধ্যে) নিয়মিতভাবে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এছাড়া প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে নিয়মিতভাবে এ বিভাগকে অবহিতকরণ অব্যাহত রাখতে হবে।	আইএমইডি-০৩ (প্রতি প্রান্তিক শেষে ১ম সপ্তাহের মধ্যে) এবং আইএমইডি-০৫ (প্রতি মাস শেষে ১ম সপ্তাহের মধ্যে) নিয়মিতভাবে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এছাড়া প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে নিয়মিতভাবে এ বিভাগকে অবহিতকরণ করা হয়েছে।
		ডাক অধিদপ্তর হতে প্রেরিত প্রকল্পের আর্থিক ও অন্যান্য বিষয়াদির প্রস্তাব মহাপরিচালক, ডাক অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।	ডাক অধিদপ্তর হতে প্রেরিত প্রকল্পের আর্থিক ও অন্যান্য বিষয়াদির প্রস্তাব মহাপরিচালক, ডাক অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত করা হয়েছে।
৪	০৭/১০/২০১৮	প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি ত্বরান্বিত করতে হবে। বর্তমান ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে বরাদ্দকৃত ৩০.৭১ কোটি টাকা শতভাগ মানসম্পন্ন প্রকল্প বাস্তবায়ন কাজে ব্যয় করতে হবে।	প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি ত্বরান্বিত করা হয়েছে। বর্তমান ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে বরাদ্দকৃত ৩০.৭১ কোটি টাকা শতভাগ মানসম্পন্ন প্রকল্প বাস্তবায়ন কাজে ব্যয় করা হয়েছে।
		২০১৮-১৯ অর্থ বছরের এডিপি-তে বরাদ্দকৃত অর্থ মানসম্পন্ন প্রকল্প বাস্তবায়নে ব্যয় করার ক্ষেত্রে এ প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।	২০১৮-১৯ অর্থ বছরের এডিপি-তে বরাদ্দকৃত অর্থ মানসম্পন্ন প্রকল্প বাস্তবায়নে ব্যয় করার ক্ষেত্রে এ প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা যথাযথভাবে অনুসরণ করা হয়েছে।
		শুধুমাত্র প্রকল্পের মেয়াদ কোনরূপ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জুন' ২০১৯ পর্যন্ত বৃদ্ধির জন্য নির্ধারিত ছকে যৌক্তিকতাসহ প্রস্তাব এ বিভাগে প্রেরণ করতে হবে।	শুধুমাত্র প্রকল্পের মেয়াদ কোনরূপ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জুন' ২০১৯ পর্যন্ত বৃদ্ধির জন্য নির্ধারিত ছকে যৌক্তিকতাসহ প্রস্তাব এ বিভাগে প্রেরণ করা হয়েছে।
		অনুমোদিত প্রকল্পের অঙ্গগুলোর মধ্যে ব্যয়/বরাদ্দ সমন্বয়ের প্রয়োজন হলে আন্তঃখাত সমন্বয়ের প্রস্তাব এ বিভাগে প্রেরণ করতে হবে।	অনুমোদিত প্রকল্পের অঙ্গগুলোর মধ্যে ব্যয়/বরাদ্দ আন্তঃখাত সমন্বয়ের প্রস্তাব এ বিভাগে প্রেরণ করা হয়েছে।
		প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা ও বিভিন্ন বিষয়ে আলোচনার জন্য প্রতি প্রান্তিকে প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র সভা এবং মূল্যায়ন কমিটি'র সভা (পিআইসি) অবশ্যই আহবান করতে হবে। প্রকল্প মূল্যায়ন কমিটি'র (পিআইসি) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশসমূহ পরবর্তী স্টিয়ারিং কমিটি'র সভায় আবশ্যিকভাবে উপস্থাপন ও আলোচনা করতে হবে।	প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা ও বিভিন্ন বিষয়ে আলোচনার জন্য প্রতি প্রান্তিকে প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র সভা এবং মূল্যায়ন কমিটি'র সভা (পিআইসি) অবশ্যই আহবান করা হয়েছে। প্রকল্প মূল্যায়ন কমিটি'র (পিআইসি) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশসমূহ পরবর্তী স্টিয়ারিং কমিটি'র সভায় আবশ্যিকভাবে উপস্থাপন ও আলোচনা করা হয়েছে।

		আইএমইডি-০৩ (প্রতি প্রান্তিক শেষে ১ম সপ্তাহের মধ্যে) এবং আইএমইডি-০৫ (প্রতি মাস শেষে ১ম সপ্তাহের মধ্যে) নিয়মিতভাবে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এছাড়া প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে নিয়মিতভাবে এ বিভাগকে অবহিতকরণ অব্যাহত রাখতে হবে।	আইএমইডি-০৩ (প্রতি প্রান্তিক শেষে ১ম সপ্তাহের মধ্যে) এবং আইএমইডি-০৫ (প্রতি মাস শেষে ১ম সপ্তাহের মধ্যে) নিয়মিতভাবে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করা হয়েছে। এছাড়া প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে নিয়মিতভাবে এ বিভাগকে অবহিত করা হয়েছে।
৫	১৮/১২/২০১৮	প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি ত্বরান্বিত করতে হবে। বর্তমান ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে বরাদ্দকৃত টাকা শতভাগ মানসম্পন্ন প্রকল্প বাস্তবায়ন কাজে ব্যয় করতে হবে।	প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি ত্বরান্বিত করা হয়েছে। বর্তমান ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে বরাদ্দকৃত টাকা শতভাগ মানসম্পন্ন প্রকল্প বাস্তবায়ন কাজে ব্যয় করা হয়েছে।
		২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থ মানসম্পন্ন প্রকল্প বাস্তবায়নে ব্যয় করার ক্ষেত্রে এ প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।	২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থ মানসম্পন্ন প্রকল্প বাস্তবায়নে ব্যয় করার ক্ষেত্রে এ প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা যথাযথভাবে অনুসরণ করা হয়েছে।
		সংশোধিত বর্ধিত মেয়াদের মধ্যে প্রকল্পের কার্যক্রম অবশ্যই শেষ করতে হবে।	সংশোধিত বর্ধিত মেয়াদের মধ্যে প্রকল্পের কার্যক্রম অবশ্যই শেষ করা হয়েছে।
		প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা ও বিভিন্ন বিষয়ে আলোচনার জন্য প্রতি প্রান্তিকে প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র সভা এবং মূল্যায়ন কমিটি'র সভা (পিআইসি) অবশ্যই আহবান করতে হবে। প্রকল্প মূল্যায়ন কমিটি'র (পিআইসি) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশসমূহ পরবর্তী স্টিয়ারিং কমিটি'র সভায় আবশ্যিকভাবে উপস্থাপন ও আলোচনা করতে হবে।	প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা ও বিভিন্ন বিষয়ে আলোচনার জন্য প্রতি প্রান্তিকে প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র সভা এবং মূল্যায়ন কমিটি'র সভা (পিআইসি) অবশ্যই আহবান করা হয়েছে। প্রকল্প মূল্যায়ন কমিটি'র (পিআইসি) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশসমূহ পরবর্তী স্টিয়ারিং কমিটি'র সভায় আবশ্যিকভাবে উপস্থাপন ও আলোচনা করা হয়েছে।
		আইএমইডি-০৩ (প্রতি প্রান্তিক শেষে ১ম সপ্তাহের মধ্যে) এবং আইএমইডি-০৫ (প্রতি মাস শেষে ১ম সপ্তাহের মধ্যে) নিয়মিতভাবে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এছাড়া প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে নিয়মিতভাবে এ বিভাগকে অবহিতকরণ অব্যাহত রাখতে হবে।	আইএমইডি-০৩ (প্রতি প্রান্তিক শেষে ১ম সপ্তাহের মধ্যে) এবং আইএমইডি-০৫ (প্রতি মাস শেষে ১ম সপ্তাহের মধ্যে) নিয়মিতভাবে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করা হয়েছে। এছাড়া প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে নিয়মিতভাবে এ বিভাগকে অবহিত করা হয়েছে।

পর্যালোচনা

বিশ্লেষণে দেখা যায় যে, ৫ বছর ৬ মাস প্রকল্প মেয়াদে কমপক্ষে ২২টি সভা করার সুযোগ থাকলেও সভা করা সম্ভব হয়েছে মাত্র ৫টি বা ৩১.২৫%। ফলে সঠিক সিদ্ধান্ত/দিক নির্দেশনার অভাবে অনেক গুরুত্বপূর্ণ কার্যক্রম সময়মত করা সম্ভব হয়নি। ফলশ্রুতিতে প্রকল্পের মেয়াদ তিন বার বৃদ্ধি করার প্রয়োজন হয়েছে। ভবিষ্যতে এ ধরনের প্রকল্পের কমিটির কার্যক্রম বিশেষ করে নিয়মিত সভা যাতে করা যায় সে দিকে বিশেষভাবে শুরুতেই নজর দেয়া প্রয়োজন।

৩.৪.৬ প্রকল্প বাস্তবায়নে সংশ্লিষ্ট বিভাগ/সংস্থাসমূহের পরিদর্শন পর্যালোচনা

প্রকল্পের সঠিকভাবে বাস্তবায়নের জন্য পরিকল্পনা মন্ত্রণালয়ের আইএমইডি সহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের কর্মকর্তাদের রুটিন পরিদর্শনের নির্দেশনা রয়েছে। তারা পরিদর্শন শেষে সঠিকভাবে প্রকল্প পরিচালনার জন্য প্রয়োজনীয় সুপারিশ করে থাকেন, যা পরবর্তীতে প্রতিপালনপূর্বক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরকে জানিয়ে দেয়া হয়। প্রকল্প অফিস কর্তৃক জানানো হয়েছে যে প্রকল্প অফিস হতে প্রতি মাসে নিয়মিত ০৫ ফরম অনুযায়ী মাসিক অগ্রগতি প্রতিবেদন আইএমইডি'তে দাখিল করা হয়েছে। প্রকল্পের আওতায় নিয়মিত ০১, ০২, ও ০৩ প্রতিবেদন আইএমইডি'তে দাখিল করা হয়েছে।

৩.৪.৭ অডিট

সমীক্ষা টিম কর্তৃক প্রকল্প সংশ্লিষ্ট অডিট পর্যালোচনা করা হয়েছে। প্রকল্প শুরু থেকে শেষ পর্যন্ত ৪টি অর্থবছরে মোট ১২টি অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। উহার মধ্যে ৩টি (তিন) আপত্তি নিস্পত্তি করা হয়েছে। বিস্তারিত সারণি ৩.৪.৭ এ প্রদর্শিত

সারণি-৩৫: অডিট সংক্রান্ত বিশ্লেষণ

অডিট সম্পাদনের বছর	অডিট আপত্তির সংখ্যা	নিস্পন্ন'র সংখ্যা	শতকরা হার	অডিট সংশ্লিষ্ট অর্থের পরিমাণ	নিস্পত্তির পর্যায়
২০১৪-২০১৫	৪টি	০	২৫	২,৪৮,০০০	আপত্তিটি নিস্পত্তি কার হয় নাই
		০		৭৮,৮০০	আপত্তিটি নিস্পত্তি কার হয় নাই
		১টি		২,৮৭,৮২১	আপত্তিটি নিস্পত্তি কার হয়েছে
		০		৩৬,৩২৭	আপত্তিটি নিস্পত্তি কার হয় নাই
২০১৫-২০১৬	২টি	১টি	১০০	৪,০৬,৯৭৩	আপত্তিটি নিস্পত্তি কার হয়েছে
		১টি		২,৭১,৩১০	আপত্তিটি নিস্পত্তি কার হয়েছে
২০১৬-২০১৭	০	০	০	০	০
২০১৭-২০১৮	২টি	০	০	৪৭,৫৮০০০	আপত্তিটি নিস্পত্তি কার হয় নাই
		০		১৪,১৬০০০	আপত্তিটি নিস্পত্তি কার হয় নাই
২০১৮-২০১৯	৪টি	০	০	৫,০১,৮৪,৯৯৭	আপত্তিটি নিস্পত্তি কার হয় নাই
		০		২,৬৯,৪২৩৫	আপত্তিটি নিস্পত্তি কার হয় নাই
		০		১১,৪০০	আপত্তিটি নিস্পত্তি কার হয় নাই
		০		৩৮,২৯,৩৭১	আপত্তিটি নিস্পত্তি কার হয় নাই

সারণি- ৩৬: নিরীক্ষা আপত্তি এবং নিরীক্ষিত অফিসের জবাবসমূহ

নং	প্রকল্পের নাম	আপত্তির সাল, ধরন ও অনুচ্ছেদ নং	আপত্তির শিরোনাম কারণ ও অর্থের পরিমাণ	সংশ্লিষ্ট প্রকল্পের সাথে জড়িত টাকা	যে নথি নং এ আপত্তি উত্থাপিত হয়েছে।	সর্বশেষ গৃহীত অবস্থা
১।	ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ প্রকল্প	২০১৪-১৫ সাধারণ অনুচ্ছেদ- ১	শিরোনামঃ ডিপিপিতে আলাদাভোবে মাটি খনন প্রভিশন না থাকা সত্ত্বেও ঠিকাদারের মাধ্যমে মাটি খনন করে চেকের পরিবর্তে ঠিকাদারকে নগদে প্রদান অনিয়মের কারণঃ ডিপিপিতে আলাদাভোবে মাটি খনন প্রভিশন না থাকা সত্ত্বেও ঠিকাদারের মাধ্যমে	২,৪৮,০০০/- (দুই লক্ষ আটচল্লিশ হাজার) টাকা	স্মারক নং কে-৩/প্রকল্প পরিঃবাংলাদেশ ডাঃ অধিঃ সদর নির্মাণ শীর্ষক প্রকল্প ডাক বিভাগ/ তারিখ: ২৪/০৩/২০১৬ খ্রিঃ	নিষ্পত্তির কার্যক্রম চলমান।

			মাটি খনন করে চেকের পরিবর্তে ঠিকাদারকে নগদে প্রদান ২,৪৮,০০০/- টাকা অনিয়ম।			
২।	ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ প্রকল্প	২০১৪-১৫ সাধারণ অনুচ্ছেদ- ২	শিরোনামঃ প্রকল্পের আওতাবহির্ভূত কাজে ব্যয় দেখিয়ে অপচয়। অনিয়মের কারণঃ প্রকল্পের আওতাবহির্ভূত কাজে ব্যয় দেখিয়ে অপচয় (দুটি সাইনবোর্ড তৈরি ৩৯৪০০/- টাকা করে) ৭৮,৮০০/- টাকা	৭৮,৮০০/- (আটাত্তর হাজার আটশত) টাকা	স্মারক নং কে-৩/প্রকল্প পরিঃবাংলাদেশ ডাঃ অধিঃ সদর নির্মাণ শীর্ষক প্রকল্প ডাক বিভাগ/ তারিখ: ২৪/০৩/২০১৬ খ্রিঃ	নিষ্পত্তির কার্যক্রম চলমান।
৩।	ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ প্রকল্প	২০১৪-১৫ অগ্রিম অনুচ্ছেদ- ৩	শিরোনামঃ ভ্যাট ও আয়কর বাবদ কর্তনকৃত টাকা সরকারী কোষাগারে জমার স্বপক্ষে কোন প্রমাণক না থাকা। অনিয়মের কারণঃ ভ্যাট ও আয়কর বাবদ কর্তনকৃত টাকা সরকারী কোষাগারে জমার স্বপক্ষে ২,৮৭,৮২১/- (দুই লক্ষ সাতাশি হাজার আটশত একুশ) টাকার কোন প্রমাণক পাওয়া যায়নি।	২,৮৭,৮২১/- (দুই লক্ষ সাতাশি হাজার আটশত একুশ) টাকা	স্মারক নং কে-৩/প্রকল্প পরিঃবাংলাদেশ ডাঃ অধিঃ সদর নির্মাণ শীর্ষক প্রকল্প ডাক বিভাগ/ তারিখ: ২৪/০৩/২০১৬ খ্রিঃ	ইতোমধ্যে নিষ্পত্তি হয়েছে। (নথি নং কে-৩/পিটিএসটি অডিট/ডাঃঅধিঃসদর দপ্তর নিঃশীঃপ্র/২০১৪-২০১৫ তাং ০৪/০৪/২০১৭ খ্রিঃ
৪।	ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ প্রকল্প	২০১৪-১৫ সাধারণ অনুচ্ছেদ- ৪	শিরোনামঃ প্রতিষ্ঠান কর্মচারিদের বেতন বাবদ টাকা পরিশোধের সমর্থনে বিল ভাউচার না পাওয়া। অনিয়মের কারণঃ প্রতিষ্ঠান কর্মচারিদের বেতন বাবদ ৩৬,৩২৭/- টাকা পরিশোধের সমর্থনে বিল ভাউচার না পাওয়া সংক্রান্ত।	৩৬,৩২৭/- (ছত্রিশ হাজার তিনশত সাতাশ) টাকা	স্মারক নং কে-৩/প্রকল্প পরিঃবাংলাদেশ ডাঃ অধিঃ সদর নির্মাণ শীর্ষক প্রকল্প ডাক বিভাগ/ তারিখ: ২৪/০৩/২০১৬ খ্রিঃ	নিষ্পত্তির কার্যক্রম চলমান।
৫।	ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ প্রকল্প	২০১৫-১৬ অগ্রিম অনুচ্ছেদ- ২৯	শিরোনামঃ পরামর্শক প্রতিষ্ঠানের পরিশোধিত বিল হতে ভ্যাট বাবদ কর্তনকৃত টাকা সকরারি কোষাগারে জমা না করা। অনিয়মের কারণঃ পরামর্শক প্রতিষ্ঠানের পরিশোধিত বিল হতে ভ্যাট বাবদ কর্তনকৃত ৪,০৬,৯৭৩/- টাকা সকরারি কোষাগারে জমা না করায় সরকারের রাজস্ব ক্ষতি।	৪,০৬,৯৭৩/- (চার লক্ষ ছয় হাজার নয়শত তিয়াত্তর) টাকা	নথি নং কে-৩/নথি-২৪/মহাপরিচালক,ডাঃঅধিঃবাংলাদেশ ডাঃবিঃ ঢাকা/ তাং ১৬/০২/২০১৭ খ্রিঃ	ইতোমধ্যে নিষ্পত্তি হয়েছে (নথি নং ৮২.১৫.০০০০.০০৫.০৪.০০১.২১.৩৪৯ তাং ২৯/১১/২০২১ খ্রিঃ)
৬।	ডাক অধিদপ্তরের সদর দপ্তর	২০১৫-১৬	শিরোনামঃ পরামর্শক প্রতিষ্ঠানের নিকট হতে কর্তনকৃত আয়কর বাবদ	২,৭১,৩১০/- (দুই লক্ষ একাত্তর	নথি নং কে-৩/নথি-২৪/মহাপরিচালক,ডাঃঅধিঃবাং	ইতোমধ্যে নিষ্পত্তি হয়েছে

	নির্মাণ প্রকল্প	অগ্রিম অনুচ্ছেদ- ৩০	টাকা সকরারি খাতে জমা না করা। অনিয়মের কারণঃ পরামর্শক প্রতিষ্ঠানের নিকট হতে কর্তনকৃত আয়কর বাবদ ২,৭১,৩১০/- টাকা সকরারি খাতে জমা না করায় রাজস্ব ক্ষতি।	হাজার তিনশত দশ) টাকা	লাদেশ ডাঃবিঃ ঢাকা/ তাং ১৬/০২/২০১৭ খ্রিঃ	(নথি নং ৮২.১৫.০০০০.০০৫ .০৪.০০১.২১.৩৪৯ তাং ২৯/১১/২০২১ খ্রিঃ)
৭।	ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ প্রকল্প	২০১৭-১৮ অগ্রিম অনুচ্ছেদ- ২	শিরোনামঃ মালামাল সরবরাহের প্রমাণক ব্যতীত ঠিকাদারকে মোবিলাইজেশন এ্যাডভান্স প্রদান করা। অনিয়মের কারণঃ মালামাল সরবরাহের প্রমাণক ব্যতীত মোবিলাইজেশন এ্যাডভান্স বাবদ ৪৭,৫৮,০০০/- টাকা অনিয়মিতভাবে ঠিকাদারকে প্রদান	৪৭,৫৮,০০০/- (সাতচল্লিশ লক্ষ আটান্ন হাজার) টাকা	নথি নং-ডাটেবিপ্রঅ/কে-৩/ডাক অধিদপ্তর/নির্দিষ্টকরণ ২০১৭-২০১৮/৩০৭ তাং ৩০/০৭/২০১৯ খ্রিঃ	নিষ্পত্তির কার্যক্রম চলমান।
৮।	ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ প্রকল্প	২০১৭-১৮ অগ্রিস অনুচ্ছেদ- ৩	শিরোনামঃ ঠিকাদারকে পরিশোধিত অগ্রিম বিল থেকে ভ্যাট ও আয়কর ও বিলম্ব জনিত ভ্যাট ও আয়করের জরিমানা আদায় না করা। অনিয়মের কারণঃ ঠিকাদারকে পরিশোধিত অগ্রিম বিল থেকে ভ্যাট ও আয়কর বাবদ ১৪,১৬,০০০/- টাকা ও বিলম্ব জনিত ভ্যাট ও আয়করের জরিমানা বাবদ ১৪,৫৮,২৪০/- টাকা আদায় করা হয়নি।	১৪,১৬,০০০/- (চৌদ্দ লক্ষ ষোল হাজার) টাকা ও ১৪,৫৮,২৪০/- (চৌদ্দ লক্ষ আটান্ন হাজার দুইশত চল্লিশ) টাকা	নথি নং-ডাটেবিপ্রঅ/কে-৩/ডাক অধিদপ্তর/নির্দিষ্টকরণ ২০১৭-২০১৮/৩০৭ তাং ৩০/০৭/২০১৯ খ্রিঃ	নিষ্পত্তির কার্যক্রম চলমান।
৯।	ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ প্রকল্প	২০১৮-১৯ অগ্রিম অনুচ্ছেদ- ৮	শিরোনামঃ বাজেট বরাদ্দের তুলনায় অতিরিক্ত ব্যয়। অনিয়মের কারণঃ বাজেট বরাদ্দের তুলনায় অতিরিক্ত ব্যয় : ৬৫,৮৬,৩৬,৪৬৮/- (পঁয়ষষট্টি কোটি ছিয়াশি লক্ষ ছত্রিশ হাজার চারশত আটষট্টি) টাকা। এই প্রকল্পের সাথে সংশ্লিষ্ট ৫,০১,৮৪,৯৯৭/- টাকা।	৫,০১,৮৪,৯৯৭ /- (পাঁচ কোটি এক লক্ষ চুরাশি হাজার নয়শত সাতানব্বই) টাকা	নথি নং- এসআইটিঅ/কে-৩/নথি-২২৩/ডাঃওটেলিঃবিঃএর২টিঅধি ঃএরনিঃপ্রতিঃ/২০১৮-২০১৯/৩৩০ তাং ০৫/১০/২০২০ খ্রিঃ	নিষ্পত্তির কার্যক্রম চলমান।
১০।	ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ প্রকল্প	২০১৮-১৯ অগ্রিম অনুচ্ছেদ- ১৯	শিরোনামঃ ভ্যাট ও আয়করের টাকা জমার সমর্থনে ট্রেজারি চালান নিরীক্ষায় উপস্থাপন না করা। অনিয়মের কারণঃ	২,৬৯,৪২,৩৫৬/- (দুই কোটি উনসত্তর লক্ষ বিয়াল্লিশ হাজার	নথি নং- এসআইটিঅ/কে-৩/নথি-২২৩/ডাঃওটেলিঃবিঃএর২টিঅধি ঃএরনিঃপ্রতিঃ/২০১৮-২০১৯/৩৩০ তাং ০৫/১০/২০২০ খ্রিঃ	নিষ্পত্তির কার্যক্রম চলমান।

			ভ্যাট ও আয়কর ২৩,৭৬,১৫,৮৯৪/- টাকা জমার সমর্থনে ট্রেজারি চালান নিরীক্ষায় উপস্থাপন করা হয়নি। এই প্রকল্পের সাথে জড়িত ২,৬৯,৪২,৩৫৬/- টাকা।	তিনশত ছাপ্পান্ন) টাকা		
১১।	ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ প্রকল্প	২০১৮-১৯ সাধারণ অনুচ্ছেদ-২২	শিরোনামঃ বাছাই/মূল্যায়ন কমিটির সদস্যদের সম্মানি ভাতার উপর আয়কর কর্তন না করা। অনিয়মের কারণঃ বাছাই/মূল্যায়ন কমিটির সদস্যদের সম্মানি ভাতার উপর আয়কর কর্তন না করায় রাজস্ব ক্ষতি ৮৫,৯৮৬/- টাকা। এই প্রকল্পের সাথে জড়িত ১১,৪০০/- টাকা।	১১,৪০০/- (এগারো হাজার চারশত) টাকা	নথি নং- এসআইটিঅ/কে-৩/নথি-২২৩/ডাঃওটেলিঃবিঃএর২টিঅধিঃএরনিঃপ্রতিঃ/২০১৮-২০১৯/৩৩০ তাং ০৫/১০/২০২০ খ্রিঃ	নিষ্পত্তির কার্যক্রম চলমান।
১২।	ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ প্রকল্প	২০১৮-১৯ সাধারণ অনুচ্ছেদ-৩৪	শিরোনামঃ নির্ধারিত সময়ে ভ্যাট ও আয়কর এর টাক জমা না করা। অনিয়মের কারণঃ নির্ধারিত সময়ে ভ্যাট ও আয়কর এর টাক জমা না করায় সরকারের রাজস্ব ক্ষতি ৫৮,৯৯,৬১২/- টাকা। এই প্রকল্পের সাথে জড়িত ৩৮,২৯,৩৭১/- টাকা।	৩৮,২৯,৩৭১/- (আটত্রিশ লক্ষ উনত্রিশ হাজার তিনশত একাত্তর) টাকা।	নথি নং- এসআইটিঅ/কে-৩/নথি-২২৩/ডাঃওটেলিঃবিঃএর২টিঅধিঃএরনিঃপ্রতিঃ/২০১৮-২০১৯/৩৩০ তাং ০৫/১০/২০২০ খ্রিঃ	নিষ্পত্তির কার্যক্রম চলমান।

পর্যালোচনা

উপরের সারণি ৩.৪.৭.২ এ নিরীক্ষা অফিসের উত্থাপিত আপত্তিগুলো সন্নিবেশ করা হয়েছে। নিরীক্ষা অফিসের উত্থাপিত আপত্তিগুলো পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত মোট ৪টি অর্থবছরে অডিট কার্যক্রম সম্পন্ন হয়েছে। এতে দেখা যায় যে ৪টি অর্থবছরে মোট ১২টি অডিট আপত্তি হয়েছে; তম্মধ্যে ৩টি আপত্তি নিস্পত্তি করা হয়েছে। আপত্তিগুলোর ছিল নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর কর্তন না করা, নির্মাণ প্রতিষ্ঠানকে অগ্রিম বিল প্রদান এবং পরামর্শক প্রতিষ্ঠান থেকে ভ্যাট ও আয়কর কর্তন না করে বিল প্রদান করা। আবার কোন কোন ক্ষেত্রে প্রকল্পের বাজেট বর্হিভূত বিল প্রদান করা ইত্যাদি। এমতাবস্থায় উপযুক্ত প্রমাণক সহকারে জবাব প্রদানের মাধ্যমে অডিট আপত্তিগুলো নিস্পত্তি করার যথাযথ পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। উপরের সারণি ৩.৯ নিরীক্ষা অফিসের উত্থাপিত আপত্তিগুলো সন্নিবেশ করা হয়েছে।

৩.৫ প্রকল্পের প্রভাব মূল্যায়ন

৩.৫.১ প্রাপ্ত ফলাফল উপস্থাপন ও বিশ্লেষণ

প্রকল্পের প্রভাব মূল্যায়নের জন্য মাঠ পর্যায়ে সার্ভে বাস্তবায়ন করা হয়েছে। সার্ভের আওতায় মতামত জরিপ, কেআইআই, এফজিডি, স্পট পর্যবেক্ষণ, কেস স্টাডি ও স্থানীয় কর্মশালা আয়োজন করা হয়। প্রকল্পের প্রত্যক্ষ সুবিধাভোগীদের সাথে মতামত জরিপ, প্রকল্পের প্রধান প্রধান অংশীজনদের সাথে কেআইআই, প্রত্যক্ষ ও পরোক্ষ সুবিধাভোগীদের সাথে এফজিডি, প্রত্যক্ষ সুবিধাভোগীদের সাথে কেসস্টাডি, গুরুত্বপূর্ণ অংশীজনদের সাথে স্থানীয় পর্যায়ে মতবিনিময় কর্মশালা আয়োজন করা হয়েছে। উল্লিখিত উপায় এবং পদ্ধতিতে সংগৃহীত তথ্য ও উপাত্তসমূহ যথাযথ বিশ্লেষণ ও মূল্যায়ন করে প্রকল্পের মাধ্যমে অর্জিত ফলাফলসমূহের বর্ণনা প্রতিবেদনের এ অংশে সন্নিবেশিত হয়েছে।

"বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ (সংশোধিত)" শীর্ষক সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষায় প্রকল্পের অন্তর্ভুক্ত বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ও জেনারেল পোস্ট অফিসে কর্মরত কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এমন মোট ২৪০ জন, ডাক অধিদপ্তর ও জিপিও থেকে সেবা গ্রহণ করে এমন ১২০ জনসহ সর্বমোট ৩৬০ জন সুবিধাভোগীদের থেকে সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে। সেবা প্রদানকারী বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তরের মোট ১৫০ জন কর্মকর্তা-কর্মচারী/ সুবিধাভোগীদের হতে প্রাপ্ত ফলাফল নিম্নে বর্ণনা করা হলোঃ

৩.৫.২ সেবা সংক্রান্ত তথ্যাদি

বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তরের সেবার ধরণ সম্পর্কিত আলোচনায় দেখা যায় যে, শতভাগ উত্তরদাতা বলেছেন যে, লেটার পোস্ট, পার্সেল পোস্ট, ইনসিওরড পোস্ট, ক্যাশ অন ডেলিভারি, এক্সপ্রেস মেইল সার্ভিস, মানি ওর্ডার এন্ড পোস্টাল ওর্ডার, ওয়েস্টার্ন ইউনিয়ন মানি ট্রান্সফার সার্ভিস, পোস্ট অফিস সেভিংস ব্যাংক, পোস্টাল লাইফ ইনসুরেন্স, নন-জুডিশিয়াল স্ট্যাম্প সেবা প্রদান করা হয়। ১০০% লেটার পোস্ট, ১০০% পার্সেল পোস্ট, ১০০% ইনসিওরড পোস্ট, ৮০% ক্যাশ অন ডেলিভারি, ৮৬.৬৭% এক্সপ্রেস মেইল সার্ভিস, ১০০% মানি ওর্ডার এন্ড পোস্টাল ওর্ডার, ৯৩.৩৩% ওয়েস্টার্ন ইউনিয়ন মানি ট্রান্সফার সার্ভিস, ১০০% পোস্ট অফিস সেভিংস ব্যাংক,৯০%পোস্টাল লাইফ ইনসুরেন্স, ১০০% নন-জুডিশিয়াল স্ট্যাম্প সেবা প্রদানের কথা বলেছেন।

সারণি-৩৭: বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তরের সেবা সম্পর্কিত তথ্য

সেবাসমূহ	সংখ্যা	শতকরা হার
লেটার পোস্ট,	১৫০	১০০.০০
পার্সেল পোস্ট	১৫০	১০০.০০
ইনসিওরড পোস্ট	১৫০	১০০.০০
ক্যাশ অন ডেলিভারি	১২০	৮০.০০
এক্সপ্রেস মেইল সার্ভিস	১৩০	৮৬.৬৭
মানি ওর্ডার এন্ড পোস্টাল ওর্ডার	১৫০	১০০.০০
পোস্ট অফিস সেভিংস ব্যাংক	১৫০	১০০.০০
ওয়েস্টার্ন ইউনিয়ন মানি ট্রান্সফার সার্ভিস	১৪০	৯৩.৩৩
পোস্টাল লাইফ ইনসুরেন্স	১৩৫	৯০.০০
নন-জুডিশিয়াল স্ট্যাম্প	১৫০	১০০.০০
একাধিক উত্তর সংখ্যা	১৫০	



চিত্রঃ ৩১ বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তরের সেবা সম্পর্কিত তথ্য

সারণিঃ ৩৮ সেবা প্রদানের ক্ষেত্রে প্রশাসনিক সমস্যা সম্পর্কিত মতামত

বিবরণ	মতামত	সংখ্যা	শতকরা
প্রশাসনিক কার্যক্রম পূর্বের তুলনায় গতিশীল	হ্যাঁ	১৪২	৯৪.৬৭
প্রশাসনিক কার্যক্রম পূর্বের তুলনায় গতিশীল	না	০৮	৫.৩৩
	১৫০		

সারণি ৩৮ থেকে দেখা যায় যে, সেবা প্রদানের ক্ষেত্রে প্রশাসনিক কার্যক্রম আগের তুলনায় গতিশীল কি না এমন প্রশ্নের জবাবে প্রায় ৯৪.৬৭% উত্তরদাতা জানিয়েছেন আগের তুলনায় গতিশীল। অবশিষ্ট ৫.৩৩% জানিয়েছেন প্রশাসনিক কার্যক্রম আগের তুলনায় গতিশীল নয়।



চিত্রঃ ৩৩ সেবা প্রদানের ক্ষেত্রে প্রশাসনিক সমস্যা সম্পর্কিত মতামত

সারণিঃ ৩৯ সেবা প্রদানের ক্ষেত্রে সমস্যা সম্পর্কিত মতামত

বিবরণ	মতামত	সংখ্যা	শতকরা
সেবা প্রদানে সমস্যা আছে	হ্যাঁ	২২	১৪.৬৭
সেবা প্রদানে সমস্যা আছে	না	১২৮	৮৫.৩৩
	১৫০		

সারণি ৩৯ থেকে দেখা যায় যে, সেবা প্রদানের ক্ষেত্রে কোন সমস্যার সম্মুখীন হতে হয় কি না এমন প্রশ্নের জবাবে প্রায় ৮৫.৩৩% কর্মকর্তা-কর্মচারী জানিয়েছেন সমস্যা হয় না। অবশিষ্ট ১৪.৬৭% জানিয়েছেন সেবা প্রদানে সমস্যা হয়।

সেবা প্রদানের ক্ষেত্রে সমস্যা সম্পর্কিত মতামত



চিত্রঃ ৩৪ সেবা প্রদান সম্পর্কিত মতামত

সেবা প্রদানে সমস্যার ধরণ সম্পর্কিত মতামত

সারণি-৪০ এ দেখা যায় যে, সমস্যা হিসেবে ৮৪.৭% জানিয়েছেন ক্যান্টিন, ৫৮.০০% বলেছেন রিসিপিশনে অতিথিদের বসার জায়গা নেই, প্রায় ৮৩.৩% জানিয়েছেন প্রতি তলায় নামাজের জায়গা নেই, মাঠ পর্যায়ে কিছু সমস্যা হয় জনপ্রতিনিধিদের কারণে এবং জনবল সমস্যার কথাও উল্লেখ করেছেন। বিস্তারিত সারণি-৩৫ এ দেখানো হলো-

সারণি-৪০ সেবা প্রদানে সমস্যা সম্পর্কিত মতামতের তথ্য

সমস্যার ধরন	সংখ্যা	শতকরা
ক্যান্টিন নেই	৮০	৮৪.৭
রিসিপশনে অতিথিদের বসার জায়গা	৫৫	৫৮.০০
প্রতি তলায় নামাজের জায়গা নেই	৭৯	৮৩.৩
জনবল সমস্যা	২২	২৩.৫
নিচ তলায় মসজিদের ওযুখানার আলাদা প্রবেশ পথ নেই	৪	৪.৫
একাধিক উত্তর সংখ্যা	২২	

বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবন নির্মাণের ফলে বিভিন্ন সেবা প্রদানে যে সকল সুযোগ-সুবিধা সৃষ্টি হয়েছে এ বিষয়ে উপকারভোগী অফিসের কর্মকর্তাগণ জানিয়েছেন যে, ভবন নির্মাণের হলে একই ভবনে বিভিন্ন সেবা দেওয়া যাবে প্রায় ৯৬.৬৭%, সেবা গ্রহীতাদের মাঝে দ্রুত সেবা প্রদান করা যাচ্ছে বলেছেন ৮৬.৬৭%, অবকাঠামো উন্নয়ন হয়েছে বলেছেন ১০০%, প্রতিবন্ধীদের সেবা গ্রহণে সুবিধা হয়েছে বলেছেন ৯৮%, সেবা গ্রহীতাদের জন্য আলাদা বসার রুম হয়েছে বলেছেন ৮৪%, অবকাঠামো উন্নয়ন হবে বলেছেন ১০০%। বিস্তারিত সারণি -৪১ এ দেখানো হলো-

সারণি-৪১: বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবন নির্মাণের ফলে সুযোগ-সুবিধার তথ্য

সুযোগ-সুবিধা	সংখ্যা	শতকরা
একই ভবনে বিভিন্ন সেবা দেয়া	১৪৫	৯৬.৬৭
সেবা গ্রহীতাদের মাঝে দ্রুত সেবা প্রদান করা যাচ্ছে	১৩০	৮৬.৬৭
অবকাঠামো উন্নয়ন হয়েছে	১২৮	৮৫.৩৩
জমি অধিগ্রহণের প্রয়োজন নেই বলে সরকারের রাজস্ব বেড়েছে	১৩০	৮৬.৬৭
প্রতিবন্ধীদের সেবা নিতে সুবিধা হয়েছে	১৪৭	৯৮
সেবা গ্রহীতাদের জন্য আলাদা বসার রুম হয়েছে	১২৬	৮৪
কর্ম পরিবেশের মান বৃদ্ধি পেয়েছে	১৫০	১০০
ডে-কেয়ার সেন্টার হয়েছে	১৩৬	৯০.৬৭
আইটি সেল/ল্যাব হয়েছে	১৫০	১০০
জাতীয় এবং আন্তর্জাতিক কল সেন্টারে ভোক্তার সেবার মান বেড়েছে	১২৩	৮২
একাধিক উত্তর সংখ্যা	১৫০	

বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবন নির্মাণের ফলে অফিস রুম সেবা প্রদানে সহায়ক কি না এমন প্রশ্নে উত্তরদাতার বিভিন্ন জবাব দিয়েছেন। সারণ- ৪১ এর তথ্য বিশ্লেষণে দেখা যায় যে, শতকরা ৯৭.৬০ ভাগ উত্তরদাতা পর্যাপ্ত আসবাবপত্র/সরঞ্জামাদি আছে বিষয়ে মতামত দিয়েছেন। রুমের স্পেস পর্যাপ্ত বিষয়ে মত দিয়েছেন শতকরা ৯৯.৪০ ভাগ উত্তরদাতা। শতকরা প্রায় ৮৫.৭০ ভাগ তাদের অফিসে পর্যাপ্ত জনবল অছে বলে মন্তব্য করেছেন।



চিত্র

৩.৭ বর্তমান ডাক অধিদপ্তর ভবনে অফিস রুম সেবা প্রদানে সহায়ক সম্পর্কিত তথ্য

সারণি-৪২ এ ডাক অধিদপ্তর ভবন নির্মাণের ফলে অধিদপ্তরের সকল ইভেন্ট/প্রোগ্রামসমূহ নির্বাহ সম্পর্কিত মতামত

উত্তরদাতাদের নিকট ডাক অধিদপ্তর ভবন নির্মাণের ফলে অধিদপ্তরের সকল ইভেন্ট/প্রোগ্রামসমূহ নির্বাহ সম্পর্কিত মতামত জানতে চাওয়া হয়। এ বিষয়ে শতকরা ১০০ ভাগ উত্তরদাতা আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত মিটিং রুমের ব্যবস্থা হয়েছে বলে মত দিয়েছেন, শতকরা ৯৭.৩৩ ভাগ আধুনিক ট্রেনিং রুমের কারণে একসঙ্গে অনেক লোক প্রশিক্ষণ নিচ্ছে বলে মত দিয়েছেন, শতকরা ৮৮ ভাগ নিজস্ব ভবনে আধুনিক কনফারেন্স রুমের ফলে জাতীয় ও আন্তর্জাতিক ইভেন্ট/প্রোগ্রামসমূহের গতিশীলতা বেড়েছে বলে মত দিয়েছেন।

সারণি-৪২: বাংলাদেশ ডাক অধিদপ্তরের ইভেন্ট/প্রোগ্রামসমূহের তথ্য

মতামত	সংখ্যা	শতকরা
আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত মিটিং রুমের ব্যবস্থা হয়েছে	১৫০	১০০
আধুনিক ও বিশাল ট্রেনিং রুমের কারণে একসঙ্গে অনেক লোক প্রশিক্ষণ নিচ্ছে	১৪৬	৯৭.৩৩
নিজস্ব ভবনে আধুনিক কনফারেন্স রুমের ফলে জাতীয় ও আন্তর্জাতিক ইভেন্ট/প্রোগ্রামসমূহের গতিশীলতা বেড়েছে	১৩২	৮৮
গবেষণা ও উন্নয়নের মান বেড়েছে	১৫	৫.২৮
একাধিক উত্তর সংখ্যা	১৫০	

বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবন নির্মাণের ফলে আন্তর্জাতিক পরিসরে অধিদপ্তরের ভাবমূর্তি সম্পর্কিত মতামত জানতে চাওয়া হয়। এ বিষয়ে শতকরা ১০০ ভাগ আন্তর্জাতিক পরিমন্ডলে ডাক অধিদপ্তরের সুনাম বেড়েছে বলে মতামত দিয়েছেন, শতকরা ৫০ ভাগ গ্লোবাল ডাক ফোরামে ডাক অধিদপ্তরের অংশগ্রহণ বেড়েছে বলে মতামত দিয়েছেন এবং শতকরা ৪০ ভাগ ডাক অধিদপ্তরের কার্যক্রম আন্তর্জাতিক মানদন্ড অনুসারে করার প্রেরণা বেড়েছে বলে মতামত দিয়েছেন।

সারণি- ৪৩: বাংলাদেশ ডাক অধিদপ্তরের সুনাম সংক্রান্ত তথ্য

মতামত	সংখ্যা	শতকরা
আন্তর্জাতিক পরিমন্ডলে ডাক অধিদপ্তরের সুনাম বেড়েছে	১৫০	১০০
গ্লোবাল ডাক ফোরামে ডাক অধিদপ্তরের অংশগ্রহণ বেড়েছে	৭৫	৫০
ডাক অধিদপ্তরের কার্যক্রম আন্তর্জাতিক মানদন্ড অনুসারে করার প্রেরণা বেড়েছে	৬০	৪০
একাধিক উত্তর সংখ্যা	১৫০	

ভবন নির্মাণ কাজের গুণগত মান সম্পর্কে ধারণা আছে কি না সে সম্পর্কিত মতামত চাওয়া হয়। এ প্রেক্ষিতে ৮৩.৩৩% উত্তরদাতা বলেছেন নির্মাণকারী প্রতিষ্ঠান গুণগতমান ঠিক রেখেই কাজটি সম্পন্ন করেছে, ৫৭.৩৩% উত্তরদাতা বলেছেন পরামর্শক প্রতিষ্ঠান নিয়মিত তদারকী করেছেন এবং ৯৪.৬৭% উত্তরদাতা বলেছেন ডাক অধিদপ্তরের নিজস্ব জনবল নিয়মিত তদারকী করেছেন।

সারণি-৪৪: বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবন নির্মাণ কাজের গুণগত তথ্য

মতামত	সংখ্যা	শতকরা
নির্মাণকারী প্রতিষ্ঠান গুণগতমান ঠিক রেখেই কাজটি সম্পন্ন করেছে	১২৫	৮৩.৩৩
পরামর্শক প্রতিষ্ঠান নিয়মিত তদারকী করেছেন	৮২	৫৭.৩৩
ডাক অধিদপ্তরের নিজস্ব জনবল নিয়মিত তদারকী করেছেন	১৪২	৯৪.৬৭
একাধিক উত্তর সংখ্যা	১৫০	

চিত্রঃ ৪০ বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবন নির্মাণ কাজের গুণগত তথ্য

৩.৫.৩ উপকারভোগী হতে প্রাপ্ত ফলাফল পর্যালোচনা

৩.৫.৪ উত্তরদাতাদের পুরুষ/মহিলা অনুপাত, শিক্ষাগত যোগ্যতা এবং পেশা

বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবন নির্মাণের ফলে উপকারভোগীরা সকল সেবা সঠিকভাবে পাবে কি না এ বিষয়ে প্রশ্নপত্রের মাধ্যমে উপস্থাপন করা হয়েছে। এ বিষয়ে ৩৮৪ জন উত্তরদাতার মধ্যে ১৮৯ জন (৪৯.২২%) পুরুষ এবং ১৯৫ জন (৫০.৭৮%) মহিলা। এদের মধ্যে সর্বোচ্চ ৩২.৫৫% উত্তরদাতার বয়স ৪৯ বছরের মধ্যে, ৩১.৭৭% উত্তরদাতার বয়স ৩৩-৪২ বছরের মধ্যে এবং বাকি ৩৫.৬৮% উত্তরদাতার বয়স বিভিন্ন বছরের মধ্যে। বিস্তারিত সারণি- ৪৫, ও সারণি-৪৬ এ দেওয়া হলো-

সারণি-৪৫ উত্তদাতাদের লিঙ্গ পরিচয়ের তথ্য

মতামত	সংখ্যা	শতকরা হার
পুরুষ	১৮৯	৪৯.২২
মহিলা	১৯৫	৫০.৭৮
মোট	৩৮৪	১০০.০০

সারণি-৪৬ উত্তদাতাদের বয়সের তথ্য

বয়স	সংখ্যা	শতকরা হার
২২-৩২ বছর	৬২	১৬.১৫
৩৩-৪২ বছর	১২২	৩১.৭৭
৪৩-৪৯ বছর	১২৫	৩২.৫৫
৫০-৫৯ বছর	৭৫	১৯.৫৩
মোট	৩৮৪	১০০.০০

৩.৫.৫ প্রকল্পটি বাস্তবায়নের ফলে সুযোগ সুবিধা বিষয়ক সৃষ্ট প্রভাব পর্যালোচনা

মাঠ জরিপের ফলাফল হতে

- উত্তরদাতাদের ৯৪.৬৭% বলেন যে, প্রকল্পের অধীনে বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর নির্মাণের ফলে অপারেটিং বিভাগ থেকে প্রশাসনিক বিভাগ আলাদা করার মাধ্যমে প্রশাসনিক কার্যক্রম পূর্বের তুলনায় অনেক গতিশীল হয়েছে। আগের তুলনায় ভোক্তারা সহজেই সেবা নিতে পারছে। কর্ম পরিবেশ এবং কাজের গতি বেড়েছে।
- প্রকল্পের মাধ্যমে নির্মিত সদর দপ্তর ভবনটি একটি নান্দনিক ভবন হিসেবে পরিচিতি লাভ করেছে। সুউচ্চ ভবনটি প্রকৃতির সৌন্দর্যের প্রতীক হিসেবে মনোরম পরিবেশের সৃষ্টি করেছে বিধায় ডাক অধিদপ্তরটি জাতীয় ও আন্তর্জাতিকভাবে একটি আলাদা নিজস্ব পরিচিতি লাভ করেছে।
- উত্তরদাতাদের ৮৫.৩৩% বলেন যে, ভবনটি নির্মাণের ফলে সেবা প্রদানে কোন সমস্যা নেই। বরং সেবাদানের গতি আগের তুলনায় বহুগুণে বৃদ্ধি পেয়েছে। তবুও ১৪.৬৭% উত্তরদাতা কিছু কিছু সমস্যার কথা বলেছেন। তারমধ্যে ক্যান্টিনের সমস্যা, মহিলাদের আলাদা ওযুখানা ও নামাজের জায়গা উল্লেখযোগ্য।
- নিরাপদ ও সুন্দর পরিবেশে আধুনিক সুযোগ সুবিধা সমন্বয়ে ভবনটি নির্মাণের ফলে মনোরম কর্ম পরিবেশের মাধ্যমে কর্মকর্তা- কর্মচারীদের মধ্যে কর্মস্পৃহা বৃদ্ধি পাওয়ায় অধঃস্তন অফিসের প্রশাসনিক স্বচ্ছতা ফিরে এসেছে এবং সময়ের অপচয়রোধ ও রাজস্ব আয় বেড়েছে। উত্তরদাতাদের মধ্যে ৮৫.৩৩% বলেন মূল অবকাঠামোর ভিতরের ফিনিশিং কাজ ভাল (টাইলস্ দরজা জানালা ইত্যাদি)। ১০০% উত্তরদাতা জানান যে, পর্যাপ্ত আলো বাতাস,রুমের স্পেস এবং আসবাবপত্র আধুনিক মানসম্মত।
- ৮২% উত্তরদাতা মনে করেন যে, নিজস্ব ভবনে জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে কল সেন্টার স্থাপন ও ভোক্তাদের সেবার মান উন্নতকরণের মাধ্যমে রাজস্ব আয় বেড়েছে। ভবনটি নির্মাণের ফলে আয়-বর্ধক নতুন নতুন কর্মসূচি গ্রহণে সুবিধা হয়েছে।
- উত্তরদাতাদের ৯৭.৩৩% বলেন যে, আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত মিটিং/ট্রেনিং সেন্টার নির্মাণের ফলে এক সাথে অনেক সদস্য প্রশিক্ষণ গ্রহণ করতে পারছে এবং সরকারের রাজস্ব বাড়ছে এবং সময়ের অপচয় রোধ হচ্ছে।
- ১০০% উত্তরদাতা মনে করেন যে, বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণের ফলে ডাক বিভাগের সুনাম আন্তর্জাতিক পরিমন্ডলে বহুগুণে বৃদ্ধি যা ডাক বিভাগের একটি ইতিবাচক দিক।

৩.৫.৬ কী ইনফরমেন্টস ইন্টারভিউ (KII)

ডাক,টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ডাক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ (সংশোধিত)" শীর্ষক সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন সম্পর্কে ধারনা যাচাই করার উদ্দেশ্যে ঢাকা বিভাগের ২টি সিটি কর্পোরেশন এলাকার ৪টি ওয়ার্ডে অবস্থিত মন্ত্রণালয়,ডাক অধিদপ্তর, জিপিও প্রকল্প অফিসের কর্মকর্তাবৃন্দ বা ইনচার্জদের সাথে কেআইআই পরিচালনা করা হয়। প্রতিটি কেআইআই-এ ১-৩ জন রেসপনডেন্ট ছিল। পরামর্শকদল প্রকল্পের কর্মকর্তাবৃন্দ ও সংশ্লিষ্ট ব্যক্তিদের নিয়ে অনুসন্ধানীমূলক আলোচনা ও পরামর্শক সভা করে, যেখানে প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে। আবার প্রকল্পের প্রধান সংগ্রাহকসত্তা, প্রকল্প পরিচালক, উপ- প্রকল্প পরিচালক, বিভাগীয় ডাক কর্মকর্তা, জেলা ডাক কর্মকর্তা, এবং প্রকল্পের অন্যান্য কর্মকর্তাবৃন্দের সাথে প্রকল্পের পরামর্শকদল প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলাদাভাবে আলোচনার আয়োজন করে এবং আশে পাশের সরকারি-বেসরকারি অফিসের কর্মকর্তাবৃন্দের মাধ্যমেও তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রকল্প পরিচালক মহোদয় প্রকল্পের পটভূমির আলোচনায় বর্তমান মাননীয় প্রধানমন্ত্রীর ভূয়সী প্রশংসা করেন। কারণ বর্তমান মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক আলোচ্য প্রকল্পটি ডাক,টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ ডাক অধিদপ্তর বাস্তবায়ন করছে।

KII ও পরামর্শ সভার আলোচনা এবং ছকে প্রাপ্ত তথ্য ও মতামতগুলো নিম্নে উপস্থাপন করা হলো।

স্থির চিত্র-১০: কেআইআই, তত্ত্বাবধায়ক প্রকৌশলী এবং সুপারভিশন প্রকৌশলী, বাংলাদেশ ডাক অধিদপ্তর

প্রকল্পের মাধ্যমে ঢাকা বিভাগের উত্তর সিটিকর্পোরেশনের আগারগাঁও এ মনোরম পরিবেশে ডাক বাক্সের মডেলে একটি আইডেনটিক্যাল বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ করা হয়েছে। ভবন নির্মাণের ফলে ডাক অধিদপ্তর তার নিজস্ব Identity ফিরে পেয়েছে। ভবনটির বাহিরের আউটলুক যে কোন পথিককে মুগ্ধ করে। নিম্নে কেআইআই থেকে প্রাপ্ত তথ্য উপস্থাপন করা হলো:

- বাংলাদেশ ডাক অধিদপ্তরের নির্মিত ভবনটি একটি আধুনিক নকশায় তৈরী এবং ডাক বাক্সের ন্যায় একটি আইডেনটিক্যাল মডেল।
- গুণগতমান অক্ষুন্নরেখে ভবনটি ২টি বেইজমেন্টসহ ১৪ তলা বিশিষ্ট নির্মাণ করা হয়েছে। টপ ফ্লোর স্টিল স্ট্রাকচার দ্বারা নির্মিত।
- ভবনটি নির্মাণের ফলে প্রশাসনিক বিভাগ থেকে অপারেটিং বিভাগ আলাদা করার ফলে অধিদপ্তরের প্রশাসনিক কাজ আগের তুলনায় স্বচ্ছ ও গতিশীল হয়েছে।
- কর্মকর্তা-কর্মচারীদের কাজের পরিবেশ মানসম্মত হয়েছে এবং কাজের গতি বেড়েছে।

- কাজের পরিবেশ ভাল বিধায় অফিসে কর্মচারীদের পৌছাতে এখন আর বিলম্ব হয় না।
- গ্লোবাল ডাক ফোরামে ডাক বিভাগের অংশগ্রহণ আগের তুলনায় বেড়েছে।
- আধুনিক সুযোগ সুবিধার সমন্বয়ে ও বিশাল পরিসরে কনফারেন্স রুম নির্মাণ করার ফলে জাতীয় এবং আন্তর্জাতিক ইভেন্ট এর সংখ্যা বেড়েছে এবং একসঙ্গে অনেক লোক প্রশিক্ষণ গ্রহণ করে তাদের কর্মদক্ষতা বৃদ্ধি করতে পারছে।
- ভোক্তা সাধারণ পূর্বের তুলনায় বেশি সেবা নিতে পারছে। আধুনিক লিফটের কারণে প্রতিবন্ধীদের সেবা নিতে সহজ হয়েছে।
- ভবনটিতে জাতীয় এবং আন্তর্জাতিক কল সেন্টার স্থাপনের মাধ্যমে ভোক্তা সাধারণের সেবা সহজতর হয়েছে।
- ভবনটি নির্মাণের ফলে আন্তর্জাতিক পরিমন্ডলে বাংলাদেশ ডাক অধিদপ্তরের সুনাম বেড়েছে।

পর্যালোচনা

কেআইআই এর তথ্য পর্যালোচনা করে জানা যায় যে, ডাক,টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ডাক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "বালাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ (সংশোধিত)" শীর্ষক সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন কার্যক্রমে ডাক অধিদপ্তর, সরকারি-বেসরকারি অন্যান্য অফিস, এলাকার জনগণ বিশেষভাবে ডাক অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দের আগ্রহ আছে। ভোক্তা সাধারণের সেবার মান উন্নত হয়েছে। প্রভাব মূল্যায়নে দেখা গেছে যে, মুখ্য ব্যক্তিবর্গ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণে উৎসাহিত হয়েছেন। ভবনটি নির্মাণের ফলে, প্রশাসনিক বিভাগ থেকে অপারেটিং বিভাগ আলাদা করার ফলে অধিদপ্তরের প্রশাসনিক কাজ আগের তুলনায় স্বচ্ছ ও গতিশীল হয়েছে। কর্মকর্তা-কর্মচারীদের কাজের পরিবেশ মানসম্মত হয়েছে এবং কাজের গতি বেড়েছে। আন্তর্জাতিক পরিমন্ডরে বাংলাদেশ ডাক অধিদপ্তরের সুনাম বৃদ্ধি পেয়েছে।

ভবনটিতে জাতীয় এবং আন্তর্জাতিক কল সেন্টার স্থাপনের মাধ্যমে ভোক্তা সাধারণের সেবা সহজতর হয়েছে । বাস্তবায়িত প্রকল্পটি বর্তমান মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক ডাক,টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতায় ডাক অধিদপ্তর বাস্তবায়ন করেছেন।

৩.৫.৭ ফোকাস গ্রুপ আলোচনা (FGD)

ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ডাক অধিদপ্তর অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত বালাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ (সংশোধিত)" শীর্ষক সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন কার্যক্রম সম্পর্কে ধারনা যাচাই করার উদ্দেশ্যে প্রভাব মূল্যায়ন কার্যক্রমের অধীনে উপকারভোগীদের নিয়ে মোট ৮টি এফজিডি পরিচালিত হয়। প্রতিটি এফজিডিতে ০৮-১০ জন অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন।

এফজিডিতে অংশগ্রহণকারী সদস্যদের সাথে বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণের মাধ্যমে অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন আধুনিক সুযোগ সুবিধা, ডাক বিভাগের প্রশাসনিক ব্যবস্থা, জাতীয় ও আন্তর্জাতিক পরিমন্ডলে ডাক বিভাগের বিভিন্ন ধরণের কার্যক্রম এবং সেবার মান সর্বোপরি তাদের নিজস্ব স্বকীয়তা ফিরে পাওয়া ইত্যাদি বিষয়সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

স্থির চিত্র-১১: দলীয় আলোচনা বাংলাদেশ ডাক অধিদপ্তর এবং জিপিও

ফোকাস গ্রুপ আলোচনার (FGD) বিষয়বস্তু ও মতামত নিম্নে সন্নিবেশিত করা হলো-

- প্রকল্পের মাধ্যমে ২টি বেজসেন্টসহ ১৪ তলা বিশিষ্ট ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবন নির্মিত হয়েছে। অধিদপ্তর তার নিজস্ব Identity ফিরে পেয়েছে। আগে অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের জিপিও'র পরিচয়ে চলতে হতো।
- প্রকল্পটি বাস্তবায়নের ফলে কর্মকর্তা-কর্মচারীদের মান সম্মত রুমের স্পেসের সমস্যার সমাধান হয়েছে, কর্ম পরিবেশ সুন্দর হওয়ার জন্য কাজের স্পৃহা বেড়েছে এবং সময়মত অফিসে আসছে, কর্মকর্তা-কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধির কারণে কাজের মান ও গতি বেড়েছে ইত্যাদি।
- প্রশাসনিক বিভাগকে অপারেটিং বিভাগ থেকে আলাদা করা সম্ভব হয়েছে এবং প্রশাসনিক কার্যক্রম সহজতর হয়েছে। পূর্বে ১২ হতে ১৩টি অপারেটিং বিভাগের সাথে প্রশাসনিক বিভাগ একত্র থাকার কারণে প্রশাসন তার নিজস্ব অবয়বে চলতে পারতো না এবং রুমের স্পেসও ছিল কম।
- প্রকল্পটি বাস্তবায়নের ফলে আন্তর্জাতিক পরিমন্ডলে ডাক অধিদপ্তরের সুনাম বৃদ্ধি পেয়েছে। জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন ধরনের ইভেন্ট বাস্তবায়নে সহায়ক হয়েছে। কল সেন্টারে ভোক্তা সাধারণের সেবার মান বৃদ্ধি পেয়েছে।
- ভবনটি আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত হওয়ায় এবং একাধিক কনফারেন্স রুম থাকায় এক সাথে অনেক সদস্য প্রশিক্ষণ নিতে পারছে। ডে-কেয়ার সেন্টার থাকার কারণে মহিলা কর্মকর্তা-কর্মচারীরা কাজে অধিক মনোযোগী হতে পারছে। সুবিধাভোগীরা জানান যে, ক্যান্টিনের জন্য নিদিষ্ট রুম বরাদ্দ থাকলে ও উহা চালুর উদ্যোগ গ্রহণ করা হয়নি।
- দর্শনার্থী/ সেবাপ্রার্থীদের আলাদা বসার রুম থাকার কারণে কাজের পরিবেশ আরো মানসম্মত হয়েছে। সুবিধাভোগীরা জানান যে মহিলাদের জন্য আলাদা ওযুখানাসহ নামাজের স্থান প্রয়োজন।

পর্যালোচনা

এফজিডির তথ্য পর্যালোচনা করে জানা যায় যে, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ডাক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "বালাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ (সংশোধিত)" শীর্ষক সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন কার্যক্রমে ডাক অধিদপ্তর, সরকারি অফিস, এলাকার জনগণ বিশেষভাবে ডাক অধিদপ্তরের কর্মচারীবৃন্দের আগ্রহ আছে। প্রকল্প থেকে ভোক্তা সাধারণ উন্নত সেবা পাচ্ছেন। প্রভাব মূল্যায়নে দেখা গেছে যে, অধিদপ্তর এবং জিপিও'র কর্মচারীবৃন্দ, ভোক্তা সাধারণ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণে উৎসাহিত হয়েছেন এবং মূল্যবান মতামত পেশ করেছেন। প্রশাসনিক কার্যক্রম সহজতর হওয়ার কারণে ভোক্তা সাধারণের সেবা নেওয়া সহজ হয়েছে। অধিদপ্তরের সর্বস্তরের কাজের পরিবেশ এবং তাদের কাজের দক্ষতা বৃদ্ধি পাওয়ার পাশাপাশি কাজের গতি বেড়েছে। ডাক অধিদপ্তরের সুনাম বৃদ্ধি পেয়েছে। আন্তর্জাতিক পরিসরে ডাক বিভাগের অংশগ্রহণ বেড়েছে। কিছু সমস্যার কথা এফজিডিতে আলোচনা হয়েছে। তার মধ্যে উল্লেখযোগ্য হলো ক্যান্টিন চালু করা, মহিলাদের আলাদা ওযুখানা ইত্যাদি।

৩.৫.৮ স্থানীয় পর্যায়ের কর্মশালা

গত ১২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ রোজ রবিবার সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আগারগাঁও এ অবস্থিত বাংলাদেশ ডাক অধিদপ্তরের ৪র্থ তলায় মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষে স্থানীয় পর্যায়ের মতবিনিময় কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন জনাব তরুন কান্তি সিকদার, মহাপরিচালক, ডাক অধিদপ্তর। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে ছিলেন জনাব মুহাম্মদ আবদুল হান্নান, মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়।

স্থির চিত্র-১২: স্থানীয় পর্যায়ে কর্মশালা, বাংলাদেশ ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা

কর্মশালায় বিশেষ অতিথি হিসেব উপস্থিত ছিলেন জনাব এস এম শাহাব উদ্দিন, অতিরিক্ত মহাপরিচালক, ডাক অধিদপ্তর, কর্মশালায় বিশেষ অতিথি হিসেব আরও উপস্থিত ছিলেন জনাব এস এম নাজিম উদ্দিন পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, জনাব ডঃ মোঃ মনিরুজ্জামান পরিচালক, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় এবং জনাব মোহাঃ আকবর আলী,

উপপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। এছাড়াও উক্ত কর্মশালায় উপস্থিত ছিলেন অধিদপ্তরের পরিচালকবৃন্দ, অধিদপ্তরের বিভিন্ন শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দসহ, ঠিকাদার ও পরামর্শক প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

সভার শুরুতে ইঞ্জিনিয়ার মোঃ মো:ইমরুল কায়েস, টিম লিডার, ইনোভেটিভ ইঞ্জিনিয়ারস্ "বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ (সংশোধিত)" শীর্ষক সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা দেন এবং মাঠ পর্যায়ের এ যাবৎকৃত মূল্যায়ন কার্যক্রমের উপর গৃহীত বিভিন্ন কার্যাবলী উপস্থাপন করেন। পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় এর মহাপরিচালক জনাব মুহাম্মদ আবদুল হান্নান সভায় ব্যক্তিবর্গের বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান করেন। পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় এর পরিচালক জনাব ডঃ মোঃ মনিরুজ্জআমান, প্রকল্পের সামাজিক প্রভাব মূল্যায়নের উপর আলোচনা করেন। পরবর্তী সময়ে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কর্মশালায় উপস্থিত সদস্যবৃন্দের কাছ থেকে প্রকল্প সংশ্লিষ্ট মতামত ও প্রশ্ন আহবান করা হয় এবংউম্মুক্ত আলোচনা করা হয়। উক্ত কর্মশালা থেকে মতামতের ভিত্তিতে প্রাপ্ত ফলাফলসমূহ নিম্নে সংক্ষিপ্ত আকারে তুলে ধরা হলো-

- পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় এর মহাপরিচালক জনাব মুহাম্মদ আবদুল হান্নান প্রাপ্ত ড্রইং ডিজাইনের ভিত্তিতে অবকাঠামোর মূল্যায়ন করার মতামত পেশ করেন। তিনি ভবনের অবকাঠামোর ত্রুটি নির্ণয়ে পরামর্শক প্রতিষ্ঠানকে বিভিন্ন ধরণের প্রশ্নের আলোকে নির্দেশনা দেন। তিনি আরও বলেন যে, বৈদ্যুতিক আর্থিং অবস্থা, কানেকশন পয়েন্ট, বৈদ্যুতিক ক্যাবল, ফায়ার সংক্রান্ত বিভিন্ন তথ্য যথাযথভাবে প্রতিবেদনে সন্নিবেশ করা প্রয়োজন।। অপর এক প্রশ্নের জবাবে তিনি বলেন যে গ্লাসের দরজায় দ্বিতীয়বার ছিদ্র করলে গ্লাসের স্থায়ীত্ব কমে যায়। জিপিও-তে কারেন্ট বিল অধিদপ্তরকে বহন করতে হতো না। সদর দপ্তর নির্মাণের ফলে অধিদপ্তরকে কারেন্টের বিল প্রদান করা হচ্ছে বিধায় বরাদ্দ থাকা প্রয়োজন।
- পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় এর পরিচালক জনাব ডঃ মোঃ মনিরুজ্জামান প্রকল্পের সামাজিক প্রভাবের বিষয়টি উল্লেখ করেন।
- বাংলাদেশ ডাক অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক মহোদয় প্রকল্পের কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন। তিনি জানান যে, বাহির থেকে ভবনটি অনেক সুন্দর হলেও ভিতরের রুমগুলো তেমন মানসম্মত নয়। রুমের সংখ্যার আধিক্য থাকলেও প্রতিটি একই মর্যাদার কর্মকর্তার রুমের সাইজ বিভিন্ন রকমের। এসির পানির নির্গমনের জন্য আলাদা পথ না থাকার কারণে এসির পানিতে রুম স্যাঁতসেতে হয়ে যায়। বাথরমের কমোড এবং দরজা মানসম্মত নয়।
- পরিচালক (স্টাম্প), ডাক অধিদপ্তর মহোদয় জানান যে, ভবনটি বাস্তবিকভাবে আধুনিক স্থাপত্য নকশায় তৈরী একটি দৃষ্টিনন্দন ভবন। অধিদপ্তর তার নিজস্ব পরিচয় ফিরে পেয়েছে।এ প্রসঙ্গে তিনি বলেন যে, পূর্বে অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের জিপিও এর পরিচয়ে চলতে হতো কিন্তু বর্তমানে অধিদপ্তরের সদর দপ্তর তার স্বকীয় অস্তিত্বে ভরপুর। ফলে কর্মকর্তা-কর্মচারীদের মানসিক প্রশান্তি ফিরে পেয়েছে।কাজের মান ও গতি উভয়ই বেড়েছে এবং সেবার মান আন্তর্জাতিক কার্যক্রমের মানদন্ডের সাথে তুলনীয়।

- সভায় উপস্থিত পরিচালক (আইটি সেল) জানান যে, ভবনটি নির্মাণের ফলে আধুনিক আইটি ল্যাব স্থাপন করা হয়েছে। কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণের মাধ্যমে তাদের কর্মদক্ষতা বৃদ্ধি পাচ্ছে। তথ্যের অবাধ প্রবাহে কোন প্রকার বাঁধার সৃষ্টি হচ্ছে না। অর্থ্যাৎ ভোক্তা সাধারণ সহজেই যে কোন তথ্য পেয়ে যাচ্ছে। ভবনটি সুউচ্চ হওয়ায় প্রথম দিকে নেটওয়াকর্কের সংযোগে সমস্যা দেখা দিয়েছিল পরে এ্যাডভান্স ক্যাবল নেওয়ার্ক টেকনোলজির ব্যবহারের মাধ্যমে সেটির সমাধান করা হয়।কিন্তু এ বিষয়ে স্থায়ী সমাধানের নিমিত্ত ভবিষ্যতে এ খাতে বাজেট বরাদ্দ প্রয়োজন।
- সভায় উপস্থিত প্রকল্প কাজে নিয়োজিত ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তারা জানান যে, নির্মাণ কাজের গুণগত মান বজায় রেখেই চলমান কাজ হয়েছে। এছাড়াও জানান যে, চলমান কাজের কংক্রিট টেস্ট, রড টেস্ট, বালু টেস্টসহ অন্যান্য সব উপকরণের ল্যাব টেস্ট করা হয়েছে এবং কনসাল্টিং ফার্ম কর্তৃক নিয়মিত তদারকি করা হয় বলে জানানো হয়।
- সভায় উপস্থিত ডাক অধিদপ্তরের তত্বাবধায়ক প্রকৌশলী জানান যে, ভবনটি প্রথম পর্যায়ে ৮তলা পর্যন্ত নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। পরে মাননীয় প্রধানমন্ত্রীর অভিপ্রায়ে বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবনটি একটি আইডেন্টিক্যাল ডাকবাক্সের মডেলে নির্মাণের সিদ্ধান্ত হয়। সেই কারণে ভবনটির ভার্টিক্যাল সম্প্রসারণের প্রয়োজনীয়তা দেখা দেয়। তারপর পরামর্শক প্রতিষ্ঠানসহ অভিজ্ঞ প্রকৌশলীদের সুপারিশক্রেমে ভবনটি ১৪তলা বিশিষ্ট করার সর্বশেষ সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি আরো জানান অধিদপ্তরে প্রকৌশলীদের স্বল্পতার কারণে অনেক সময় ভবনটির নির্মাণকালীন সময়ে প্রকৌশলীদের অতিরিক্ত দায়িত্ব পালন করতে হয়েছে।
- সভায় উপস্থিত ডাক অধিদপ্তরের অপর তত্বাবধায়ক প্রকৌশলী জানান যে, ভবনটির চারদিকের ওয়াল কাঁচের দ্বারা আবদ্ধ এবং উপরের ছাদ সদৃশ্য ক্যাপটি সম্পূর্ণ স্টিল স্ট্রাকচার দ্বারা নির্মিত হওয়ায় বাহির দিয়ে কোন জরুরি নির্গমনের সিঁড়ি নির্মাণ করা যায়নি। বাহির দিয়ে কোন জরুরি নির্গমনের সিঁড়ি নির্মাণ করা হলে ভবনের আউটলুকিং এর মান ঠিক থাকবে না।
- সভায় উপস্থিত ডাক অধিদপ্তরের অফিস সহকারী জানান যে, সুউচ্চ ভবনটি নান্দনিক এবং মনোরম পরিবেশে অবস্থিত। কিন্তু ইহার কিছু কিছু ক্ষেত্রে ত্রুটি বিদ্যমান। যেমন ফলস ছাদ এবং ফ্লোরের টাইলস্ মান সম্মত নয়। ভবনের ক্যান্টিনটি এখনও চালু না হওয়ায় বেশি দামে কোস্ট গার্ডের ক্যান্টিন থেকে খাবার খেতে হয়। ভবনের মসজিদের ওযুখানার জন্য আলাদা প্রবেশ পথ প্রয়োজন। মহিলাদের জন্য আলাদা ওযুখানাসহ নামাজের স্থান দরকার।
- সর্বশেষে সভাপতির অনুমতিক্রমে কর্মশালার কার্যক্রমের সমাপ্ত ঘোষণা করা হয়।

৩.৫.৯ জাতীয় পর্যায়ে কর্মশালা

"বাংলাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ (সংশোধিত)" শীর্ষক সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষা প্রতিবেদনের মান উন্নয়নের লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠান (ইনোভেটিভ ইঞ্জিনিয়ার্স) কর্তৃক দাখিলকৃত ২য় খসড়া প্রতিবেদনের উপর গত ২৫.০৪.২০২৪ তারিখ রোজ বুধবার বিকাল ২.৩০ মিনিটে আইএমইডি'র সম্মেলন কক্ষে (কক্ষ নং-৩৩, ভবন নং-১২) সরাসরি উপস্থিত এবং "zoom" ভিডিও কনফারেন্সের মাধ্যমে জাতীয় পর্যায়ে কর্মশালা অনুষ্ঠিত হয়। জাতীয় কর্মশালা হতে প্রাপ্ত সুপারিশসমূহ প্রতিবেদনে যথাযথভাবে সন্নিবেশ করা হয়েছে।

৩.৫.১০ কেস স্টাডি (Case Study)

ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ডাক অধিদপ্তর অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত বালাদেশ ডাক অধিদপ্তরের সদর দপ্তর নির্মাণ (সংশোধিত)" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের ফলে নিরাপদ ও মনোরম পরিবেশে আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত অফিস কক্ষে দাপ্তরিক কাজের সুযোগ সৃষ্টিসহ জীবনমান ও কর্ম দক্ষতা বৃদ্ধি, কর্ম ক্ষেত্রে প্রশাসনিক জটিলতা হ্রাস বিষয়ে উপকারভোগীর অভিজ্ঞতার গল্প নিম্নে দেওয়া হলো।

সেবা প্রদানকারীর কেস স্টাডি-০১

নামঃ মোছাম্মৎআঞ্জুমান আরা বেগম
স্বামীর নামঃ জনাব মোঃ রুহুল আমিন
বয়ষঃ ৪০ বছর
কর্মস্থলঃ বাংলাদেশ ডাক অধিদপ্তর. আগারগাঁও, ঢাকা-১২০৭।

আমি জনাব মোছাম্মৎ আঞ্জুমান আরা বেগম, সহকারী (গ্রেড-১৩), ডাক অধিদপ্তর, ঢাকা গত ০২/১১/২০০৪ খ্রিঃ তারিখে ডাক অধিদপ্তরে যোগদান করি । আমার এক মেয়ে ও এক ছেলে । আমার স্বামী জনাব মোঃ রুহুল আমিন বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে চাকুরি করছেন। পূর্বে ডাক অধিদপ্তর ঢাকা জিপিও নামেই পরিচিত ছিল। ডাক বিভাগের ১৪টি অপারেটিং বিভাগের সাথে ডাক অধিদপ্তর একত্রিত ছিল।। ডাক অধিদপ্তর এর ভবনটি বেশ পুরাতন হওয়ায় একাধিক সমস্যা নিয়ে আমরা ঐখানে অনেক কষ্ট করে অফিস করেছি। আমরা পায়ে হেটে কিংবা রিকসা যোগে অফিস করতাম । আমরা যোগদান করার পর হতেই জানতে পারি মহাপরিচালক মহোদয়ের কার্যালয়টি আলাদাভাবে ''ডাক ভবন'' শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকায় বিনির্মান করা হবে। এর পর হতে আমরা ডাক ভবনের স্বপ্ন দেখা শুরু করি। একসময়ে প্রতীক্ষার প্রহর শেষ হয় । মাননীয় প্রধামন্ত্রীর শুভ উদ্বোধনের মাধ্যমে আমরা বিগত ১৫/০৬/২০২১খ্রিঃ তারিখে ডাক ভবনে অফিস আরম্ভ করি। অবশেষে শেষ হয় প্রতীক্ষার পালা। আলাদা বসার জায়গা পেয়েছি। ভোক্তা সাধারণের বসার জায়গা হয়েছে।

অধিদপ্তর ভবনের সুন্দর মনোরম পরিবেশে কাজ করার সুযোগের ফলে কাজের গতি আগের থেকেও অনেক বৃদ্ধি পেয়েছে। এখন আমাদের অনেক কাজের পরেও ক্লান্তি হয়না।পূর্বের তুলনায় কয়েকগুণ কাজ বেশি করতে পারছি। এখন একাধিক ফাইলের কাজ করছি। আগে আমরা পায়ে হেটে কিংবা রিকসা যোগে অফিসে আসতাম প্রায়ই পথে আমাদের দেরী হয়ে যেত । কিন্তু বর্তমানে আমাদেরকে তিনটি বিআরটিসি বাস যোগে আনা নেওয়া করা হয়। আমরা যথাসময়ে অফিসে উপস্থিত এবং সরকারী কাজ সুষ্ঠুভাবে সময়মত সম্পন্ন করতে পারি। আমরা পূর্বের থেকে এখন অনেক বেশি সেবা দিতে পারি। এখানে অনেক সুন্দর একটি লাইব্রেরী রয়েছে যা সহেজেই যে কাউকে মুগ্ধ করবে। এছাড়া রয়েছে চমৎকারভাবে নির্মিত পোস্টাল মিউজিয়াম। তাই এই নতুন ভবন এত সুন্দর আধুনিকায়ন করে বিনির্মাণের পিছনে যে বা যাদের অবদান রয়েছে তাদের প্রতি আমাদের কৃতজ্ঞতার শেষ নেই। আমাদের নতুন ভবনে আমাদের বন্ধু বান্ধব ও আত্মীয় স্বজন বেড়াতে আসলে এত সুন্দর মনোরম অফিসে চাকুরিকরি বলে বাহবা পাই। তাই নতুন ডাক ভবন আমাদের গর্ব। আমি বর্তমানে আমার কর্মস্থলের পরিবেশ নিয়ে অনেক খুশি।

সেবা গ্রহণকারীর কেস স্টাডি-০২

নামঃ জনাব মোঃ মুমিনুল হক
পিতাঃ মোঃ আনোয়ার হোসেন
বয়ষঃ ৩৮ বছর
ভোটার আইডি নং-১৯৬৭৭৮২৫৭০৭৪০০৯৪৮
ঠিকানাঃ ২৩/৮ পশ্চিমআগারগাঁও, ঢাকা-১২০৭।

আমি জনাব মোঃ মুমিনুল হক। আমার এক ছেলে ও দুই মেয়ে। আমি ২৩/৮ পশ্চিম আগারগাঁও এ পরিবার নিয়ে ভাড়া বাসায় বসবাস করি। আমার সাথে আমার অবসরপ্রাপ্ত পিতা ও থাকেন। আমার পিতা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সাবেক কর্মচারী। আমার মাতাও একজন সরকারী চাকরীজীবী ছিলেন। তিনি ২০১৯ সালে মৃত্যুবরণ করেছেন। আমার পিতা ও মাতার উভয়েরই পোস্ট অফিসে সঞ্চয়ী হিসাব খোলা আছে। আমার পিতা ও মাতার সঞ্চয়ী হিসাব জিপিও তে ছিল। মায়ের মৃত্যুর পর একমাত্র ওয়ারিশ হিসেবে আমি আমার মাতার সঞ্চয়ী হিসাবের পাওনা দাবী করে তৎকালীন জিপিও তে আবেদন করি। আবেদনটি জিপিও হতে ডাক অধিদপ্তরের প্রেরণ করা হয়। কিন্তু পরিতাপের বিষয় জিপিও তে অবস্থিত ডাক অধিদপ্তরের নিদিষ্ট শাখায় পৌছাইতে আমাকে অনেকের সাহায্যের প্রয়োজন হয়েছিল। কারণ তখন জিপিও তে ডাক অধিদপ্তরসহ ১৪টি অপারেটিং অফিসের অফিস ছিল। কোন অফিসের কোন নিদিষ্ট এরিয়া ছিল না। অফিসে জায়গার অভাবে একটার ভিতরে অন্যটার অফিস ছিল। যাহোক অনেক কষ্টের পর আমি নিদিষ্ট শাখায় পৌছাইতে সক্ষম হই। তখন আমাকে প্রায় ৯ মাস অনেক কষ্ট করে আমার কাজটি করতে হয়েছিল। কিন্তু আমার পিতার সঞ্চয়ী হিসাবটি জিপিও থেকে অধিদপ্তরের নিচ তলায় অবস্থিত পোষ্ট অফিসে স্থানান্তরের জন্য জিপিও তে একটি আবেদন করি। আবেদনটি জিপিও কর্তৃপক্ষ ২দিন পর আগারগাঁও এ অবস্থিত ডাক অধিদপ্তর ভবনে প্রেরণ করে। আমি ভবনের নিদিষ্ট শাখায় যোগাযোগ করলে মাত্র ৭দিন পর আমার পিতার সঞ্চয়ী হিসাব স্থানান্তরের পত্র পাই। বর্তমানে আমার পিতা পায়ে হেঁটে ডাক ভবনে এসে টাকা উত্তোলন এবং জমা দিতে পারছেন। ভবনে সেবা গ্রহীতাদের বিশ্রাম এবং নামাজের জায়গা থাকায় আমার পিতা নিজের কাজ নিজেই করতে পারছেন। আমি মিরপুর ১০ নং অবস্থিত একটি বেসরকারী সংস্থায় বার্তাবাহক হিসেবে চাকুরী করি। তাই অফিস ও অফিসের স্যারদের বিভিন্ন প্রয়োজনে আমাকে ডাক অধিদপ্তরসহ বিভিন্ন পোস্ট অফিসে যাতায়াত করতে হয়। আগে মিরপুর থেকে জিপিও যেতে অনেক সময়ের প্রয়োজন হতো। আবার জিপিও তে অনেক বড় লম্বা লাইন ধরে কাজ করে ফিরতে বিকেল হয়ে যেত। কারণ জিপিও তে তখন কাজের গতি ছিল কম। প্রশাসনিক অফিসকে অপারেটিং অফিস থেকে আলাদা করার ফলে উভয় অফিসের কাজের গতি বেড়েছে। তারপর আবার মেট্রোরেলের কারণে দ্রুত যাতায়াত করতে পারছি। আমারা ভোক্তা সাধারণ অতি সহজে সেবা পাচ্ছি। তাই ভবন নির্মাণে ডাক অধিদপ্তর তার নিজস্ব পরিচয়ে পরিচিত হতে পারছে। কর্মকর্তা কর্মচারীদের কাজের গতি এবং তাদের কর্ম পরিবেশ অনেকগুণে বৃদ্ধি পেয়েছে এবং ভোক্তা সাধারণের সেবার মান ও বেড়েছে।

৩.৫.১১ টেকসইকরণ সম্পর্কিত

এ প্রকল্প সমাপ্ত হওয়ার পর কিভাবে বিভিন্ন কার্যক্রম এবং প্রকল্পের ফলাফল টেকসইকরণ করা হবে সে বিষয়ে সুনিদিষ্ট দিক নির্দেশনা ডিপিপিতে থাকা প্রয়োজন ছিল। এটি না থাকায় প্রকল্প সমাপ্তির প্রায় ৫ পর বছর প্রভাব মূল্যায়ন সমীক্ষা কার্যক্রম পরিচালনায় দেখা যায় যে, প্রকল্পের ফলাফল টেকসইকরণে বাস্তবায়নকারী সংস্থাকে বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। প্রকল্পের অধীনে ভবনটির নির্মাণ সম্পূর্ণ হবার ৩ বছর পর নির্মিত ডাক অধিদপ্তরের সদর দপ্তর ভবনটি নির্মাণকারী প্রতিষ্ঠানের বহিভুক্ত হয়েছে। কিন্তু সরেজমিনে বেশ কিছু ত্রুটি পরিলক্ষিত হয় যেমন ফলস ছাদ ফিটিংস এবং এর গুণগতমান, এসির পানির নির্গমনের আলাদা পথ না রাখার ফলে এসির পানিতে রুম স্যাঁতসেতে হয়ে যাওয়া, বাথরুমের দরজার লকের কোয়ালিটি ঠিক না থাকায় অকেজো হয়ে যাওয়া বলে সরেজমিনে প্রতীয়মান হয়েছে। ভবনের অগ্নিনিরাপত্তা প্রতিরোধে পর্যাপ্ত আধুনিক সরঞ্জাম ব্যবহার করা হলেও টপ ফ্লোরের ছাদ ডাক বাক্সের ন্যায় স্টিল স্ট্রাকচারের নির্মাণ স্থাপত্য দ্বারা আবদ্ধ হওয়ায় অগ্নি দুর্ঘটনার ন্যায় আপদকালীন সময়ে উপর দিয়ে জীবন রক্ষার সুযোগ খুব ক্ষীণ। ডাক অধিদপ্তরের টেকনিক্যাল জনবলের স্বল্পতা ও ভবনটি সঠিকভাবে রক্ষণাবেক্ষণের অভাব রয়েছে।

চতুর্থ অধ্যায়
প্রকল্পের সবলদিক, দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি (SWOT) বিশ্লেষণ

৪.১ প্রকল্পের সবল দিক, দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি (SWOT) বিশ্লেষণ

যে কোন প্রকল্পের সবলদিক (Strengths) ও দুর্বলতা (Weaknesses) প্রকল্পের অভ্যন্তরীণ পরিবেশ ও ব্যবস্থাপনা নিয়ামকের সাথে জড়িত। অপর দিকে সুযোগ (Opprtunities) এবং ঝুঁকি (Threats) প্রকল্পের বাইরের নিয়ামকের সাথে সংশ্লিষ্ট। সেকেন্ডারি তথ্য/উপাত্ত সংগ্রহ এবং তথ্য/উপাত্ত পর্যালোচনা এবং মাঠ পর্যায়ে প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন তথ্য/উপাত্ত সংগ্রহের পাশাপাশি সরেজমিনে নির্মাণ কাজের গুণগত মান পর্যবেক্ষণ করা হয়েছে। প্রাপ্ত তথ্য/উপাত্তের ভিত্তিতে নিম্নে প্রকল্পটির SWOT বিশ্লেষণ করা হলো-

৪.১.১ প্রকল্পের সবল দিক (Strengths)	৪.১.২ প্রকল্পের দুর্বল দিক (Weaknesses)
▪ প্রকল্পে নিবিঘ্ন অর্থ বরাদ্দ অব্যাহত ছিল। ▪ প্রকল্পের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছিল। ▪ ডাক অধিদপ্তরের নিজস্ব জমিতে প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে। ▪ নীতি নির্ধারক পর্যায়ে প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়ন বিষয়ে একটি শক্তিশালী অঙ্গীকার ছিল। ▪ প্রকল্পটি বাংলাদেশ সরকারের নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত হয়েছে। ▪ ডাক অধিদপ্তরের সিভিল প্রকৌশলীর মাধ্যমে নির্মাণ কাজের মনিটরিং।	▪ প্রকল্প পরিচালক নিয়োগে বিলম্ব এবং দুইবার প্রকল্প পরিচালক পরিবর্তন করা। ▪ প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় প্রাক্কলন যথাযথ ছিল না। ▪ লগফ্রেমে বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশকে কোন সময় বা পরিমাণ উল্লেখ না করা। ▪ প্রকল্প বাস্তবায়নে জনবল সমস্যা। ▪ প্রকল্প শেষে মাত্র একবার অডিট করা। ▪ পিআইসি এবং পিএসসি সভা প্রয়োজনের তুলনায় কম করা।
৪.১.৩ প্রকল্পের সুযোগ (Opprtunities)	**৪.১.৪ প্রকল্পের ঝুঁকি (Threats)**
▪ প্রকল্প সাইটটি প্রশস্ত রাস্তার পার্শ্বে হওয়ায় নির্মাণ সামগ্রী পরিবহন সহজতর ছিল।	▪ প্রকল্প সাইটটি অফিস পাড়ায় হওয়ায় দিনের বেলায় নির্মাণ সামগ্রী পরিবহনে সমস্যা। ▪ ভূমিকম্প ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগ।

পর্যালোচনা

৪.১.১ প্রকল্পের সবলদিকসমূহ

- প্রকল্পের আওতায় প্রয়োজনীয় অর্থের সংস্থান ছিল এবং যথাসময়ে অর্থছাড় হয়েছে। প্রকল্পের অর্থায়ন ও অর্থছাড় সংক্রান্ত দলিলাদি পর্যালোচনায় তা প্রতীয়মান হয়েছে।

- প্রকল্পের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছিল। ৪টি অর্থ বছরের জন্য সুনিদিষ্ট কর্মপরিকল্পনা ছিল।
